قَالَ الْمُشْتَرِيْ: اَلثَّمَنُ غَالٍ.

قَالَ أَحْمَدُ: هٰذَا صَحِيْحٌ.. وَلٰكِنَّ لِهٰذِهِ الدَّارِ جَارٌ طَيِّبٌ كَرِيْمٌ، اِسْمُهُ سَالِمٌ يَزُوْرُنِي إِذَا مَرِضْتُ.. وَيَسْأَلُ عَنِّيْ إِذَا عُوْفِيْتُ.. وَيَفْرَحُ إِذَا فَرِحْتُ وَيَحْزَنُ إِذَا أُصِبْتُ ..لَمْ أَسْمَعْ مِنْهُ كَلِمَةً سَيِّئَةً قَطُّ.

فَقَالَ الْمُشْتَرِيْ: إِنَّ مَنْ لَهُ جَارٌ كَسَالِمٍ فَلَا حَاجَةَ لَهُ إِلَى أَنْ يَبِيْعَ دَارَهُ.

عِنْدَ مَا وَصَلَ إِلَى سَالِمٍ هٰذَا الْخَبَرُ ، قَالَ لَهُ: لَا تَبِعْ دَارَكَ يَا أَخِيْ، وَخُذْ مَا أَنْتَ تَحْتَاجُ إِلَيْهِ مِنَ الْمَالِ؛ فَإِنِّيْ أُرِيْدُ أَنْ تَبْقٰى جَارًا لِي .

وَلَمَّا سَمِعَ أَهْلُ الْمَدِيْنَةِ بِقِصَّةِ أَحْمَدَ وَسَالِمٍ فَفَرِحُوْا .. وَقَالُوْا لَوْ كَانَ كُلُّ الْجِيْرَانِ مِثْلَ أَحْمَدَ وَسَالِمٍ.

مَعَانِي الْمُفْرَدَاتِ :

اَلْكَلِمَةُ	مَعْنَاهَا	اَلْكَلِمَةُ	مَعْنَاهَا
كَرِيْمٌ	দানশীল	اَلْأَصْدِقَاءُ	বন্ধুগণ
طَيِّبُ الْقَلْبِ	সুহৃদ	تُرِيْدُ	তুমি চাও
اِشْتَدَّتْ حَاجَتُهُ	তার অভাববোধ বৃদ্ধি পেল	ثَمَنٌ	দাম
لَمْ يَجِدْ	পেল না	اَلْمُسَاعَدَةُ	সাহায্য
قَامَ بِنُصْرَتِهِ	তার সাহায্যে এগিয়ে আসবে	يَزُوْرُنِي	তিনি আমার দেখাশুনা করেন

اَلْكَلِمَةُ	مَعْنَاهَا	اَلْكَلِمَةُ	مَعْنَاهَا
قَرَّرَ	মনস্থ করলেন	كَلِمَةٌ سَيِّئَةٌ	মন্দ কথা
مَرِضْتُ	আমি অসুস্থ হলাম	يَسْأَلُ	তিনি জানতে চান
يَبِيْعُ	বিক্রয় করে	عُوْفِيْتُ	আমি সুস্থ থাকি
يَفْرَحُ	তিনি আনন্দিত হন	يَحْزَنُ	তিনি চিন্তাগ্রস্ত হন
لَمْ أَسْمَعْ	আমি শুনিনি	قَطُّ	কখনো
وَصَلَ	পৌঁছল	أُصِبْتُ	বিপদগ্রস্ত হই
تَبْقَى	তুমি থেকে যাবে	تَحْتَاجُ	তোমার প্রয়োজন হবে

تَدْرِيْبَاتٌ

أ- أَجِبْ عَنِ الأَسْئِلَةِ التَّالِيَةِ شَفَهِيًّا وَكِتَابَةً :

١- مَنْ هُوَ سَالِمٌ؟

٢- مَا اسْمُ جَارِ سَالِمٍ؟

٣- إِلَى مَا اشْتَدَّتْ حَاجَةُ أَحْمَدَ؟

٤- مَاذَا قَرَّرَ أَحْمَدُ ؟

٥- كَمْ أَرَادَ أَحْمَدُ ثَمَنًا لِلدَّارِ ؟

٦- مَاذَا يَعْمَلُ سَالِمٌ إِذَا مَرِضَ أَحْمَدُ ؟

٧- مَاذَا لَمْ يَسْمَعْ أَحْمَدُ مِنْ سَالِمٍ؟

٨- مَاذَا فَعَلَ سَالِمٌ بَعْدَ مَا وَصَلَ الْـخَبَـرُ؟

٩- مَاذَا تَتَعَلَّمُ مِنْ هٰذِهِ الْقِصَّةِ؟

ب-ضَعْ عَلامَةَ (√) أَمَامَ الصَّوَابِ وَ(×) أَمَامَ الْخَطَأِ :

١- كَانَ سَالِمٌ رَجُلاً كَرِيْمًا طَيِّبَ الْقَلْبِ.

٢- قَرَّرَ أَحْمَدُ أَنْ لَا يَبِيْعَ دَارَهُ.

٣- يَزُوْرُ سَالِمٌ إِذَا مَرِضَ أَحْمَدُ.

٤- لَمْ يَسْمَعْ سَالِمٌ كَلِمَةً سَيِّئَةً مِنْ أَحْمَدَ.

٥- كَانَ سَالِمٌ حَافِظًا لِحُقُوْقِ الْجِيْرَانِ.

ج- اِمْلَأْ الْفَرَاغَ بِالْكَلِمَاتِ الْمُنَاسَبَةِ :

١- كَانَ .... رَجُلاً كَرِيْمًا طَيِّبَ الْقَلْبِ

أ- سَالِمٌ

ب- أَحْمَدُ

ج- الْمُشْتَرِي

٢- .... حَاجَتُهُ إِلَى النُّقُوْدِ.

أ- أَرَادَتْ

ب- قَرَّرَتْ

ج- اِشْتَدَّتْ

٣- قَرَّرَ أَحْمَدُ أَنْ .... دَارَهُ.

أ- يَشْتَرِيْ

ب- يَبِيْعَ

ج- يَقْرُضَ

٤- أُرِيْدُ ....

أ- أَلْفَ دِيْنَارٍ

ب- خَمْسَمِائَةِ دِيْنَارٍ

ج- أَلْفَ تَاكَا

٥- يَفْرَحُ سَالِمٌ إِذَا ....

أ- مَرِضْتُ

ب- عُوْفِيْتُ

ج- فَرِحْتُ

د- هَاتِ جُمَلًا مُفِيْدَةً بِالْكَلِمَاتِ التَّالِيَةِ مِنْ عِنْدِكَ:

١- جَارٌ : ....

٢- اَلْمَالُ : ....

٣- أُرِيْدُ : ....

٤- مَرِضْتُ : ....

٥- اَلْمُشْتَرِيْ : ....

٦- اَلثَّمَنُ : ....

ه- اِسْتَبْدِلِ الْعَدَدَ :

اَلْمُفْرَدُ	اَلْجَمْعُ
جَارٌ	-------
فَقِيْرٌ	-------
-------	اَلْمُشْتَرِيْنَ
دَارٌ	-------
-------	اَلأَيَّامُ

هـ. غَيِّرِ الْأَلْفَاظَ إِلَى الْجُمُوْعِ ثُمَّ أَكْمِلِ الْجُمَلَ كَمَا فِي الْمِثَالِ :

اَلْمِثَالُ : (اَلْمُشْتَرِيْ) :

س : قَالَ أَحَدُ .... : كَمْ تُرِيْدُ ثَمَنًا لِلدَّارِ يَا أَحْمَدُ!

ج : قَالَ أَحَدُ الْمُشْتَرِيْنَ : كَمْ تُرِيْدُ ثَمَنًا لِلدَّارِ يَا أَحْمَدُ!

١- (اَلْمُحْتَاجُ)

س : قَالَ أَحَدُ .... : أُرِيْدُ الْمَالَ لِلْعِلاَجِ .

ج : ....

٢- (اَلْمُؤْمِنُ)

س : قَالَ أَحَدُ .... : آمَنْتُ بِاللهِ وَبِرَسُوْلِهِ .

ج : ....

٣- (اَلطَّالِبُ)

س : قَالَ أَحَدُ .... : لَبَّيكَ يَا أُسْتَاذُ! .

ج : ....

٤- (اَلْفَقِيْرُ)

س : قَالَ أَحَدُ .... : أُرِيْدُ أَنْ تَبْقَى جَارًا لِي.

ج : ....

اَلدَّرْسُ الرَّابِعُ عَشَرَ

اَلْمَسْجِدُ الأَقْصٰى

اَلْمَسْجِدُ الْأَقْصٰى هُوَ أَوّلُ قِبْلَةٍ صَلّٰى نَحْوَهَا النَّبِيُّ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- سِتَّةَ عَشَرَ أَوْ سَبْعَةَ عَشَرَ شَهْراً ، وَثَالِثُ أَفْضَلِ الْمَسَاجِدِ ثَوَاباً بَعْدَ الْمَسْجِدِ الْحَرَامِ، وَالْمَسْجِدِ النَّبَوِيِّ، فَثَوَابُ الرَّكْعَةِ الْوَاحِدَةِ فِيْهِ يُسَاوِىْ ثَوَابَ خَمْسِ مِأَةِ رَكْعَةٍ فِي غَيْرِ هٰذِهِ الْمَسَاجِدِ الثَّلَاثَةِ.

وَقَدْ أَمَرَ النَّبِيُّ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- اَلْمُسْلِمِيْنَ بِزِيَارَتِهِ وَأَدَاءِ الصَّلَاةِ فِيْهِ.

وَمِنْ هٰذَا الْمَسْجِدِ عُرِجَ النَّبِيُّ مُحَمَّدٌ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- إِلَى السَّمَاءِ وَفِيْهِ صَلَّى النَّبِيُّ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- بِالْأَنْبِيَاءِ، ورَبط فِي حَائِطِهِ دَابَّتَهُ (الْبُرَاقَ) فسُمِّيَ (حَائِط البُرَاقِ).

وبَنَاهُ سَيِّدُنَا إِبْرَاهِيْمُ بَعْدَ أَنْ بَنَى الْمَسْجِدَ الْحَرَامَ، ثُمَّ أَعَادَ بِنَاءَهُ الْخَلِيْفَةُ الْوَلِيْدُ بنُ عَبْدِ الْمَلِكِ.

مَعَانِي الْمُفْرَدَاتِ :

اَلْكَلِمَةُ	مَعْنَاهَا	اَلْكَلِمَةُ	مَعْنَاهَا
قِبْلَةٌ	কিবলা	رَبَطَ	সংযোগ স্থাপন করেন
ثَوَاباً	সাওয়াবের দিক থেকে	عُرِجَ	উপরে উঠিয়ে নেন
بِزِيَارَتِهِ	উহা পরিদর্শনের	بِالْأَنْبِيَاءِ	নবিগণের সাথে
حَائِطُهُ	উহার দেয়ালে	دَابَّتَهُ	তার বাহন
بَنَاهُ	উহা নির্মাণ করেন	أَعَادَ	পুনঃনির্মাণ করেন
يُسَاوِيْ	সমান হবে	سُمِّيَ	নামকরণ করা হয়েছে
اَلْمَزْعُوْمَ	ধারণাকৃত	يَخْشَوْنَ	তারা ভয় পেল

تَدْرِيْبَاتٌ

أ- أَجِبْ عَنِ الأَسْئِلَةِ التَّالِيَةِ شَفَهِيًّا وَكِتَابَةً :

١- مَا هُوَ أَوَّلُ قِبْلَةِ الْمُسْلِمِيْنَ ؟

٢- كَمْ مُدَّةً صَلَّى النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ الْمَسْجِدِ الأَقْصَى ؟

٣- أُكْتُبِ الْمَسَاجِدَ الثَّلاَثَةَ الْجَلِيْلَةَ فِي الْعَالَمِ ؟

٤- مَاذَا أَمَرَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْمَسْجِدِ الأَقْصَى ؟

٥- أَيْنَ رَبَطَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْبُرَاقَ فِي الإِسْرَاءِ ؟

٦- مَنْ بَنَى الْمَسْجِدَ الأَقْصَي أَوَّلاً ؟

ب-ضَعْ عَلاَمَةَ (√) أَمَامَ الصَّوَابِ وَ(×) أَمَامَ الْـخَطَإِ :

١- اَلْكَعْبَةُ الْمُشَرَّفَةُ هِيَ أَوَّلُ قِبْلَةٍ فِي الإِسْلاَمِ.

٢- اَلْمَسْجِدُ النَّبَوِيُّ أَفْضَلُ الْمَسَاجِدِ بَعْدَ الْمَسْجِدِ الْحَرَامِ.

٣- قَدْ أَمَرَ النَّبِيُّ الْمُسْلِمِيْنَ بِزِيَارَةِ الْمَسْجِدِ الأَقْصَى .

٤- صَلَّى النَّبِيُّ بِالأَنْبِيَاءِ فِي الْمَسْجِدِ الْحَرَامِ.

٥- بَنَاهُ إِبْرَاهِيْمُ بَعْدَ أَنْ بَنَى الْمَسْجِدَ الْحَرَامَ.

ج- اِمْلَأْ الْفَرَاغَ بِالْكَلِمَاتِ الْمُنَاسِبَةِ :

١- صَلَّى النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ................. سِتَّةَ عَشَرَ شَهْرًا

٢- رَبَطَ اللهُ بَيْنَ .... والْمَسْجِدِ الْحَرَامِ فِي الْإِسْرَاءِ.

٣- صَلَّى النَّبِيُّ صَلَّى اللهُ عليهِ وسلَّمَ بِالأَنْبِيَاءِ فِي ....

٤- رَبَطَ الْبُرَاقَ بِحَائِطِ ....

٥- أعَادَ بِنَاءَهُ الْمَسْجِدَ الأَقْصَى ....

د- هَاتِ جُـمَلًا مُفِيْدَةً بِالْكَلِمَاتِ التَّالِيَةِ مِنْ عِنْدِكَ:

١- قِبْلَةٌ : ....

٢- اَلْمَسَاجِدُ : ....

٣- اَلرَّكْعَةُ : ....

٤- اَلصَّلَاةُ : ....

٥- اَلْبُرَاقُ : ....

٦- اَلْخَلِيْفَةُ : ....

هـ- اِسْتَبْدِلِ الْعَدَدَ :

اَلْمُفْرَد	اَلْـجَمْعُ
-------	اَلْمَسَاجِدُ
اَلرَّكْعَةُ	-------
مُعْجِزَةٌ	-------
اَلنَّبِيُّ	-------
اَلْخَلِيْفَةُ	-------
هَيْكَلٌ	-------

و- حَوِّلِ الْأَفْعَالَ بِالْفَاعِلِ الْمُنَاسِبِ كَمَا فِي الْمِثَالِ :

مِثَالٌ : خَرَجَ أَحْمَدُ مِنَ الْبَيْتِ . خَرَجَتْ خَدِيْجَةُ مِنَ الْبَيْتِ . (خَدِيْجَةُ بَدَلَ أَحْمَدَ)

١- ذَهَبَ الْمُدَرِّسُ إِلَـى الْفَصْلِ . ... (اَلْمُدَرِّسَةُ)

٢- حَضَرَ أَبِي إِلَـى الْمُسْتَشْفٰى . ... (أُمِّيْ)

٣- جَلَسَ الطَّالِبُ عَلَى الْكُرْسِيِّ . ... (اَلطَّالِبَةُ)

٤- طَبَخَ خَالِدٌ اللَّحْمَ . ... (رَابِعَةُ)

٥-دَرَسَ أَخِيْ فِي الصَّفِّ الْخَامِسِ . ... (أُخْتِيْ)

اَلدَّرْسُ الْخَامِسُ عَشَرَ

اَلْمُسَابَقَةُ الثَّقَافِيَّةُ

(الف) مَيْمُوْنَةُ طَالِبَةٌ ذَكِيَّةٌ مُطِيْعَةٌ . وَهِيَ تَدْرُسُ فِي الصَّفِّ الْخَامِسِ مِنَ الْمَدْرَسَةِ الْعَالِيَةِ بِدَاكَا. وَلَهَا أَخٌ صَغِيْرٌ اِسْمُهُ مَهْدِيٌّ. هُوَ ذَهَبَ إِلَى مَدْرَسَةِ أُخْتِهَا لِرُؤْيَةِ الْمُسَابَقَةِ الرِّيَاضِيَّةِ وَالثَّقَافِيَّةِ السَّنَوِيَّةِ مَعَ أُمِّهَا فَاطِمَةَ.

(ب) شَارَكَتْ مَيْمُوْنَةُ فِي مُسَابَقَةِ تِلَاوَةِ الْقُرْآنِ الْكَرِيْمِ وتَلَتْ ثَلَاثَ آيَاتٍ مِنَ سُوْرَةِ الرَّحْمٰنِ فَصَارَتْ أُوْلٰى فِي الْمُشْتَرِكَاتِ . وَزَمِيْلَتُهَا آسِفَةُ صَارَتْ ثَانِيَةً. ثُمَّ شَارَكَتْ

مَيْمُوْنَةُ فِي مُسَابَقَةِ الْمَعَارِفِ الْعَامَّةِ شَفَهِيًّا، حَيْثُ سَأَلَتْهَا الْمُعَلِّمَةُ : كَمْ فَرْضًا لِلْوُضُوْءِ؟ أَجَابَتْ مَيْمُوْنَةُ : أَرْبَعَةٌ . ثُمَّ سَأَلَتْ اَيْضًا : مَتَى كَانَتْ حَجَّةُ الْوَدَاعِ؟ أَجَابَتْ فَاطِمَةُ : كَانَتْ حَجَّةُ الوَدَاعِ فِي الْعَامِ الْعَاشِرِ لِلْهِجْرَةِ. ثُمَّ سَأَلَتْ أَخِيْرًا : كَمْ رَقْمًا لِسُوْرَةِ إِبْرَاهِيْمَ؟ أَجَابَتْ نَافِعَةُ : رَقْمُهَا الرَّابِعَةُ عَشْرَةَ.

مَعَانِي الْمُفْرَدَاتِ :

اَلْكَلِمَةُ	مَعْنَاهَا	اَلْكَلِمَةُ	مَعْنَاهَا
مُطِيْعَةٌ	অনুগত	ذَكِيَّةٌ	মেধাবী
تَدْرُسُ	অধ্যয়ন করে	تَلَتْ	তিলাওয়াত করল
اَلسَّنَوِيَّةُ	বার্ষিক	اَلْمُسَابَقَةُ	প্রতিযোগিতা
اَلْمُسَابَقَةُ الرِّيَاضِيَّةُ	ক্রীড়া প্রতিযোগিতা	شَارَكَتْ	অংশগ্রহণ করল
زَمِيْلُهَا	তার বান্ধবী	مُسَابَقَةُ الْمَعَارِفِ الْعَامَّةِ	সাধারণ জ্ঞান প্রতিযোগিতা
وَقَعَتْ	সংঘটিত হয়	مَعْرَكَةٌ	যুদ্ধক্ষেত্র

تَدْرِيْبَاتٌ

أ- أَجِبْ عَنِ الأَسْئِلَةِ التَّالِيَةِ شَفَهِيًّا وَكِتَابَةً :

١- أَيْنَ تَدْرُسُ مَيْمُوْنَةُ ؟

٢- مَا اسْمُ أَخِيْهَا ؟

٣- لِمَاذَا ذَهَبَ مَهْدِيٌّ إِلٰى مَدْرَسَةِ أُخْتِهَا ؟

٤- كَمْ فَرْضًا لِلْوُضُوْءِ؟

٥- مَتٰى كَانَتْ حَجَّةُ الْوَدَاعِ؟

ب-ضَعْ علاَمَةَ (√) أَمَامَ الصَّوَابِ وَ(×) أَمَامَ الْخَطَأِ :

١- مَهْدِيٌّ يَدْرُسُ فِي الْفَصْلِ الْخَامِسِ .

٢- لَمْ يَذْهَبْ مَهْدِيٌّ إِلٰي مَدْرَسَةِ أُخْتِهَا.

٣- تَلَتْ مَيْمُوْنَةُ أَرْبَعَ آيَاتٍ مِنَ الْقُرْآنِ الْكَرِيْمِ.

٤- شَارَكَتْ مَيْمُوْنَةُ فِي مُسَابَقَةِ الْمَعَارِفِ الْعَامَّةِ شَفَهِيًّا.

٥- كَانَتْ حَجَّةُ الوداعِ فِي الْعَامِ الْعَاشِرِ لِلْهِجْرَةِ.

ج- اِمْلَأُ الْفَرَاغَ بِالْكَلِمَاتِ الْمُنَاسَبَةِ :

١- مَيْمُوْنَةُ طَالِبَةٌ ....

٢- تَلَتْ مَيْمُوْنَةُ .... مِنْ سُوْرَةِ الرَّحْـمٰنِ.

٣- زَمِيْلُهَا آسِفَةُ صَارَتْ .... فِي الْمُسَابَقَةِ.

٤- صَارَتْ .... أُوْلٰى فِي مُسَابَقَةِ التِّلَاوَةِ.

د- اِسْتَبْدِلِ الْعَدَدَ :

اَلْمُفْرَدُ	اَلْمَجْمُوْعُ
طَالِبَةٌ	-------
اَلصَّفُّ	-------
أَخٌ	-------
-------	اَلْمُعَلِّمَاتُ
مَعْرَكَةٌ	-------
اَلسُّوْرَةُ	-------
اَلشَّهْرُ	-------

ه- اَلأَعْدَادُ :

اَلْعَدَدُ الْكَسْرِيُّ		اَلْعَدَدُ التَّرْتِيْبِيُّ		اَلْعَدَدُ الأَصْلِيُّ	
--	--	اَلْأَوَّلُ	প্রথম	وَاحِدٌ	এক
نِصْفٌ	অর্ধাংশ	اَلثَّانِيْ	দ্বিতীয়	اِثْنَانِ	দুই
ثُلُثٌ	একতৃতীয়াংশ	اَلثَّالِثُ	তৃতীয়	ثَلَاثَةٌ	তিন
رُبُعٌ	একচতুর্থাংশ	اَلرَّابِعُ	চতুর্থ	أَرْبَعَةٌ	চার
خُمُسٌ	একপঞ্চমাংশ	اَلْخَامِسُ	পঞ্চম	خَمْسَةٌ	পাঁচ
سُدُسٌ	একষষ্ঠাংশ	اَلسَّادِسُ	ষষ্ঠ	سِتَّةٌ	ছয়
سُبُعٌ	একসপ্তমাংশ	اَلسَّابِعُ	সপ্তম	سَبْعَةٌ	সাত
ثُمُنٌ	একঅষ্টমাংশ	اَلثَّامِنُ	অষ্টম	ثَمَانِيَةٌ	আট
تُسُعٌ	একনবমাংশ	اَلتَّاسِعُ	নবম	تِسْعَةٌ	নয়
عُشُرٌ	একদশমাংশ	اَلْعَاشِرُ	দশম	عَشَرَةٌ	দশ

و- اَلْوَاجِبُ الْمَنْزِلِيُّ :

أُكْتُبْ أَسْمَاءَ الأَشْهُرِ الْعَرَبِيَّةِ.

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ

আরবি কাওয়াইদ

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ
আরবি কাওয়াইদ

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ-এর পরিচয় : যেসব নিয়মনীতির মাধ্যমে আরবি ভাষার مُفْرَدْ তথা একক শব্দ ও مُرَكَّبْ তথা একাধিক مُفْرَدْ দ্বারা গঠিত বাক্য বা বাক্যাংশ সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন করত আরবী ভাষা শুদ্ধরূপে লিখতে, পড়তে ও বলতে পারা যায়, ঐগুলোকে اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ তথা আরবি কাওয়াইদ বলে।

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ-এর প্রয়োজনীয়তা : আরবি ভাষা স্বয়ং আল্লাহ রাব্বুল আলামীনের পক্ষ থেকে কুরআন ও সুন্নাহর ভাষা রূপে নির্বাচিত হয়েছে। সেহেতু আরবি ভাষার সাধারণ জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের ইমানি দায়িত্ব। আর যারা দীন ও শরীয়তের আলেম হবেন এবং কুরআন-সুন্নাহ ও শরীয়তের ইলমের ধারক-বাহক, রক্ষক ও পতাকাবাহী হবেন তাদের জন্যে আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জনের পর ভাষার শাস্ত্রীয় ও তত্ত্বগত জ্ঞান অর্জন করা অপরিহার্য। اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ-এর প্রয়োজনীয়তা ও গুরুত্বের আলোকে ওলামায়ে কেরাম যুগে যুগে অসংখ্য গ্রন্থ রচনা করেছেন। যা বিশ্বের যে কোনো জাতির হৃদয়ে সশ্রদ্ধ বিস্ময় উদ্রেক করা ও এ শাস্ত্রের গুরুত্ব উপলব্ধি করার জন্যে যথেষ্ট।

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ-এর প্রকার : আরবি কাওয়াইদ বিষয় পূর্ণ জ্ঞানার্জনের জন্য নিম্নোক্ত পাঁচটি কাওয়াইদ জানা প্রয়োজন। তাহলো–

১. عِلْمُ الْإِمْلَاءِ : বর্ণপ্রকরণ (Orthography)
২. عِلْمُ الصَّرْفِ : শব্দপ্রকরণ (Etymology)
৩. عِلْمُ النَّحْوِ : বাক্যপ্রকরণ (Syntax)
৪. عِلْمُ الْبَلَاغَةِ : অলঙ্কারশাস্ত্র (Puntuation)
৫. عِلْمُ الْعَرُوْضِ : ছন্দ প্রকরণ (Prosody)

اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ -এর সমুদয় প্রকার থেকে প্রাথমিক শিক্ষার্থীদের প্রথমোক্ত তিনটি قَوَاعِدْ-এর জ্ঞানার্জন করা অতীব জরুরি। আরবি ভাষা ও ব্যাকরণ শিখতে আগ্রহী শিক্ষার্থীকে আরবি ভাষায় অধিক দক্ষতা অর্জনের জন্যে সর্বপ্রথম عِلْمُ الإِمْلاَءْ তথা বর্ণ প্রকরণ শাস্ত্র শিখতে হবে। অতঃপর عِلْمُ الصَّرْفِ এবং পাশাপাশি عِلْمُ النَّحْوِ শিখতে হবে। অন্যগুলো প্রথম পর্যায়ের পরে শিখতে হবে।

اَلْبَابُ الْأَوَّلُ

প্রথম অধ্যায়

عِلْمُ الصَّرْفِ : ইলমে ছরফ

عِلْمُ الصَّرْفِ-এর পরিচয় : যে عِلْمْ শিক্ষা করলে আরবি শব্দের মূল গঠন পদ্ধতি ও রূপান্তরের নিয়মাবলি জানা যায়, তাকে عِلْمُ الصَّرْفِ বলে। যেমন-

اَلنَّصْرُ মাসদার হতে - نَصَرَ ، يَنْصُرُ রূপান্তর হয়েছে।

অনুরূপভাবে اَلْقَوْلُ মাসদার হতে- قَالَ ، يَقُوْلُ রূপান্তর হয়েছে।

মোটকথা, যে নিয়ম-কানুন দ্বারা শব্দের গঠন ও রূপান্তর জানা যায়, সেই নিয়ম-কানুনকে عِلْمُ الصَّرْفِ বলে।

عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয় : যেসব আরবি শব্দ বিভিন্ন পরিবর্তন গ্রহণ করে সেগুলোই হলো عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয়। যেমন- اَلنَّصْرُ একটি পরিবর্তনযোগ্য مَصْدَرْ তাতে পরিবর্তন ঘটিয়ে نَصَرَ ফে'লটি তৈরি করা হয়। অনুরূপ نَصَرَ একটি পরিবর্তনযোগ্য فِعلْ তাতে পরিবর্তন ঘটিয়ে يَنْصُرُ ফে'লটি তৈরি করা হয়। সুতরাং এ শব্দগুলো عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয়।

পক্ষান্তরে, جَعْفَرُ ও عِيْسٰى ইত্যাদি শব্দগুলো পরিবর্তন গ্রহণ করে না। তাই এগুলো عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয় নয়।

মোটকথা, পরিবর্তনযোগ্য اِسمْ ও فِعلْ হলো عِلْمُ الصَّرْفِ -এর আলোচ্য বিষয়।

عِلْمُ الصَّرْفِ-এর উদ্দেশ্য : আরবি শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভ্রান্তি থেকে রক্ষা করাই عِلْمُ الصَّرْفِ -এর উদ্দেশ্য।

عِلْمُ الصَّرْفِ নামকরণের কারণ : صَرْفٌ শব্দের অর্থ ঘুরানো, ফিরানো ও বিভিন্নরূপে পরিবর্তন ও রূপান্তরিত হওয়া। আর যেহেতু এ عِلْم-এর মধ্যে আরবি শব্দের গঠন পদ্ধতি ও বিভিন্নরূপে রূপান্তরের নিয়মাবলি সম্পর্কে আলোচনা করা হয়। এজন্যে একে عِلْمُ الصَّرْفِ নামে নামকরণ করা হয়েছে।

عِلْمُ الصَّرْفِ-এর প্রয়োজনীয়তা : কোনো ভাষা ও সাহিত্যে দক্ষতা অর্জন করতে হলে উক্ত ভাষার শব্দভাণ্ডার, শব্দের উৎস ও রূপান্তর পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। আর عِلْمُ الصَّرْفِ হলো আরবি ভাষার শব্দসমূহের উৎস। সুতরাং আরবি ভাষা ও সাহিত্যে عِلْمُ الصَّرْفِ -এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। ভাষার শব্দ কাঠামোর বিশুদ্ধতা রক্ষার জন্যে عِلْمُ الصَّرْفِ শাস্ত্রের কোনো বিকল্প নেই। তাই শিক্ষার্থীদেরকে অবশ্যই عِلْمُ الصَّرْفِ অধ্যয়ন করতে হবে এবং তাতে গভীর জ্ঞান অর্জন করতে হবে।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। اَلْقَوَاعِدُ الْعَرَبِيَّةُ কাকে বলে? এর প্রয়োজনীয়তা বর্ণনা করো।

২। আরবি কাওয়াইদ বিষয় পূর্ণ জ্ঞানার্জনের জন্য কয়টি বিষয় জানা জরুরি? উহার নামগুলো লেখ।

৩। عِلْمُ الصَّرْفِ কাকে বলে? এর উদ্দেশ্য ও আলোচ্য বিষয় লেখ।

اَلدَّرْسُ الأَوَّلُ : প্রথম পাঠ

اَلْكَلِمَةُ وَ أَقْسَامُهَا

কলেমা ও এর প্রকার

উদাহরণ

(الف)		(ب)		(ج)	
رَفِيْقٌ	রফিক	جَاءَ	সে আসলো	مِنْ	হতে/থেকে
حِمَارٌ	গাধা	يَذْهَبُ	সে যাবে	إِلَى	প্রতি/দিকে
كِتَابٌ	বই	أُدْخُلْ	তুমি প্রবেশ কর	فِي	মধ্যে
سُوْرِيَا	সিরিয়া	لَا تَنَمْ	তুমি ঘুমাবে না	عَلَى	উপর

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি শব্দের এক একটি অর্থ রয়েছে। যেমন- (الف) অংশের শব্দগুলোর অর্থ দ্বারা কোনো কিছুর নাম বুঝিয়েছে এবং এতে কোনো কাল পাওয়া যায় না। (ب) অংশের শব্দসমূহের অর্থে কাল পাওয়া যায়। আর (ج) অংশের শব্দসমূহ অন্য শব্দের সাথে মিলিত না হয়ে নিজের অর্থ প্রকাশ করতে পারে না।

নিয়মাবলি

كَلِمَةٌ-এর পরিচয় : كَلِمَةٌ অর্থ- শব্দ। বাংলা ব্যাকরণে এটির নাম 'পদ'। পরিভাষায়, অর্থবোধক শব্দকে كَلِمَةٌ বলে। আরবিতে একে لَفْظٌ ও বলা হয়। এর গঠন বিভিন্নভাবে হতে পারে-

كَلِمَةٌ একটি মাত্র অক্ষরের হতে পারে। যেমন- لِ অর্থ- 'জন্য', أَ অর্থ- 'কি'।

كَلِمَةٌ দুটি অক্ষরেরও হতে পারে। যেমন- هل অর্থ- কি, بل অর্থ- বরং,

كَلِمَةٌ তিন ও ততোধিক অক্ষরেরও হতে পারে। যেমন- قَلَمٌ অর্থ- 'কলম', ضَرَبَ অর্থ- মারলো, اَكْرَمَ অর্থ- সম্মান করলো ইত্যাদি।

كَلِمَةٌ-এর প্রকার : كَلِمَةٌ তিন প্রকার। যথা-

১. اِسْمٌ -বিশেষ্য/বিশেষণ/সর্বনাম, ২. فِعْلٌ -ক্রিয়া ও ৩. حَرْفٌ -অব্যয়

১. اِسْمٌ-এর সংজ্ঞা : যে كَلِمَةٌ অন্য কোনো كَلِمَةٌ -এর সাহায্য ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে এবং তার অর্থের মধ্যে অতীত, বর্তমান ও ভবিষ্যত, এ তিন কালের কোনো কাল পাওয়া যায় না, তাকে اِسْمٌ বলে। যেমন- كِتَابٌ، حِمَارٌ ও رَفِيْقٌ ইত্যাদি।

২. فِعْلٌ-এর সংজ্ঞা : যে كَلِمَةٌ অন্য কোনো كَلِمَةٌ -এর সাহায্য ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে; তবে তার অর্থ অতীত, বর্তমান ও ভবিষ্যতকালের সাথে যুক্ত হয়, তাকে فِعْلٌ বলে। যেমন- دَخَلَ، يَذْهَبُ، اُنْصُرْ ইত্যাদি।

৩. حَرْفٌ-এর সংজ্ঞা : যে كَلِمَةٌ কোনো اِسْمٌ অথবা فِعْلٌ -এর সাথে মিলিত না হয়ে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না, তাকে حَرْفٌ বলা হয়। যেমন– مِنْ - থেকে, فِيْ - মধ্যে, إِلٰى -দিকে, عَلٰى - ওপর ইত্যাদি।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। كَلِمَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। كَلِمَةٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৩। اِسْمٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। فِعْلٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৫। حَرْفٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

اَلدَّرْسُ الثَّانِيْ : দ্বিতীয় পাঠ

اَلزَّمَانُ وَأَقْسَامُهُ

যামান ও এর প্রকার

উদাহরণ

(الف)		(ب)		(ج)	
فَعَلَ	সে করলো	يَفْعَلُ	সে করছে	يَفْعَلُ	সে করবে
دَخَلَ	সে প্রবেশ করলো	يَدْخُلُ	সে প্রবেশ করছে	يَدْخُلُ	সে প্রবেশ করবে
نَصَرَ	সে সাহায্য করলো	يَنْصُرُ	সে সাহায্য করছে	يَنْصُرُ	সে সাহায্য করবে

আলোচনা

উপরের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর। (الف) অংশের نَصَرَ ও دَخَلَ، فَعَلَ শব্দগুলো مَاضِيْ তথা অতীতকালে কাজ করা হয়েছে বোঝায়। (ب) অংশের يَفْعَلُ يَنْصُرُ ও يَدْخُلُ، শব্দগুলো حَالْ তথা বর্তমানকালে কাজ হচ্ছে বোঝায়। (ج) অংশের يَفْعَلُ، يَدْخُلُ ও يَنْصُرُ শব্দগুলো مُسْتَقْبِلْ তথা ভবিষ্যতকালে কোনো কাজ হবে বোঝায়।

নিয়মাবলি

زَمَانْ-এর পরিচয় : زَمَانْ অর্থ কাল। পরিভাষায় ক্রিয়া সংঘটিত হওয়ার সময়কে زَمَانْ তথা কাল বলে।

زَمَانْ-এর প্রকার : زَمَانْ তথা কাল তিন প্রকার। যথা–

১. مَاضِيْ ২. حَالْ ও ৩. مُسْتَقْبِلْ

১. مَاضِيْ : مَاضِيْ শব্দের অর্থ অতীতকাল। পরিভাষায় বর্তমান সময়ের পূর্ব সময় বা কালকে مَاضِيْ বা অতীতকাল বলে। আরো সহজভাবে বলা যায়, তুমি যে সময়ে অবস্থান করছ, সেময়ের পূর্বসময়কে مَاضِيْ বলে। যেমন- شَرِبَ اَمْسِ (গতকাল সে পান করলো); ضَرَبَ اَمْسِ (গতকাল সে প্রহার করলো)।

২. حَالْ : حَالْ শব্দের অর্থ বর্তমানকাল। পরিভাষায়, বর্তমান সময়কালকে আরবিতে حَالْ বলে। আরো সহজভাবে বলা যায়, তুমি যে সময়ে অবস্থান করছ, সে সময়কে حَالْ বলে। যেমন– اَلْآن هُوَ يَشْرَبُ (এখন সে পান করছে); اَلْآن هُوَ يَضْرِبُ (এখন সে প্রহার করছে) ইত্যাদি।

৩. مُسْتَقْبِلْ : مُسْتَقْبِلْ শব্দের অর্থ ভবিষ্যৎকাল। পরিভাষায় বর্তমান সময়ের পরবর্তী সময়কে مُسْتَقْبِلْ বা ভবিষ্যৎকাল বলে। আরো সহজভাবে বলা যায়, তুমি যে সময়ে অবস্থান করছ, সে সময়ের পরবর্তী সময়কে مُسْتَقْبِلْ বলে। যেমন– يَشْرَبُ غَدًا (আগামীকাল সে পান করবে); يَضْرِبُ غَدًا (আগামীকাল সে প্রহার করবে)।

প্রকাশ থাকে যে, حَالْ ও مُسْتَقْبِلْ কে مُضَارِعْ বলে আর উভয়ের জন্যে একই ধরনের সীগাহ্ ব্যবহৃত হয়।

اَلتَّدْرِيْبَاتْ : অনুশীলনী

১। زَمَانْ কাকে বলে? উহা কত প্রকার ও কী কী?

২। مَاضِيْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। حَالْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। مُسْتَقْبِلْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৫। নিচের শব্দগুলো হতে مَاضِيْ ও مُسْتَقْبِلْ বের কর :

شَرِبْتُ ، تَشْرَبُ ، يَدْعُوْ ، يَنْجَحُ ، قَرَأْتُ ، أَقْرَأُ ، نَجَحَ ، دَعَا ، تَنْصُرُ ، نَفْعَلُ

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلْفِعْلُ وَأَقْسَامُهُ

ফে'ল ও এর প্রকার

উদাহরণ

(الف)		(ب)	
نَصَرَ	সে সাহায্য করলো	يَنْصُرُ	সে সাহায্য করবে
رَجَعَ	সে ফিরে আসলো	يَرْجِعُ	সে ফিরে আসবে
خَرَجَ	সে বের হলো	يَخْرُجُ	সে বের হবে
(ج)		(د)	
أُنْصُرْ	তুমি সাহায্য কর	لاَ تَنْصُرْ	তুমি সাহায্য করো না
اِرْجِعْ	তুমি ফিরে এসো	لاَ تَرْجِعْ	তুমি ফিরে এসো না
أُخْرُجْ	তুমি বের হও	لاَ تَخْرُجْ	তুমি বের হয়ো না

আলোচনা

উপরের উদাহরণসমূহ লক্ষ্য কর। (الف) অংশের ফে'লগুলো অতীতকালের অর্থ প্রদান করছে। (ب) অংশের ফে'লগুলো ভবিষ্যতকালের অর্থ প্রদান করছে। (ج) অংশের ফে'লগুলো আদেশের অর্থ প্রদান করছে এবং (د) অংশের ফে'লগুলো নিষেধের অর্থ প্রদান করছে।

নিয়মাবলি

فِعْلٌ-এর পরিচয় : যে كَلِمَةٌ অন্য কোনো كَلِمَةٌ -এর সহযোগিতা ব্যতীত নিজের অর্থ প্রকাশ করতে পারে এবং অতীত, বর্তমান ও ভবিষ্যতকালে কোনো কাজ সংঘটিত করা বা হওয়া বোঝায়, তাকে فِعْلٌ বলে।

فِعْلٌ-এর প্রকারসমূহ : প্রথমত فِعْلٌ চার প্রকার। যথা–

১. **اَلْفِعْلُ الْمَاضِيْ (অতীতকালীন ক্রিয়া) :** যে فعل দ্বারা অতীতকালে কোনো কাজ সম্পন্ন করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمَاضِيْ বলে। যেমন- عَرَفَ (সে চিনলো) ; رَحَلَ (সে যাত্রা করলো)।

২. **اَلْفِعْلُ الْمُضَارِعُ (বর্তমান বা ভবিষ্যতকালীন ক্রিয়া) :** যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ সম্পন্ন করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ বলে। যেমন– يَعْرِفُ (সে চিনে/চিনবে) ; يَرْحَلُ (সে যাত্রা করছে/করবে)

৩. **فِعْلُ الْأَمْرِ (আদেশসূচক ক্রিয়া) :** যে فِعْلٌ দ্বারা কোনো আদেশ, অনুরোধ করা বোঝায়, তাকে فِعْلُ الْأَمْرِ বলে। যেমন- اِعْرِفْ (তুমি চেন) ; اِرْحَلْ (তুমি যাত্রা কর)।

৪. **فعْلُ النَّهْيِ (নিষেধসূচক ক্রিয়া) :** যে فِعْلٌ দ্বারা কোনো কিছু থেকে নিষেধ করা বোঝায়, তাকে فعْلُ النَّهْيِ বলে। যেমন– لَا تَضْرِبْ (তুমি প্রহার করো না), لَا تَسْرِقْ (তুমি চুরি করো না)।

*** فَاعِلٌ তথা কর্তা হিসেবে فِعْلٌ-এর প্রকার :** فَاعِلٌ তথা কর্তা হিসেবে فِعْلٌ -কে দুই ভাগে ভাগ করা যায়। যথা-

১. اَلْفِعْلُ الْمَعْرُوْفُ (কর্তৃবাচক ক্রিয়া)

২. اَلْفِعْلُ الْمَجْهُوْلُ (কর্মবাচক ক্রিয়া)

১. اَلْفِعْلُ الْمَعْرُوْفُ (কর্তৃবাচক ক্রিয়া) : যে ক্রিয়ার فَاعِلْ তথা কর্তা জানা থাকে, অর্থাৎ, ক্রিয়ার সম্পাদনকারী জানা থাকলে তাকে اَلْفِعْلُ الْمَعْرُوْفُ বলে। যেমন- كَتَبَ كَرِيْمٌ - করিম লিখলো, ضَرَبَ بَكْرٌ - বকর মারলো ইত্যাদি।

২. اَلْفِعْلُ الْمَجْهُوْلُ (কর্মবাচক ক্রিয়া) : যে ক্রিয়ার فَاعِلْ তথা কর্তা জানা থাকে না। অর্থাৎ, ক্রিয়া সম্পাদনকারী জানা না থাকলে তাকে اَلْفِعْلُ الْمَجْهُوْلُ বলে। যেমন- سُرِقَ الثَّوْبُ কাপড় চুরি হলো, نُصِرَ زَيْدٌ - যায়েদ সাহায্য পেলো ইত্যাদি।

*** اَلْاِثْبَاتُ وَالنَّفِيُّ তথা ইতিবাচক ও নেতিবাচক হিসেবে فِعْلْ-এর প্রকার :**

ইতিবাচক ও নেতিবাচক বিচারে فِعْلْ দু প্রকার। যথা-

১. اَلْفِعْلُ الْمُثْبَتُ (ইতিবাচক ক্রিয়া) : যে فِعْلْ তথা ক্রিয়া দ্বারা কোনো কাজ হওয়া বা করার হ্যাঁ-বাচক সমর্থন পাওয়া যায়, তাকে اَلْفِعْلُ الْمُثْبَتُ বলে। যেমন- نَصَرَ - সে সাহায্য করলো, ضَرَبَ - সে (একজন পুং) মারলো ইত্যাদি।

২. اَلْفِعْلُ الْمَنْفِيُّ (নেতিবাচক ক্রিয়া) : যে فِعْلْ তথা ক্রিয়া দ্বারা কোনো কাজ হওয়া বা করার না-বাচক সমর্থন পাওয়া যায়, তাকে اَلْفِعْلُ الْمَنْفِيُّ বলা হয়। যেমন- مَا نَصَرَ - সে সাহায্য করলো না, مَا أَكَلَ - সে খেলো না ইত্যাদি।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। فِعْلْ কাকে বলে? কাল হিসেবে فِعْلْ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২। فَاعِلْ হিসেবে فِعْلْ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৩। ইতিবাচক ও নেতিবাচক হিসেবে فِعْلْ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلصِّيْغَةُ وَمَا يَتَعَلَّقُ بِهَا

সীগাহ ও এর সংশ্লিষ্ট বিষয়

উদাহরণ

(الف) غَائِبْ			
فَعَلَ	সে (একজন পুরুষ) করলো	فَعَلَتْ	সে (একজন স্ত্রী) করলো
فَعَلَا	তারা (দুজন পুরুষ) করলো	فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) করলো
فَعَلُوْا	তারা (সকল পুরুষ) করলো	فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) করলো
(ب) حَاضِرْ			
فَعَلْتَ	তুমি (একজন পুরুষ) করলে	فَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) করলে
فَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) করলে	فَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) করলে
فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) করলে	فَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) করলে
(ج) مُتَكَلِّمْ			
فَعَلْتُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) করলাম		
فَعَلْنَا	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) করলাম		

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি শব্দ اَلْفِعْلُ মাসদার হতে বের হয়েছে এবং কর্তার পরিবর্তনের ফলে প্রত্যেকটি শব্দের আকৃতি ও গঠনে পরিবর্তন এসেছে। যেমন-

(الف) অংশে ছয়টি فِعْلْ উল্লেখ রয়েছে। তন্মধ্যে প্রথম তিনটির فَاعِلْ তথা কর্তা مُذَكَّرْ (পুরুষ) এবং পরের তিনটির কর্তা مُؤَنَّثْ (স্ত্রী)। مُؤَنَّثْ ও مُذَكَّرْ উভয়ের عَدَدْ তথা সংখ্যা وَاحِدْ (একবচন), تَثْنِيَةْ (দ্বিবচন) ও جَمْعْ (বহুবচন) হয়েছে।

(ب) অংশে حَاضِرْ-এর فِعْلْ গুলো مُذَكَّرْ ও مُؤَنَّثْ দুভাগে বিভক্ত এবং প্রত্যেকটির وَاحِدْ، تَثْنِيَةْ ও جَمْعْ রয়েছে।

(ج) অংশে مُتَكَلِّمْ -এর দুটি শব্দ রয়েছে। প্রথমটি وَاحِدْ দ্বিতীয়টি جَمْعْ -এর সীগাহ। এ দুটি শব্দ مُذَكَّرْ ও مُؤَنَّثْ উভয়ের জন্যে সমানভাবে ব্যবহৃত হয়।

নিয়মাবলি

صِيْغَةْ-এর পরিচয় : صِيْغَةْ শব্দের আভিধানিক অর্থ আকৃতি, রূপ ও গঠন। পরিভাষায় শব্দের বিভিন্ন রূপকে صِيْغَةْ বলে।

صِيْغَةْ-এর সংখ্যা : فَاعِلْ তথা কর্তার جِنْسْ (পুরুষ/স্ত্রী) عدَدْ (বচন) ও شَخْصْ (উত্তম, মধ্যম ও নাম পুরুষ)-এর হিসেবে صِيْغَةْ ১৪টি। যেমন-

ক্রম	সীগাহ	শ্রেণি
১	وَاحِد مُذَكَّر غَائِبْ	مُذَكَّرِ غَائِبْ নাম পুরুষ পুংলিঙ্গ
২	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ	
৩	جَمْعْ مُذَكَّر غَائِبْ	
৪	وَاحِد مُؤَنَّث غَائِبْ	مُؤَنَّثِ غَائِبْ নাম পুরুষ স্ত্রীলিঙ্গ
৫	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ	
৬	جَمْعْ مُؤَنَّث غَائِبْ	
৭	وَاحِد مُذَكَّر حَاضِرْ	مُذَكَّرِ حَاضِرْ

মধ্যম পুরুষ পুংলিঙ্গ	تَثْنِيَةُ مُذَكَّر حَاضِرْ	৮
	جَمْعْ مُذَكَّر حَاضِرْ	৯
مُؤَنَّثِ حَاضِرْ মধ্যম পুরুষ স্ত্রীলিঙ্গ	وَاحِد مُؤَنَّث حَاضِرْ	১০
	تَثْنِيَةُ مُؤَنَّث حَاضِرْ	১১
	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ	১২
مُتَكَلِّمْ উত্তম পুরুষ পুং / স্ত্রীলিঙ্গ	وَاحِد مُتَكَلِّمْ	১৩
	جَمْعْ مُتَكَلِّمْ	১৪

عَدَدْ-এর বর্ণনা : اَلْعَدَدْ শব্দের অর্থ বচন। عَدَدْ তথা বচন তিন প্রকার। যথা–

১. اَلْوَاحِدْ (একবচন); ২. اَلتَّثْنِيَةْ (দ্বিবচন); ৩. اَلْجَمْعْ (বহুবচন);

১. اَلْوَاحِد-এর পরিচয় : যে فِعْلْ-এর সম্পাদনকারী বা কর্তা একজন হয় সে فِعْلْ-এর সীগাহকে صِيْغَةُ الْوَاحِدْ বা একবচনের সীগাহ বলা হয়। যেমন– ضَرَبَ [সে (একজন পুরুষ) মারলো], ضَرَبَتْ [সে (একজন মহিলা) মারলো], ضَرَبْتُ [আমি একজন (পুং/স্ত্রী) মারলাম]।

২. اَلتَّثْنِيَةُ-এর পরিচয় : যে فِعْلْ-এর সম্পাদনকারী বা কর্তা দুজন হয়। সে فِعْلْ-এর সীগাহকে صِيْغَةُ التَّثْنِيَةْ তথা দ্বিবচনের সীগাহ বলা হয়। এটিকে صِيْغَةُ الْمُثَنَّى ও বলা হয়। যেমন– ضَرَبَا [তারা (দুজন পুরুষ) মারলো], ضَرَبَتَا [তারা (দুজন মহিলা) মারলো]।

৩. اَلْجَمْع-এর পরিচয় : যে فِعْلْ-এর সম্পাদনকারী বা কর্তা দুয়ের অধিক হয়, সে فِعْلْ -এর সীগাহকে صِيْغَةُ الْجَمْعْ বলা হয়। যেমন– ضَرَبُوْا [তারা (দুয়ের অধিক পুরুষ) প্রহার করলো।] ضَرَبْنَ [তারা (দুয়ের অধিক মহিলা) প্রহার করলো।]

شَخْصْ-এর বর্ণনা : যে فِعْلْ-এর দ্বারা নাম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ হওয়া বোঝায়, তাকে شَخْصْ বা পুরুষ বলে।

شَخْصْ তথা পুরুষ তিন প্রকার। যথা–

১. اَلْغَائِبْ (নাম পুরুষ); ২. اَلْحَاضِرْ (মধ্যম পুরুষ); ৩. اَلْمُتَكَلِّمْ (উত্তম পুরুষ)।

১. اَلْغَائِبْ (নাম পুরুষ)-এর পরিচয় : যে সীগাহ দ্বারা কর্তার (فَاعِلْ) অনুপস্থিতি বোঝা যায়, তাকে غَائِبْ (নাম পুরুষ) বলা হয়। যেমন فَعَلَ (সে করলো)।

২. اَلْحَاضِرْ (মধ্যম পুরুষ)-এর পরিচয় : যে সীগাহ দ্বারা কর্তার উপস্থিতি বোঝায়, তাকে حَاضِرْ তথা মধ্যম পুরুষ বলে। এটাকে এভাবেও বলা যেতে পারে যে, যে فِعْلْ বা ক্রিয়া তুমি বা তোমরা কর্তা কর্তৃক সম্পাদিত হয়, তাকে صِيْغَةُ الْحَاضِرْ বলা হয়। যেমন– فَعَلْتَ (তুমি করলে), فَعَلْتُمْ (তোমরা করলে)।

৩ اَلْمُتَكَلِّمْ (উত্তম পুরুষ)-এর পরিচয় : যে সীগাহ দ্বারা সম্বোধনকারীকে বোঝায়, তাকে مُتَكَلِّمْ তথা উত্তম পুরুষ বলে। যেমন– فَعَلْتُ (আমি করেছি), فَعَلْنَا (আমরা করেছি)।

جِنْسْ-এর বর্ণনা : جِنْسُ শব্দের অর্থ লিঙ্গ।

جِنْسْ দু প্রকার। যথা– ১. اَلْمُذَكَّرْ (পুংলিঙ্গ); ২. اَلْمُؤَنَّثْ (স্ত্রীলিঙ্গ)।

১. اَلْمُذَكَّرْ (পুংলিঙ্গ)-এর পরিচয় : যে فِعْلْ বা ক্রিয়া পুরুষ কর্তৃক সম্পাদিত হয়, তাকে اَلْمُذَكَّرْ বলা হয়। যেমন– فَعَلَ (সে একজন পুরুষ করেছে)

২. اَلْمُؤَنَّثْ (স্ত্রীলিঙ্গ)-এর পরিচয় : যে فِعْلْ বা ক্রিয়া মহিলা কর্তৃক সম্পাদিত হয়, তাকে مُؤَنَّثْ বলা হয়। যেমন– فَعَلَتْ (সে একজন মহিলা করেছে)।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। صِيْغَةٌ কাকে বলে?

২। صِيْغَةٌ কয়টি ও কী কী?

৩। غَائِبٌ -এর সীগাহ্ কয়টি ও কী কী? উদাহরণ দাও।

৪। حَاضِرٌ -এর সীগাহ্ কয়টি ও কী কী? উদাহরণ দাও।

৫। مُتَكَلِّمٌ -এর সীগাহ্ কয়টি ও কী কী? উদাহরণ দাও।

৬। شَخْصٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৭। اَلْغَائِبُ কাকে বলে? উদাহরণ দাও।

৮। اَلْمُخَاطَبُ কাকে বলে? উদাহরণ দাও।

৯। اَلْمُتَكَلِّمُ কাকে বলে? উদাহরণ দাও।

১০। عَدَدٌ কাকে বলে? উদাহরণ দাও।

১১। جِنْسٌ কাকে বলে? উদাহরণ দাও।

اَلْدَّرْسُ اَلْـخَامِسُ : পঞ্চম পাঠ

اَلْفِعْلُ الْمَاضِيْ وَأَقْسَامُهُ

ফে‘লে মাদী ও এর প্রকার

উদাহরণ

دَخَلَ	সে (একজন পুরুষ) প্রবেশ করলো ।
قَدْ دَخَلَ	সে (একজন পুরুষ) প্রবেশ করেছে।
كَانَ دَخَلَ	সে (একজন পুরুষ) প্রবেশ করেছিল।
كَانَ يَدْخُلُ	সে (একজন পুরুষ) প্রবেশ করছিল।
لَعَلَّمَا دَخَلَ	সম্ভবত সে (একজন পুরুষ) প্রবেশ করলো।
لَيْتَمَا دَخَلَ	যদি সে (একজন পুরুষ) প্রবেশ করতো।

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। ১ম فِعْلٌ দ্বারা সাধারণ অতীতকালে কোনো কাজ করা বা সংঘটিত হওয়া বোঝায়। ২য় فِعْلٌ দ্বারা নিকটবর্তী অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়। ৩য় فِعْلٌ দ্বারা দূরবর্তী অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়। ৪র্থ فِعْلٌ দ্বারা অতীতকালে কোনো কাজ অবিরাম গতিতে করছিল বা হচ্ছিল বোঝায়। ৫ম فِعْلٌ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়ার বিষয়ে সম্ভাবনা বোঝায়। আর ৬ষ্ঠ فِعْلٌ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়ার আকাঙ্ক্ষা ব্যক্ত করা বোঝায়।

নিয়মাবলি

اَلْفِعْلُ اَلْمَاضِيْ-এর পরিচয় : যে فِعْلْ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ اَلْمَاضِيْ বলে।

اَلْفِعْلُ اَلْمَاضِيْ-এর প্রকার : اَلْفِعْلُ اَلْمَاضِيْ ছয় প্রকার। যথা-

১. **اَلْمَاضِى الْمُطْلَقْ :** যে فِعْلْ দ্বারা সাধারণ অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْمَاضِى الْمُطْلَقْ বলা হয়। যেমন- نَصَرَ - সে (একজন পুরুষ) সাহায্য করলো, كَتَبَتْ - সে (একজন স্ত্রী) লিখলো।

২. **اَلْمَاضِى اَلْقَرِيْبْ :** যে فِعْلْ দ্বারা নিকটবর্তী অতীতে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْمَاضِى اَلْقَرِيْبْ বলা হয়। اَلْمَاضِى الْمُطْلَقْ-এর পূর্বে قَدْ যোগ করলে اَلْمَاضِى اَلْقَرِيْبْ গঠিত হয়। যেমন- قَدْ ضَرَبَ - সে (একজন পুরুষ) প্রহার করেছে; قَدْ فَتَحَتْ - সে (একজন স্ত্রী) খুলেছে।

৩. **اَلْمَاضِى الْبَعِيْدْ :** যে فِعْلْ দ্বারা দূরবর্তী অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْمَاضِى الْبَعِيْدْ বলে। اَلْمَاضِى الْمُطْلَقْ -এর পূর্বে كَانَ যোগ করলে اَلْمَاضِى الْبَعِيْدْ গঠিত হয়। আর كَانَ শব্দটিও فِعْلْ -এর মতো রূপান্তরিত হবে। যেমন- كَانَ جَلَسَ -সে (একজন পুরুষ) বসেছিল; كَانَتْ كَتَبَتْ -সে (একজন স্ত্রী) লিখেছিল।

৪. **اَلْمَاضِى الِاسْتِمْرَارِىْ :** যে فِعْلْ দ্বারা অতীতকালে কোনো কাজ অবিরাম গতিতে করছিল বা হচ্ছিল বোঝায়, তাকে اَلْمَاضِى الِاسْتِمْرَارِىْ বলে; اَلْفِعْلُ الْمُضَارِعْ-এর পূর্বে كَانَ বা তার থেকে রূপান্তর শব্দ যোগ করে اَلْمَاضِى الِاسْتِمْرَارِىْ গঠন করা হয়। যেমন- كَانَ يَكْتُبُ - সে (একজন পুরুষ) লিখতেছিলো; كَانَتْ تَكْتُبُ - সে (একজন স্ত্রী) লিখতেছিলো।

৫. اَلْمَاضِى الِاحْتِمَالِيُّ : যে فِعْلٌ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বিষয়ে সম্ভাবনা বা সন্দেহ ব্যক্ত করা হয়, তাকে اَلْمَاضِى الِاحْتِمَالِيُّ বলে। اَلْمَاضِى الْمُطْلَقُ-এর পূর্বে لَعَلَّمَا যোগ করলে اَلْمَاضِى الِاحْتِمَالِيُّ গঠিত হয়। যেমন- لَعَلَّمَا جَاءَ - সম্ভবতঃ সে (একজন পুরুষ) আসলো; لَعَلَّمَا سَمِعَتْ - সম্ভবতঃ সে (একজন স্ত্রী) শুনলো।

৬. اَلْمَاضِى التَّمَنِّىُّ : যে فِعْلٌ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়ার ওপর আকাঙ্ক্ষা ব্যক্ত করা হয়, তাকে اَلْمَاضِى التَّمَنِّىُّ বলে। اَلْمَاضِى الْمُطْلَقُ- এর পূর্বে لَيْتَمَا যোগ করলে اَلْمَاضِى التَّمَنِّىُّ গঠিত হয়। যেমন- لَيْتَمَا جَاءَ - যদি সে (একজন পুরুষ) আসতো; لَيْتَمَا خَرَجَتْ - যদি সে (একজন স্ত্রী) বের হতো।

مَاضِىْ مُطْلَقْ-এর গঠন প্রণালী : মাসদার হতে اَلْمَاضِىْ الْمُطْلَقُ الْمَعْرُوْفُ গঠন করতে হয়। ثُلَاثِىْ তথা তিন অক্ষরবিশিষ্ট মাসদার থেকে اَلْمَاضِى الْمُطْلَقُ الْمَعْرُوْفُ গঠন করতে হলে প্রথমে مَصْدَرْ-এর আলামতকে বিলুপ্ত করে فَاءْ كَلِمَةْ তথা প্রথম অক্ষরে সর্বদা যবর দিতে হবে এবং عَيْنْ كَلِمَةْ তথা দ্বিতীয় অক্ষর بَابْ অনুযায়ী যের, যবর, পেশ-এর যে কোনো একটি হবে। আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরে যবর দিলে اَلْمَاضِى الْمُطْلَقُ الْمَعْرُوْفُ -এর وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ-এর সীগাহটি গঠিত হবে। যেমন- اَلْفِعْلُ মাসদার থেকে فَعَلَ সীগাহ গঠিত হয়েছে। অনুরূপ نَفِىْ করতে হলে প্রথমে নাবোধক مَا যোগ করলেই গঠন করা যাবে। যেমন فَعَلَ থেকে مَا فَعَلَ ইত্যাদি।

مَاضِى مُطْلَقْ مَجْهُوْلْ গঠন করতে হলে শব্দের لَامْ كَلِمَةْ- কে আগের অবস্থায় রেখে عَيْنْ كَلِمَةْ তে যের না থাকলে যের দিতে হবে এবং فَاءْ كَلِمَةْ- কে পেশ দিতে হবে। যেমন فَعَلَ থেকে فُعِلَ، نَصَرَ থেকে نُصِرَ এবং ضَرَبَ থেকে ضُرِبَ ইত্যাদি।

وَاحِدْ مُذَكَّرْ غَائِبْ -এর صِيْغَةْ-এর শেষে নির্দিষ্টভাবে আলামত যোগ করলে অবশিষ্ট ১৩টি সীগাহ গঠিত হয়।

اَلْفِعْلُ الْمَاضِىْ-এর সীগাহ ও তার আলামত : اَلْمَاضِىْ-এর সীগাহ ১৪টি। প্রত্যেক সীগাহ-এর জন্যে নির্দিষ্ট আলামত রয়েছে। যা ছক আকারে দেখানো হয়েছে।

নিম্নে مَاضِىْ مُطْلَقْ -এর ১৪টি সীগার চিহ্নসমূহ বর্ণনা করা হলো।

تَصْرِيْف (রূপান্তর)		مَعْنَى : অর্থ	عَدَدْ বচন	جِنْس লিঙ্গ	شَخْص পুরুষ
صِيْغَةْ চেনার চিহ্ন যা فِعْلْ-এর পর বসে					
فَعَلَ	ـَ	সে (একজন পুরুষ) করলো।	وَاحِدْ [একবচন]	مُذَكَّرْ পুংলিঙ্গ	غَائِبْ নাম পুরুষ
فَعَلَا	ا	তারা (দুজন পুরুষ) করলো।	تَثْنِيَةْ [দ্বিবচন]		
فَعلُوْا	وْا	তারা (সকল পুরুষ) করলো।	جَمْعْ [বহুবচন]		
فَعَلَتْ	تْ	সে (একজন স্ত্রী) করলো।	وَاحِدْ [একবচন]	مُؤَنَّثْ স্ত্রীলিঙ্গ	
فَعَلَتَا	تَا	তারা (দুজন স্ত্রী) করলো।	تَثْنِيَةْ [দ্বিবচন]		
فَعَلْنَ	نَ	তারা (সকল স্ত্রী) করলো।	جَمْعْ [বহুবচন]		
فَعَلْتَ	تَ	তুমি (একজন পুরুষ) করলে।	وَاحِدْ [একবচন]	مُذَكَّرْ পুংলিঙ্গ	حَاضِرْ মধ্যম পুরুষ
فَعَلْتُمَا	تُمَا	তোমরা (দুজন পুরুষ) করলে।	تَثْنِيَةْ [দ্বিবচন]		
فَعَلْتُمْ	تُمْ	তোমরা (সকল পুরুষ) করলে।	جَمْعْ [বহুবচন]		
فَعَلْتِ	تِ	তুমি (একজন স্ত্রী) করলে।	وَاحِدْ [একবচন]	مُؤنث স্ত্রীলিঙ্গ	
فَعَلْتُمَا	تُمَا	তোমরা (দুজন স্ত্রী) করলে।	تَثْنِيَةْ [দ্বিবচন]		
فَعَلْتُنَّ	تُنَّ	তোমরা (সকল স্ত্রী) করলে।	جَمْعْ [বহুবচন]		
فَعَلْتُ	تُ	আমি (পুরুষ/স্ত্রী) করলাম।	وَاحِدْ একবচন	مُذَكَّرْ /مُؤنث পুং/স্ত্রী লিঙ্গ	مُتَكَلِّمْ উত্তম পুরুষ
فَعَلْنَا	نَا	আমরা (পুরুষ/ স্ত্রী) করলাম।	تَثْنِيَةْ / جَمْعْ দ্বিবচন/বহুবচন		

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْمُطْلَقْ اَلْمُثْبَتْ لِلْمَعْرُوْف

হ্যাঁ-বাচক সাধারণ অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
فَعَلَ	সে (একজন পুরুষ) করলো	وَاحِد مُذَكَّر غَائِبْ
فَعَلَا	তারা (দুজন পুরুষ) করলো	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
فَعَلُوْا	তারা (সকল পুরুষ) করলো	جَمَعْ مُذَكَّر غَائِبْ
فَعَلَتْ	সে (একজন স্ত্রী) করলো	وَاحِد مُؤَنَّث غَائِبْ
فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) করলো	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) করলো	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
فَعَلْتَ	তুমি (একজন পুরুষ) করলে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
فَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) করলে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) করলে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
فَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) করলে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
فَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) করলে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
فَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) করলে	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
فَعَلْتُ	আমি (একজন পুং/স্ত্রী) করলাম	وَاحِد مُتَكَلِّمْ
فَعَلْنَا	আমরা (দুজন/সকল পুং /স্ত্রী) করলাম	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْمُطْلَقْ اَلْمُثْبَتْ لِلْمَجْهُوْلْ

হ্যাঁ-বাচক সাধারণ অতীতকালীন কর্মবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
فُعِلَ	সে (একজন পুরুষ) কৃত হলো	وَاحِد مُذَكَّر غَائِبْ
فُعِلَا	তারা (দুজন পুরুষ) কৃত হলো	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
فُعِلُوْا	তারা (সকল পুরুষ) কৃত হলো	جَمَعْ مُذَكَّر غَائِبْ
فُعِلَتْ	সে (একজন স্ত্রী) কৃত হলো	وَاحِد مُؤَنَّث غَائِبْ
فُعِلَتَا	তারা (দুজন স্ত্রী) কৃত হলো	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
فُعِلْنَ	তারা (সকল স্ত্রী) কৃত হলো	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
فُعِلْتَ	তুমি (একজন পুরুষ) কৃত হলে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
فُعِلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) কৃত হলে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
فُعِلْتُمْ	তোমরা (সকল পুরুষ) কৃত হলে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
فُعِلْتِ	তুমি (একজন স্ত্রী) কৃত হলে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
فُعِلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) কৃত হলে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
فُعِلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) কৃত হলে	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
فُعِلْتُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) কৃত হলাম	وَاحِد مُتَكَلِّمْ
فُعِلْنَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) কৃত হলাম	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْمُطْلَق اَلْمَنْفِيّ لِلْمَعْرُوْف

না-বাচক সাধারণ অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
مَا فَعَلَ	সে (একজন পুরুষ) করলো না।	وَاحِد مُذَكَّر غَائِبْ
مَا فَعَلَا	তারা (দুজন পুরুষ) করলো না।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
مَا فَعَلُوْا	তারা (সকল পুরুষ) করলো না।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
مَا فَعَلَتْ	সে (একজন স্ত্রী) করলো না।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
مَا فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) করলো না।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
مَا فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) করলো না।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
مَافَعَلْتَ	তুমি (একজন পুরুষ) করলে না।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
مَافَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) করলে না।	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
مَا فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) করলে না।	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
مَافَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) করলে না।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
مَافَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) করলে না।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
مَافَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) করলে না।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
مَافَعَلْتُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) করলাম না	وَاحِد مُتَكَلِّمْ
مَا فَعَلْنَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) করলাম না	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْمُطْلَق اَلْمَنْفِيِّ لِلْمَجْهُوْلْ

না-বাচক সাধারণ অতীতকালীন কর্মবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
مَا فُعِلَ	সে (একজন পুরুষ) কৃত হলো না।	وَاحِد مُذَكَّر غَائِبْ
مَا فُعِلَا	তারা (দুজন পুরুষ) কৃত হলো না।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
مَا فُعِلُوْا	তারা (সকল পুরুষ) কৃত হলো না।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
مَا فُعِلَتْ	সে (একজন স্ত্রী) কৃত হলো না।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
مَا فُعِلَتَا	তারা (দুজন স্ত্রী) কৃত হলো না।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
مَا فُعِلْنَ	তারা (সকল স্ত্রী) কৃত হলো না।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
مَا فُعِلْتَ	তুমি (একজন পুরুষ) কৃত হলে না।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
مَا فُعِلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) কৃত হলে না।	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
مَا فُعِلْتُمْ	তোমরা (সকল পুরুষ) কৃত হলে না।	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
مَا فُعِلْتِ	তুমি (একজন স্ত্রী) কৃত হলে না।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
مَا فُعِلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) কৃত হলে না।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
مَا فُعِلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) কৃত হলে না।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
مَا فُعِلْتُ	আমি (একজন পুং/স্ত্রী) কৃত হলাম না	وَاحِد مُتَكَلِّمْ
مَا فُعِلْنَا	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) কৃত হলাম না	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْقَرِيْبُ اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْف

হ্যাঁ-বাচক নিকটবর্তী অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
قَدْ فَعَلَ	সে (একজন পুরুষ) এইমাত্র করেছে।	وَاحِد مُذَكَّر غَائِبْ
قَدْ فَعَلَا	তারা (দুজন পুরুষ) এইমাত্র করেছে।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
قَدْ فَعَلُوْا	তারা (সকল পুরুষ) এইমাত্র করেছে।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
قَدْ فَعَلَتْ	সে (একজন স্ত্রী) এইমাত্র করেছে।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
قَدْ فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) এইমাত্র করেছে।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
قَدْ فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) এইমাত্র করেছে।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
قَدْ فَعَلْتَ	তুমি (একজন পুরুষ) এইমাত্র করেছো।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
قَدْ فَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) এইমাত্র করেছো।	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
قَدْ فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) এইমাত্র করেছো।	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
قَدْ فَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) এইমাত্র করেছো।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
قَدْ فَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) এইমাত্র করেছো।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
قَدْ فَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) এইমাত্র করেছো।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
قَدْ فَعَلْتُ	আমি (একজন পুং/স্ত্রী) এইমাত্র করেছি।	وَاحِد مُتَكَلِّمْ
قَدْفَعَلْنَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) এইমাত্র করেছি	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْبَعِيْدُ اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْف

হ্যাঁ-বাচক দূরবর্তী অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
كَانَ فَعَلَ	সে (একজন পুরুষ) করেছিল।	وَاحِد مُذَكَّر غَائِبْ
كَانَا فَعَلَا	তারা (দুজন পুরুষ) করেছিল।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
كَانُوْا فَعَلُوْا	তারা (সকল পুরুষ) করেছিল।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
كَانَتْ فَعَلَتْ	সে (একজন স্ত্রী) করেছিল।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
كَانَتَا فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) করেছিল।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
كُنَّ فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) করেছিল।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
كُنْتَ فَعَلْتَ	তুমি (একজন পুরুষ) করেছিলে।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
كُنْتُمَا فَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) করেছিলে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
كُنْتُمْ فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) করেছিলে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
كُنْتِ فَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) করেছিলে।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
كُنْتُمَا فَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) করেছিলে।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
كُنْتُنَّ فَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) করেছিলে।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
كُنْتُ فَعَلْتُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) করেছিলাম	وَاحِد مُتَكَلِّمْ
كُنَّا فَعَلْنَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) করেছিলাম	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْاِسْتِمْرَارِى اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْفِ

হ্যাঁ-বাচক চলমান অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
كَانَ يَفْعَلُ	সে (একজন পুরুষ) করছিল।	وَاحِد مُذَكَّر غَائِبْ
كَانَا يَفْعَلَانِ	তারা (দুজন পুরুষ) করছিল।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
كَانُوْا يَفْعَلُوْنَ	তারা (সকল পুরুষ) করছিল।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
كَانَتْ تَفْعَلُ	সে (একজন স্ত্রী) করছিল।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
كَانَتَا تَفْعَلَانِ	তারা (দুজন স্ত্রী) করছিল।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
كُنَّ يَفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) করছিল।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
كُنْتَ تَفْعَلُ	তুমি (একজন পুরুষ) করছিলে।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
كُنْتُمَا تَفْعَلَانِ	তোমরা (দুজন পুরুষ) করছিলে।	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
كُنْتُمْ تَفْعَلُوْنَ	তোমরা (সকল পুরুষ) করছিলে।	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
كُنْتِ تَفْعَلِيْنَ	তুমি (একজন স্ত্রী) করছিলে।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
كُنْتُمَا تَفْعَلَانِ	তোমরা (দুজন স্ত্রী) করছিলে।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
كُنْتُنَّ تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) করছিলে	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
كُنْتُ اَفْعَلُ	আমি (একজন পুং/স্ত্রী) করছিলাম	وَاحِد مُتَكَلِّمْ
كُنَّا نَفْعَلُ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) করছিলাম	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلْاِحْتِمَالِى اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْف

হ্যাঁ-বাচক সম্ভাবনাসূচক অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
لَعَلَّمَا فَعَلَ	সম্ভবত সে (একজন পুরুষ) করেছে।	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَعَلَّمَا فَعَلَا	সম্ভবত তারা (দুজন পুরুষ) করেছে।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَعَلَّمَا فَعَلُوْا	সম্ভবত তারা (সকল পুরুষ) করেছে।	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لَعَلَّمَا فَعَلَتْ	সম্ভবত সে (একজন স্ত্রী) করেছে।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَعَلَّمَا فَعَلَتَا	সম্ভবত তারা (দুজন স্ত্রী) করেছে।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَعَلَّمَا فَعَلْنَ	সম্ভবত তারা (সকল স্ত্রী) করেছে।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لَعَلَّمَا فَعَلْتَ	সম্ভবত তুমি (একজন পুরুষ) করেছ।	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتُمَا	সম্ভবত তোমরা (দুজন পুরুষ) করেছ।	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتُمْ	সম্ভবত তোমরা (সকল পুরুষ) করেছ।	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتِ	সম্ভবত তুমি (একজন স্ত্রী) করেছ।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتُمَا	সম্ভবত তোমরা (দুজন স্ত্রী) করেছ।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتُنَّ	সম্ভবত তোমরা (সকল স্ত্রী) করেছ।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
لَعَلَّمَا فَعَلْتُ	সম্ভবত আমি (একজন পুরুষ/স্ত্রী) করেছি।	وَاحِد مُتَكَلِّمْ
لَعَلَّمَا فَعَلْنَا	সম্ভবত আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) করেছি।	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمَاضِيْ اَلتَّمَنِّيْ اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْفِ

হ্যাঁ-বাচক আকাঙ্ক্ষাসূচক অতীতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَيْتَمَا فَعَلَ	সে (একজন পুরুষ) যদি করতো	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَيْتَمَا فَعَلَا	তারা (দুজন পুরুষ) যদি করতো।	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَيْتَمَا فَعَلُوْا	তারা (সকল পুরুষ) যদি করতো	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لَيْتَمَا فَعَلَتْ	সে (একজন স্ত্রী) যদি করতো।	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَيْتَمَا فَعَلَتَا	তারা (দুজন স্ত্রী) যদি করতো।	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَيْتَمَا فَعَلْنَ	তারা (সকল স্ত্রী) যদি করতো।	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لَيْتَمَا فَعَلْتَ	তুমি (একজন পুরুষ) যদি করতে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتُمَا	তোমরা (দুজন পুরুষ) যদি করতে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتُمْ	তোমরা (সকল পুরুষ) যদি করতে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتِ	তুমি (একজন স্ত্রী) যদি করতে।	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتُمَا	তোমরা (দুজন স্ত্রী) যদি করতে।	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتُنَّ	তোমরা (সকল স্ত্রী) যদি করতে।	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
لَيْتَمَا فَعَلْتُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) যদি করতাম	وَاحِد مُتَكَلِّمْ
لَيْتَمَا فَعَلْنَا	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) যদি করতাম	جَمَعْ مُتَكَلِّمْ

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১. اَلْفِعْلُ الْمَاضِيْ কাকে বলে? তা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২. اَلْمَاضِيْ الْمُطْلَقُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩. اَلْمَاضِيْ الْبَعِيْدُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪. اَلْمَاضِيْ الْقَرِيْبُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৫. اَلْمَاضِيْ الْاِسْتِمْرَارِيْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৬. اَلْمَاضِيْ الْاِحْتِمَالِيْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৭. اَلْمَاضِيْ التَّمَنِّيْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৮. اَلْفَتْحُ শব্দ থেকে مَاضِيْ بَعِيْدُ مُثْبَتُ مَعْرُوْفٌ-এর ১৪টি صِيْغَةٌ অর্থসহ লেখ।

৯. اَلسَّمْعُ মাসদার থেকে مَاضِيْ احْتِمَالِيْ مُثْبَتُ مَعْرُوْفٌ-এর ১৪টি صِيْغَةٌ অর্থসহ লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১. اَلْمَاضِيْ الْبَعِيْدُ দ্বারা দূরবর্তী অতীতে কোনো কাজ করা বা হওয়াকে বোঝায়। ( )

২. كُنْتُمْ تَفْعَلُوْنَ ফে'লটি اَلْمَاضِيْ الْاِسْتِمْرَارِيْ الْمُثْبَتِ الْمَجْهُوْلُ। ( )

৩. لَعَلَّمَا فَتَحَ এর অর্থ হলো- যদি সে (একজন পুং) খুলতো। ( )

৪. اَلْمَاضِيْ الْاِحْتِمَالِيْ দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১. দূরবর্তী অতীতে কোনো কাজ করা বা হওয়া বোঝায় এমন اَلْمَاضِيْ -কে .... বলে।

২. اَلْمَاضِيْ الْبَعِيْدُ الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ -এর উদাহরণ হলো............।

৩. .... অতীতকালে কোনো কাজ অবিরাম গতিতে হচ্ছিল বোঝায়।

৪. كُنَّا نَفْعَلُ হলো .... এর উদাহরণ।

اَلدَّرْسُ السَّادِسُ : ষষ্ঠ পাঠ

اَلفِعْلُ الْمُضَارِعُ
ফে'লে মুদারে

উদাহরণ

(الف)		(ب)	
يَنْصُرُ	সে সাহায্য করছে/করবে	يُنْصَرُ	সাহায্যপ্রাপ্ত হচ্ছে/হবে
يَرْجِعُ	সে ফিরে আসছে/আসবে।	يُدْرَسُ	পড়া হচ্ছে/হবে
يَخْرُجُ	সে বের হচ্ছে/হবে	يُخْرَجُ	বের করা হচ্ছে/হবে
(ج)		(د)	
لاَ يَنْصُرُ	সে সাহায্য করছে না/করবে না	لاَ يُنْصَرُ	সাহায্যপ্রাপ্ত হচ্ছে/হবে না
لاَ يَرْجِعُ	সে ফিরে আসছে/আসবে না	لاَ يُدْرَسُ	পড়া হচ্ছে/হবে না
لاَ يَخْرُجُ	সে বের হচ্ছে/হবে না	لاَ يُخْرَجُ	বের করা হচ্ছে/হবে না

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রতিটি فِعْلْ দ্বারা বর্তমান ও ভবিষ্যত দুটি কাল বোঝানো হয়েছে। (الف) অংশের فِعْلْ গুলোর فَاعِلْ জানা আছে। কিন্তু (ب) অংশের فِعْلْ গুলোর فَاعِلْ জানা নেই এবং উভয় অংশের فِعْلْ গুলো হ্যাঁ-বোধক অর্থ প্রদান করে। (ج) অংশের فِعْلْ গুলোর فَاعِلْ জানা আছে। (د) অংশের فِعْلْ গুলোর فَاعِلْ জানা নেই এবং শেষ দু অংশের فِعْلْ গুলো না-বোধক অর্থ প্রদান করে।

নিয়মাবলি

اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ বলা হয়। যেমন- يَدْرُسُ مُفِيْضٌ- মফিজ পড়ে/পড়ছে/পড়বে।

اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর চার ধরনের রূপান্তর হয়ে থাকে। তা হলো-

১. اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায় এবং তার فَاعِلٌ জানা থাকে, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ বলে। যেমন- تَفْتَحُ خَالِدَةُ بَابَ الْبَيْتِ - খালেদা ঘরের দরজা খোলে/খুলছে/খুলবে।

২. اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَجْهُوْلُ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, যার فَاعِلٌ জানা নেই, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَجْهُوْلُ বলে। যেমন- يُنْصَحُ الطُّلَّابُ - ছাত্রদের উপদেশ দেয়া হয়/হচ্ছে/হবে।

৩. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ না করা বা না হওয়া বোঝায় এবং যার فَاعِلٌ জানা আছে, তাকে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ বলে। যেমন- لَا يَرْكَبُ خَبَّابٌ عَلَى الْجَبَلِ - খাব্বাব পাহাড়ে আরোহণ করে না/করছে না/করবে না।

৪. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْهُوْلُ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ না করা বা না হওয়া বোঝায় এবং যার فَاعِلٌ জানা নেই, তাকে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْهُوْلُ বলে। যেমন- لَا يُعْرَفُ السَّارِقُ- চোরকে চেনা যায় না/যাচ্ছে না/যাবে না।

مُضَارِعْ-এর আলামত ও উহার ব্যবহার :

اَلْفِعْلُ الْمُضَارِعْ-এর আলামত চারটি। যথা-

১. 'الف' আলিফ আসে কেবল একটি وَاحِدِ مُتَكَلِّمْ صِيْغَةْ -এর জন্যে। যেমন- اَفْعَلُ

২. 'ت' আসে আটটি صِيْغَةْ-এর জন্যে। যথা–

تَثْنِيَةْ مُؤَنَّثِ غَائِبْ ও واحد مُؤَنَّثِ غَائِبْ -এর ছয়টি ও বাকি দুটি হলো- حَاضِرْ

৩. 'ي' আসে চারটি صِيْغَةْ -এর জন্যে। যথা–

جَمْعِ مُؤَنَّثِ غَائِبْ-এর তিনটি ও বাকি একটি مُذَكَّرِ غَائِبْ ।

৪. 'ن' আসে একটি جَمْعِ مُتَكَلِّمْ صِيْغَةْ -এর জন্যে।

فِعْلِ مُضَارِعْ-এর বৈশিষ্ট্য :

ক. فِعْلِ مُضَارِعْ -এর শেষে পাঁচ সীগাহতে পেশ হবে। যথা-

১. يَفْعَلُ ২. تَفْعَلُ ৩. تَفْعَلُ ৪. اَفْعَلُ ও ৫. نَفْعَلُ

খ. সাত صِيْغَةْ -তে পেশের পরিবর্তে نُوْنِ اِعْرَابِيْ যোগ হবে।

গ. اَلْفِعْلُ الْمُضَارِعْ-এর শেষে দুটি সীগাহতে مُؤَنَّثْ -এর نُوْنْ সংযুক্ত হবে এবং এ সীগাহ দুটি مبنى ; যথা- جَمْعِ مُؤَنَّثِ غَائِبْ ও حَاضِرْ

اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ-এর গঠন প্রণালী :

اَلْفِعْلُ الْمُضَارِعْ-কে اَلْفِعْلُ الْمَاضِيْ হতে গঠন করতে হয়। اَلْمَاضِيْ-এর শুরুতে একটি عَلَامَةِ الْمُضَارِعْ যোগ করে فَاءْ كَلِمَةْ-তে সাকিন এবং لَامْ كَلِمَةْ তে পেশ দিলেই اَلْفِعْلُ الْمُضَارِعْ -এর সীগাহ গঠিত হয়। আর عَيْنْ كَلِمَةْ বাব অনুযায়ী যবর, যের ও পেশযুক্ত হবে। যেমন- فَعَلَ থেকে يَفْعَلُ ; قَتَلَ থেকে يَقْتُلُ ; نَصَرَ থেকে يَنْصُرُ ইত্যাদি।

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمُثْبَتِ لِلْمَعْرُوْفِ

হ্যাঁ-বাচক বর্তমান ও ভবিষ্যতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
يَفْعَلُ	সে (একজন পুরুষ) করছে/করবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
يَفْعَلَانِ	তারা (দুজন পুরুষ) করছে/করবে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
يَفْعَلُوْنَ	তারা (সকল পুরুষ) করছে/করবে	جَمْعْ مُذَكَّر غَائِبْ
تَفْعَلُ	সে (একজন স্ত্রী) করছে/করবে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
تَفْعَلَانِ	তারা (দুজন স্ত্রী) করছে/করবে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
يَفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) করছে/করবে	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
تَفْعَلُ	তুমি (একজন পুরুষ) করছো/করবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
تَفْعَلَانِ	তোমরা (দুজন পুরুষ) করছো/করবে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
تَفْعَلُوْنَ	তোমরা (সকল পুরুষ) করছো/করবে	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
تَفْعَلِيْنَ	তুমি (একজন স্ত্রী) করছো/করবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
تَفْعَلَانِ	তোমরা (দুজন স্ত্রী) করছো/করবে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) করছো/করবে	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
أَفْعَلُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) করছি/করবো	وَاحِد مُتَكَلِّمْ
نَفْعَلُ	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) করছি/করবো	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ الْمُثْبَتِ الْمَجْهُوْلِ

হ্যাঁ-বাচক বর্তমান ও ভবিষ্যতকালীন কর্মবাচ্য ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : اَلْمُضَارِعُ الْمَعْرُوْفُ হতে اَلْمُضَارِعُ الْمَجْهُوْلُ গঠন করতে হয়। عَلَامَةُ الْمُضَارِعِ -কে পেশ এবং عَيْنُ كَلِمَةٌ -তে যবর না থাকলে যবর দিতে হবে এবং لَامْ كَلِمَةٌ কে পূর্বের অবস্থায় বহাল রাখলে اَلْمُضَارِعُ الْمَجْهُوْلُ গঠন হবে । যেমন- يَفْعَلُ থেকে يُفْعَلُ

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنًى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
يُفْعَلُ	সে (একজন পুং) কৃত হচ্ছে বা হবে	وَاحِد مُذَكَّر غَائِبْ
يُفْعَلَانِ	তারা (দুজন পুং) কৃত হচ্ছে বা হবে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
يُفْعَلُوْنَ	তারা (সকল পুং) কৃত হচ্ছে বা হবে	جَمَعْ مُذَكَّر غَائِبْ
تُفْعَلُ	সে (একজন স্ত্রী) কৃত হচ্ছে বা হবে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
تُفْعَلَانِ	তারা (দুজন স্ত্রী) কৃত হচ্ছে বা হবে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
يُفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) কৃত হচ্ছে বা হবে	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
تُفْعَلُ	তুমি (একজন পুং) কৃত হচ্ছো বা হবে	وَاحِد مُذَكَّر حَاضِرْ
تُفْعَلَانِ	তোমরা (দুজন পুং) কৃত হচ্ছো বা হবে	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
تُفْعَلُوْنَ	তোমরা (সকল পুং) কৃত হচ্ছো বা হবে	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
تُفْعَلِيْنَ	তুমি (একজন স্ত্রী) কৃত হচ্ছো বা হবে	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
تُفْعَلَانِ	তোমরা (দুজন স্ত্রী) কৃত হচ্ছো বা হবে	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
تُفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) কৃত হচ্ছো বা হবে	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
أُفْعَلُ	আমি (একজন পুরুষ/স্ত্রী) কৃত হচ্ছি বা হবো	وَاحِد مُتَكَلِّمْ
نُفْعَلُ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) কৃত হচ্ছি বা হবো	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ الْمَنْفِيِّ لِلْمَعْرُوْفِ

না-বাচক বর্তমান ও ভবিষ্যতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ-এর পূর্বে না-অর্থবোধক لَا বা مَا যোগ করলে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ গঠিত হয়ে যায়। তবে এ 'لَا' হ্যাঁ-বোধক অর্থকে না-বোধকে পরিবর্তন করা ব্যতীত অন্য কোনো আমল করবে না। যেমন- يَفْعَلُ হতে لَا يُفْعَلُ

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَا يَفْعَلُ	সে (একজন পুং) করছে না/করবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَا يَفْعَلَانِ	তারা (দুজন পুং) করছে না/করবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَا يَفْعَلُوْنَ	তারা (সকল পুং) করছে না/করবে না	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لَا تَفْعَلُ	সে (একজন স্ত্রী) করছে না/করবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَا تَفْعَلَانِ	তারা (দুজন স্ত্রী) করছে না/করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَا يَفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) করছে না/করবে না	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لَا تَفْعَلُ	তুমি (একজন পুং) করছো না/করবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلَانِ	তোমরা (দুজন পুং) করছো না/করবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلُوْنَ	তোমরা (সকল পুং) করছো না/করবে না	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلِيْنَ	তুমি (একজন স্ত্রী) করছো না/করবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَا تَفْعَلَانِ	তোমরা (দুজন স্ত্রী) করছো না/করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَا تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) করছো না/করবে না	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
لَا أَفْعَلُ	আমি (একজন পুং/স্ত্রী) করছি না/করবো না	وَاحِد مُتَكَلِّمْ
لَا نَفْعَلُ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) করছি না/করবো না	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ اَلْمُضَارِعِ الْمَنْفِيِّ لِلْمَجْهُوْلْ

না-বাচক বর্তমান ও ভবিষ্যতকালীন কর্মবাচ্য ক্রিয়ার রূপান্তর

গঠন প্রণালী : اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَجْهُوْلْ -এর পূর্বে না-অর্থবোধক لَا বা مَا যোগ করলে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْهُوْلْ গঠিত হয়ে যায়। যেমন- يُفْعَلُ হতে لَا يُفْعَلُ - সে (একজন পুং) কৃত হচ্ছে না বা হবে না।

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَا يُفْعَلُ	সে (একজন পুং) কৃত হচ্ছে না/হবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَا يُفْعَلَانِ	তারা (দুজন পুং) কৃত হচ্ছে না/হবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَا يُفْعَلُوْنَ	তারা (সকল পুং) কৃত হচ্ছে না/হবে না	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لَا تُفْعَلُ	সে (একজন স্ত্রী) কৃত হচ্ছে না/হবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَا تُفْعَلَانِ	তারা (দুজন স্ত্রী) কৃত হচ্ছে না/হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَا يُفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) কৃত হচ্ছে না/হবে না	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لَا تُفْعَلُ	তুমি (একজন পুং) কৃত হচ্ছো না/হবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَا تُفْعَلَانِ	তোমরা (দুজন পুং) কৃত হচ্ছো না/হবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَا تُفْعَلُوْنَ	তোমরা (সকল পুং) কৃত হচ্ছো না/হবে না	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَا تُفْعَلِيْنَ	তুমি (একজন স্ত্রী) কৃত হচ্ছো না/হবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَا تُفْعَلَانِ	তোমরা (দুজন স্ত্রী) কৃত হচ্ছো না/হবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَا تُفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) কৃত হচ্ছো না/হবে না	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ
لَا أُفْعَلُ	আমি (একজন পুং/স্ত্রী) কৃত হচ্ছি না/হবো না	وَاحِد مُتَكَلِّمْ
لَا نُفْعَلُ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) কৃত হচ্ছি না/হবো না	جَمَعْ مُتَكَلِّمْ

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১. اَلْمُضَارِعْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২. اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩. اَلْمُضَارِعْ -এর গঠন প্রণালী উদাহরণসহ লেখ।

৪. اَلْمُضَارِعْ -এর আলামত কয়টি এবং কোন কোন সীগায় কোন আলামত ব্যবহৃত হয়?

৫. কোন সাত সীগাহতে نُوْنِ اِعْرَابِیْ যোগ হয়?

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১. يُدْرَسُ ফে'লটি اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَجْهُوْلُ ( )

২. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ -এর উদাহরণ হলো لا تُرْكَبُ ( )

৩. اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ যার দ্বারা বর্তমান বা ভবিষ্যতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায় এবং যার فَاعِلْ জানা আছে। ( )

৪. لَا تَفْتَحُ الْبَابَ অর্থ দরজাটি খোলা হবে না। ( )

৫. মফিজ ইসলামী সাহিত্য পড়ছে-এর আরবি হলো يَدْرُسُ مُفِيْضٌ الْاَدَبَ الْاِسْلَامِيَّ ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১. .... বর্তমানে বা ভবিষ্যতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়।

২. لا تَفْعَلْنَ اَلْمُضَارِعْ হলো ....-এর উদাহরণ।

৩. اَلْمُضَارِعُ الْمُثْبَتُ الْمَجْهُوْلُ -এর উদাহরণ হলো ....।

৪. اَلْمُضَارِعْ -এর আলামত চারটি। যথা.................।

৫. نُوْنِ اِعْرَابِیْ আসে .... সীগা হতে।

اَلدَّرْسُ السَّابِعُ : সপ্তম পাঠ

اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ وَالْمَجْحُوْدُ بِلَمْ

لَنْ যোগে না-বোধক ও لَمْ যোগে অস্বীকৃতিজ্ঞাপক ফে'লে মুদারে

উদাহরণ

(ب)		(الف)	
সে প্রহার করেনি।	لَمْ يَضْرِبْ	সে কখনো ত্যাগ করবে না।	لَنْ يَتْرُكَ
তুমি বসোনি।	لَمْ تَجْلِسْ	তুমি কখনো বিশ্বাস করবে না।	لَنْ تُصَدِّقَ
আমরা কর্তন করিনি।	لَمْ نَقْطَعْ	আমরা কখনো চাইবো না।	لَنْ نَطْلُبَ

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। (الف) অংশের প্রতিটি فِعْلٌ-এর বাহ্যিক রূপ مُضَارِعٌ -এর পূর্বে لَنْ যোগ হয়ে ভবিষ্যতকালে কোনো কাজ না করা বা না হওয়ার দৃঢ়তা প্রকাশ করা হয়েছে। অনুরূপভাবে (ب) অংশের প্রতিটি فِعْلٌ এর বাহ্যিক রূপ مُضَارِعٌ -এর পূর্বে لَمْ যোগ হয়ে অতীতকালে কোনো কাজ করা বা হওয়াকে অস্বীকৃতি জ্ঞাপন করা হয়েছে।

নিয়মাবলি

اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ-এর পরিচয় : যে فِعْلٌ দ্বারা ভবিষ্যতকালে কোনো কাজ না করা বা না হওয়ার দৃঢ়তা প্রকাশ করা হয়, তাকে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ বলে। যেমন- لَن يَذْهَبَ - সে কখনো যাবে না।

গঠন প্রণালী : اَلْمُضَارِعُ -এর পূর্বে لَنْ শব্দটি যোগ করে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ গঠন করতে হয়। যেমন- لَن يَذْهَبَ عَمِيمٌ - আমীম কখনো যাবে না।

لَنْ-এর বৈশিষ্ট্য :

ক. لَنْ এসে اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর পেশবিশিষ্ট পাঁচ সীগাহতে যবর দিবে। صيغة পাঁচটি হলো-

وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ وَاحِدِ مُؤَنَّثِ غَائِبْ وَاحِدِ مُذَكَّرِ حَاضِرْ وَاحِدِ مُتَكَلِّمْ جَمْعِ مُتَكَلِّمْ

খ. نون الاعراب বিশিষ্ট সাত صِيْغَةْ থেকে نُوْنِ اِعْرَابِىْ-কে বিলুপ্ত করে দিবে। صِيْغَةْ গুলো হচ্ছে- চার تَثْنِيَةْ যথা-১. لَنْ يَفْعَلَا ২. لَنْ تَفْعَلَا; ৩. لَنْ تَفْعَلَا ; ৪. لَنْ تَفْعَلَا এবং দুটি جَمْعِ مُذَكَّرِ غَائِبْ ও حَاضِرْ যথা- ১. لَنْ يَفْعَلُوْا ২. لَنْ تَفْعَلُوْا; একটি وَاحِدِ مُؤَنَّثِ حَاضِرْ যথা- لَنْ تَفْعَلِىْ

গ.আর مُؤَنَّثْ-এর সংযুক্ত দু সীগাতে কোনো আমল করবে না। صِيْغَةْ দুটি হলো- جَمْعِ مُؤَنَّثِ غَائِبْ যেমন لَنْ يَفْعَلْنَ ও جَمْعِ مُؤَنَّثِ حَاضِرْ যেমন- لَنْ تَفْعَلْنَ

ঘ. لَنْ হ্যাঁ-বাচক فِعْلْ-এর অর্থকে দৃঢ়তাসূচক ভবিষ্যতকালীন না-বাচকে পরিবর্তন করে দেয়।

اَلْمُضَارِعُ الْمَنْفِىُّ الْجُحُوْدُ بِلَمْ اَلْمَعْرُوْف-এর পরিচয় :

যে فِعْلْ দ্বারা অতীতকালে কোনো কাজ না করার বা না হওয়ার ব্যাপারে দৃঢ়তা তথা অস্বীকৃতি বোঝায় এবং তার فَاعِلْ জানা আছে, তাকে اَلْمُضَارِعُ الْمَنْفِىُّ الْجُحُوْدُ بِلَمْ اَلْمَعْرُوْف বলে। যেমন - لَمْ يَضْرِبْ- সে প্রহার করেনি।

لَمْ-এর বৈশিষ্ট্য:

ক. لَمْ পাঁচ صِيْغَةْ-তে جَزَمْ দেয় যদি শেষ হরফটি حَرْفُ الْعِلَّةِ না হয়। صِيْغَةْ পাঁচটি হলো-

وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ وَاحِدِ مُؤَنَّثْ غَائِبْ وَاحِدِ مُذَكَّرِ حَاضِرْ وَاحِدِ مُتَكَلِّمْ جَمْعِ مُتَكَلِّمْ

তবে لامْ كَلِمَةْ বা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে, তা ফেলে দিতে হবে। যেমন- يَـرْمِىْ থেকে لَمْ يَرْمِ

খ. لَمْ সাতটি صِيْغَةْ হতে نُوْنِ اِعْرَابِىْ কে বাদ দিয়ে দেয়। চার تَثْنِيَةْ দুই جَمْعِ مُـذَكَّرِ غَائِبْ ও حَاضِرْ আর একটি وَاحِدِ مُؤَنَّثِ حَاضِرْ ।

গ. لَمْ দুটি صِيْغَةٌ তে কোনো عَمَلْ করবে না। যেমন- جمع مُؤَنَّثِ غَائِبْ ও حَاضِرْ

ঘ. لَمْ এসে فِعْلِ مُضَارِعْ কে না-বাচক مَاضِىْ-এর অর্থে পরিবর্তন করে দিবে এবং তাতে অস্বীকৃতির ভাব থাকবে।

تَصْرِيْفُ الْفِعْلِ اَلْمُضَارِعِ اَلْمَنْفِىِّ اَلْمُؤَكَّدْ بِلَنْ لِلْمَعْرُوْفْ

لَنْ যুক্ত না-বাচক দৃঢ়তাসূচক ভবিষ্যতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَنْ يَّفْعَلَ	সে (একজন পুরুষ) কখনো করবে না	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَنْ يَّفْعَلَا	তারা (দুজন পুরুষ) কখনো করবে না	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَنْ يَّفْعَلُوْا	তারা (সকল পুরুষ) কখনো করবে না	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَنْ تَفْعَلَ	সে (একজন স্ত্রী) কখনো করবে না	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَنْ تَفْعَلَا	তারা (দুজন স্ত্রী) কখনো করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَنْ يَّفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) কখনো করবে না	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَنْ تَفْعَلَ	তুমি (একজন পুরুষ) কখনো করবে না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَنْ تَفْعَلَا	তোমরা (দুজন পুরুষ) কখনো করবে না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تَفْعَلُوْا	তোমরা (সকল পুরুষ) কখনো করবে না	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَنْ تَفْعَلِى	তুমি (একজন স্ত্রী) কখনো করবে না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَنْ تَفْعَلَا	তোমরা (দুজন স্ত্রী) কখনো করবে না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) কখনো করবে না	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَنْ أَفْعَلَ	আমি (একজন পুরুষ/স্ত্রী) কখনো করবো না	وَاحِد مُتَكَلِّمْ
لَنْ نَفْعَلَ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) কখনো করবো না	جَمْعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ الْفِعْلِ الْمُضَارِعِ اَلْمَنْفِيِّ اَلْمَجْحُوْد بِلَم لِلْمَعْرُوْف

لَم যুক্ত অস্বীকারজ্ঞাপক না-বোধক ভবিষ্যতকালীন কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَمْ يَفْعَلْ	সে (একজন পুরুষ) করেনি	وَاحِد مُذَكَّر غَائِبْ
لَمْ يَفْعَلَا	তারা (দুজন পুরুষ) করেনি	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لَمْ يَفْعَلُوْا	তারা (সকল পুরুষ) করেনি	جَمْعْ مُذَكَّر غَائِبْ
لَمْ تَفْعَلْ	সে (একজন স্ত্রী) করেনি	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لَمْ تَفْعَلَا	তারা (দুজন স্ত্রী) করেনি	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لَمْ يَفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) করেনি	جَمْعْ مُؤَنَّث غَائِبْ
لَمْ تَفْعَلْ	তুমি (একজন পুরুষ) করোনি	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَمْ تَفْعَلَا	তোমরা (দুজন পুরুষ) করোনি	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَمْ تَفْعَلُوْا	তোমরা (সকল পুরুষ) করোনি	جَمْعْ مُذَكَّر حَاضِرْ
لَمْ تَفْعَلِي	তুমি (একজন স্ত্রী) করোনি	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَمْ تَفْعَلَا	তোমরা (দুজন স্ত্রী) করোনি	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَمْ تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) করোনি	جَمْعْ مُؤَنَّث حَاضِرْ
لَمْ أَفْعَلْ	আমি (একজন পুরুষ/স্ত্রী) করিনি	وَاحِد مُتَكَلِّمْ
لَمْ نَفْعَلْ	আমরা (দুজন/সকল পুং/স্ত্রী) করিনি	جَمْعْ مُتَكَلِّمْ

اَلتَّدْرِيْبَاتْ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ الْمَعْرُوْفُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ -এর গঠন প্রণালী উদাহরণসহ লেখ।

৩. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ -এর বৈশিষ্ট্যগুলো লেখ ।

৪. المضارع المنفى المجحود بِلَمْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৫. المضارع المنفى المجحود بلم المعروف কাকে বলে? উদাহরণসহ লেখ।

৬. المضارع المنفى المجحود بِلَمْ-এর বৈশিষ্ট্যগুলো লেখ ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১. যে فِعْلْ দ্বারা অতীতকালে কোনো কাজ না করা বা না হওয়া দৃঢ়তার সাথে বোঝায় এবং তার فَاعِلْ জানা আছে, তাকে اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ الْمَجْهُوْلُ বলে।( )

২. لَنْ يَّفْعَلَنَ ফেলের বহস اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بَلَنْ الْمَعْرُوْفُ ( )

৩. لَنْ يُّتْرَكَ ফে'লটি اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ الْمَعْرُوْفُ-এর সীগাহ। ( )

৪. اَلْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُؤَكَّدُ بِلَنْ الْمَعْرُوْفُ -এর সীগাহ হলো لَنْ يَصْدُقَ ।( )

৫. لَمْ نَطْلُبْ অর্থ আমরা চাইনি। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১. .... যা ভবিষ্যতকালে কোনো কাজ না করা বা না হওয়া দৃঢ়তার সাথে বোঝায়।

২. لَنْ تَصْدُقَ অর্থ .... ।

৩. لَنْ يَتْرُكَ-এর অর্থ হলো.................... ।

৪. لَم نَطْلُب-এর অর্থ হলো .... ।

اَلدَّرْسُ الثَّامِنُ : অষ্টম পাঠ

فِعْلُ الأَمْرِ وَالنَّهْيِ
ফে‘লে আমর ও নাহী

উদাহরণ

(الف)		(ب)	
اُتْرُكْ	তুমি ছেড়ে দাও	لَا تَتْرُكْ	তুমি ছেড়ে দিও না
اُنْصُرْ	তুমি সাহায্য কর	لَا تَجْلِسْ	তুমি বসো না
اُطْلُبْ	তুমি চাও	لَا تَظْلِمْ	তুমি জুলম করো না
لِنَنْصُرْ	আমরা যেন সাহায্য করি	لَا تَخَفْ	তুমি ভয় পেও না

আলোচনা

উপরে উল্লিখিত উদাহরণগুলো লক্ষ্য কর। প্রতিটি শব্দই فِعْلْ এবং এগুলো দ্বারা কোনো কিছুর আদেশ বা নিষেধ করা হয়েছে। (الف) অংশের فِعْلْ গুলোর দ্বারা আদেশ ও অনুরোধ করা বোঝায়। আর (ب) অংশের فِعْلْ গুলোর দ্বারা নিষেধ করা বোঝায়।

নিয়মাবলি

فِعْلُ الأَمْرِ-এর পরিচয় : যে فِعْلْ দ্বারা কোনো আদেশ বা অনুরোধ করা বোঝায়, তাকে فِعْلُ الأَمْرِ বলে। যেমন- اِقْرَءِ الْقُرْاٰنَ - তুমি কুরআন পড়।

فِعْلُ الأَمْرِ-কে তিনভাগে ভাগ করা যায়। যথা-

١. فِعْلُ الْأَمْرِ الْحَاضِرِ ; ٢. فِعْلُ الْأَمْرِ الْغَائِبِ ; ٣. فِعْلُ الْأَمْرِ الْمُتَكَلِّمْ

أَمْر حَاضِر مَعْرُوْف-এর গঠন প্রণালী :

ক. أَمْر حَاضِر مَعْرُوْف مُضَارِعْ حَاضِر مَعْرُوْف-এর সীগাহ থেকে أَمْر حَاضِر مَعْرُوْف গঠন করা হয়। فِعْلِ مُضَارِعْ-এর শুরু থেকে عَلَامَةُ الْمُضَارِعْ-কে বিলুপ্ত করে দিতে হবে।

খ. পরবর্তী অক্ষর হরকতবিশিষ্ট না সাকিনবিশিষ্ট দেখতে হবে। যদি হরকতবিশিষ্ট হয়, তবে لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরের প্রতি লক্ষ্য করতে হবে। لَامْ كَلِمَةْ যদি حَرْفِ صَحِيْحْ হয়, তাহলে সাকিন করতে হবে। যেমন- تَعِدُ হতে عِدْ ; تَضَعُ হতে ضَعْ ; تَهَبُ হতে هَبْ ইত্যাদি।

গ. لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে, তাকে বিলুপ্ত করতে হবে। যেমন- تَقِيْ থেকে قِ, تَلِيْ হতে لِ ইত্যাদি।

ঘ. عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করার পর যদি পরবর্তী অক্ষরটি سَاكِنْ হয়, তাহলে দেখতে হবে عَيْنْ كَلِمَةْ তথা দ্বিতীয় অক্ষরে কি হরকত আছে? যদি তাতে كَسْرَةْ বা فَتْحَةْ থাকে, তাহলে শুরুতে একটি كَسْرَةْ তথা যেরবিশিষ্ট هَمْزَةُ الْوَصْلِ যোগ করতে হবে এবং لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে, তাকে সাকিন করতে হবে। যেমন- تَفْتَحُ হতে اِفْتَحْ, تَضْرِبُ হতে اِضْرِبْ আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে, তাকে বিলুপ্ত করতে হবে। যেমন-تَرْمِيْ হতে اِرْمِ ; تَخْشَى হতে اِخْشَ ইত্যাদি।

ঙ. عَيْنْ كَلِمَةْ তথা দ্বিতীয় অক্ষরটি যদি مَضْمُوْمْ তথা পেশবিশিষ্ট হলে শুরুতে একটি ضَمَّةْ বিশিষ্ট هَمْزَةُ الْوَصْلِ যোগ করতে হবে এবং لَامْ كَلِمَةْ হরফে সহীহ হলে তাকে সাকিন করতে হবে। যেমন- تَنْصُرُ হতে اُنْصُرْ ; تَدْخُلُ হতে اُدْخُلْ; আর لَامْ كَلِمَةْ তথা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে, তাকে বিলুপ্ত করতে হবে। যেমন- تَدْعُوْ হতে اُدْعُ ; تَتْلُوْ হতে اُتْلُ ইত্যাদি।

চ. فِعْلُ الْأَمْرِ -এর সীগাহগুলো থেকে نُوْنُ الْإِعْرَابْ বিলুপ্ত হয়ে যায়।

أَمْر غَائِب وَمُتَكَلِّم مَعْرُوْف-এর গঠন প্রণালী :

مُضَارِع غَائِب مَعْرُوْف থেকে أَمْر غَائِبُ مَعْرُوْف এবং مُضَارِع مُتَكَلِّم مَعْرُوْف থেকে أَمْرُ مُتَكَلِّم مَعْرُوْف গঠন করতে হয়। মুযারে صِيْغَةٌ-এর শুরুতে যেরযুক্ত لَامُ الْاَمْرِ যোগ করতে হবে। অতঃপর لَامْ كَلِمَةٌ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে সাকিন করতে হবে। আর حرف علة হলে তাকে বিলুপ্ত করতে হবে। যেমন- يَنْصُرُ থেকে لِيَنْصُرْ ; يَدْعُو থেকে لِيَدْعُ ; اَفْعَلُ থেকে لاَفْعَلْ এবং اُدْعُو থেকে لاَدْعُ ইত্যাদি।

أَمْر حَاضِر مَجْهُوْل-এর গঠন প্রণালী : مُضَارِع حَاضِر مَجْهُوْل থেকে أَمْر حَاضِر مَجْهُوْل গঠন করতে হয়। مُضَارِع حَاضِر مَجْهُوْل-এর صِيْغَةٌ-এর শুরুতে যেরযুক্ত لَامِ اَمْرْ যোগ করতে হবে এবং لَامْ كَلِمَةٌ তথা শেষ অক্ষরটি حَرْفِ صَحِيْحْ হলে সাকিন করতে হবে। যেমন- تَنْصُرُ থেকে لِتَنْصُرْ - আর যদি لَامْ كَلِمَةٌ টি حَرْفِ عِلَّةْ হয়, তবে তাকে বিলুপ্ত করতে হবে। যেমন- تَدْعُو থেকে لِتَدْعُ; لَامُ الْاَمْرِ শব্দের প্রথমে যেরযুক্ত হয়। যেমন– لِيَعْبُدُوْا

فِعْلُ النَّهِى-এর পরিচয় : যে فِعْلْ দ্বারা কোনো কিছু থেকে নিষেধ করা বোঝায়, তাকে فِعْلُ النَّهِى বলে। যেমন- لا تنصر - সাহায্য করো না।

فِعْلُ النَّهِى-এর গঠন প্রণালী : প্রথমে مُضَارِعْ-এর পূর্বে নিষেধসূচক لا যোগ করে فِعْلُ النَّهِى-এর صِيْغَةٌ গঠিত হয়। অতঃপর পাঁচ صِيْغَةٌ-তে جَزَمْ দেয় যদি শেষ হরফটি حَرْفِ عِلَّةْ না হয়। صِيْغَةٌ পাঁচটি হলো-

وَاحِدِ مُذَكَّرِ غَائِبْ وَاحِدِ مُؤَنَّثِ غَائِبْ وَاحِدِ مُذَكَّرِ حَاضِرْ وَاحِدِ مُتَكَلِّمْ جَمْع مُتَكَلِّمْ

তবে لامْ كَلِمَةٌ বা শেষ অক্ষরটি حَرْفِ عِلَّةْ হলে তা ফেলে দিতে হবে। যেমন- تَرْمِىْ থেকে لا تَرْمِ আর সাতটি صِيْغَةْ হতে نُوْنِ اِعْرَابِىْ কে বাদ দিতে হবে। চার تَثْنِيَةْ দুই جَمْع مُذَكَّرِ غَائِبْ ও حَاضِرْ আর একটি وَاحِدِ مُؤَنَّثِ حَاضِرْ।

تَصْرِيْفُ فِعْلِ اَلْأَمْرِ الْحَاضِرِ لِلْمَعْرُوْفِ

আদেশসূচক মধ্যম পুরুষ কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

রূপান্তর : تَصْرِيْفٌ	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
اِفْعَلْ	তুমি (একজন পুরুষ) কর	وَاحِد مُذَكَّر حَاضِرْ
اِفْعَلَا	তোমরা (দুজন পুরুষ) কর	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
اِفْعَلُوْا	তোমরা (সকল পুরুষ) কর	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
اِفْعَلِيْ	তুমি (একজন স্ত্রী) কর	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
اِفْعَلَا	তোমরা (দুজন স্ত্রী) কর	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
اِفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) কর	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ

تَصْرِيْفُ الأَمْرِ الْغَائِبِ وَالْمُتَكَلِّمِ لِلْمَعْرُوْفِ

আদেশসূচক নাম পুরুষ ও উত্তম পুরুষ কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

রূপান্তর : تَصْرِيْفٌ	অর্থ : مَعْنَى	اِسْمُ الصِّيْغَةِ
لِيَفْعَلْ	সে (একজন পুরুষ) যেন করে	وَاحِد مُذَكَّر غَائِبْ
لِيَفْعَلَا	তারা (দুজন পুরুষ) যেন করে	تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ
لِيَفْعَلُوْا	তারা (সকল পুরুষ) যেন করে	جَمَعْ مُذَكَّر غَائِبْ
لِتَفْعَلْ	সে (একজন স্ত্রী) যেন করে	وَاحِد مُؤَنَّث غَائِبْ
لِتَفْعَلَا	তারা (দুজন স্ত্রী) যেন করে	تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ
لِيَفْعَلْنَ	তারা (সকল স্ত্রী) যেন করে	جَمَعْ مُؤَنَّث غَائِبْ
لِاَفْعَلْ	আমি (একজন পুরুষ/স্ত্রী) যেন করি	وَاحِد مُتَكَلِّمْ
لِنَفْعَلْ	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) যেন করি	جَمَعْ مُتَكَلِّمْ

تَصْرِيْفُ فِعْلِ الْأَمْرِ الْحَاضِرِ لِلْمَجْهُوْلِ

আদেশসূচক মধ্যম পুরুষ কর্মবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لِتُفْعَلْ	তুমি (একজন পুরুষ) কৃত হও	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لِتُفْعَلَا	তোমরা (দুজন পুরুষ) কৃত হও	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لِتُفْعَلُوْا	তোমরা (সকল পুরুষ) কৃত হও	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لِتُفْعَلِيْ	তুমি (একজন স্ত্রী) কৃত হও	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لِتُفْعَلَا	তোমরা (দুজন স্ত্রী) কৃত হও	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لِتُفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) কৃত হও	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ

تَصْرِيْفُ فِعْلِ النَّهْيِ الْحَاضِرِ لِلْمَعْرُوْفِ

নিষেধসূচক মধ্যম পুরুষ কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
لَا تَفْعَلْ	তুমি (একজন পুরুষ) করো না	وَاحِد مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلَا	তোমরা (দুজন পুরুষ) করো না	تَثْنِيَةْ مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلُوْا	তোমরা (সকল পুরুষ) করো না	جَمَعْ مُذَكَّر حَاضِرْ
لَا تَفْعَلِيْ	তুমি (একজন স্ত্রী) করো না	وَاحِد مُؤَنَّث حَاضِرْ
لَا تَفْعَلَا	তোমরা (দুজন স্ত্রী) করো না	تَثْنِيَةْ مُؤَنَّث حَاضِرْ
لَا تَفْعَلْنَ	তোমরা (সকল স্ত্রী) করো না	جَمَعْ مُؤَنَّث حَاضِرْ

تَصْرِيْفُ فِعْلِ النَّهْيِ الْغَائِبِ وَالْمُتَكَلِّمِ لِلْمَعْرُوْفِ

নিষেধসূচক নাম ও উত্তম পুরুষ কর্তৃবাচ্য ক্রিয়ার রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفٌ : রূপান্তর
وَاحِد مُذَكَّر غَائِبْ	সে (একজন পুং) যেন না করে	لاَ يَفْعَلْ
تَثْنِيَةْ مُذَكَّر غَائِبْ	তারা (দুজন পুং) যেন না করে	لاَ يَفْعَلاَ
جَمَعْ مُذَكَّر غَائِبْ	তারা (সকল পুং) যেন না করে	لاَ يَفْعَلُوْا
وَاحِد مُؤَنَّث غَائِبْ	সে (একজন স্ত্রী) যেন না করে	لاَ تَفْعَلْ
تَثْنِيَةْ مُؤَنَّث غَائِبْ	তারা (দুজন স্ত্রী) যেন না করে	لاَ تَفْعَلاَ
جَمَعْ مُؤَنَّث غَائِبْ	তারা (সকল স্ত্রী) যেন না (করে	لاَ يَفْعَلْنَ
وَاحِد مُتَكَلِّمْ	আমি (একজন পুং/স্ত্রী) যেন না করি	لاَ اَفْعَلْ
جَمَعْ مُتَكَلِّمْ	আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী) যেন না করি	لاَ نَفْعَلْ

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১. فِعْلُ الْأَمْرِ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২. فِعْل أَمْرِ حَاضِر-এর সীগাহ কয়টি ও কী কী? উদাহরণসহ লেখ।

৩. أَمْرُ حَاضِر مَعْرُوْفٌ-এর গঠন প্রণালী উদাহরণসহ লেখ।

৪. فِعْلُ النَّهْيِ-এর গঠন প্রণালী বর্ণনা কর।

৫. فِعْلُ النَّهِي কাকে বলে? উদাহরণসহ লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১. যে فِعْلُ দ্বারা কোনো কাজের আদেশ করা বোঝায়, তাকে فِعْلُ الْأَمْرِ বলে। ( )

২. مُضَارِعْ حَاضِرْ مَعْرُوْف থেকে أَمْرُ حَاضِرْ مَعْرُوْف গঠিত হয়। ( )

৩. عَيْنُ كَلِمَةٌ তে فَتَحَةٌ ও كَسْرَ হলে هَمْزَةُ الْوَصْلِ টি ضُمَّةٌ বিশিষ্ট হয়। ( )

৪. عَيْنُ كَلِمَةٌ তে ضُمَّةٌ হলে هَمْزَةُ الْوَصْلِ টি ضُمَّةٌ বিশিষ্ট হয়। ( )

৫. لَا تَفْعَلُوْا শব্দটি فِعْلُ النَّهْيِ الْمَعْرُوْف এর جَمْعَ مُؤَنَّثِ حَاضِرْ-এর সীগাহ ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১. যে فعل দ্বারা কোনো কাজের আদেশ করা বোঝায়, তাকে .... বলে।

২. اَلْمُضَارِعِ اَلْغَائِب-এর প্রথমে لام الأمر যোগ করলে.............গঠিত হয়।

৩. الأمر الْمُتَكَلم-এর সীগাহ ....টি।

৪. افعلى শব্দটি ....।

৫. لا نفعل ফে'লটি فعل النهى المعروف-এর .... এর সীগাহ।

اَلدَّرْسُ التَّاسِعُ : নবম পাঠ

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ

فعل হতে গঠিত ইসমসমূহ

উদাহরণ

(الف)		(ب)		(ج)	
عَالِمٌ	জ্ঞানী	مَكْتُوْبٌ	লিখিত	مَدْخَلٌ	প্রবেশদ্বার
صَادِقٌ	সত্যবাদী	مَصْبُوْغٌ	রঞ্জিত	مَسْجِدٌ	মসজিদ
عَابِدَةٌ	ইবাদতগুযার	مَحْمُوْدٌ	প্রশংসিত	مَشْرِقٌ	উদয়স্থল

(د)		(ه)	
مِصْعَدٌ	লিফট	أَكْبَرُ	অধিক বড়
مِلْعَقَةٌ	চামুচ	أَفْضَلُ	সর্বোত্তম
مِقْرَاضٌ	কাঁচি	عُظْمٰى	সবচেয়ে বড়

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি শব্দ فِعْلٌ থেকে গঠিত এক একটি اسم ; (الف) অংশের ইসমসমূহ ক্রিয়া সম্পাদনকারী এবং (ب) অংশের ইসমসমূহ ক্রিয়া সম্পন্ন হওয়া বোঝাচ্ছে। (ج) অংশের ইসমগুলো দ্বারা স্থান বোঝাচ্ছে ও সময় বোঝাচ্ছে। অপরদিকে (د) অংশের শব্দাবলি বিভিন্ন পরিমাপের যন্ত্র বোঝাচ্ছে। আর (ه) অংশের প্রত্যেকটি শব্দ অধিক গুণ প্রকাশ করেছে।

নিয়মাবলি

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ-এর পরিচয় : কতকগুলো اِسْمٌ (বিশেষ্য) ক্রিয়াপদ থেকে গঠিত হয়। সাধারণত مُضَارِعْ থেকে এগুলো গঠিত হয়। এ কারণে এগুলোকে اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ বলা হয়। সুতরাং যে اِسْمْ সমূহ কোনো فِعْلْ (ক্রিয়া) হতে গঠিত হয় তাকে اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ বলে। যেমন- ضَارِبٌ - প্রহারকারী, مَضْرُوْبٌ - প্রহৃত ইত্যাদি।

اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ-এর প্রকারভেদ : اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّةُ পাঁচ প্রকার। যথা-

১. اِسْمُ الْفَاعِلْ (কর্তৃবাচক বিশেষ্য);
২. اِسْمُ الْمَفْعُوْلْ (কর্মবাচক বিশেষ্য);
৩. اِسْمُ الظَّرْفْ (স্থান বা কালবাচক বিশেষ্য);
৪. اِسْمُ الْأَلَةْ (যন্ত্রবাচক বিশেষ্য);
৫. اِسْمُ التَّفْضِيلْ (তুলনামূলক আধিক্য অর্থজ্ঞাপক বিশেষ্য)।

اِسْمُ الْفَاعِلِ-এর বর্ণনা

اِسْمُ الْفَاعِلْ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اسم দ্বারা فِعْل (ক্রিয়া) সম্পাদনকারীকে বোঝায়, তাকে اِسْمُ الْفَاعِلْ (কর্তৃবাচক বিশেষ্য) বলে। যেমন- ضَارِبٌ - প্রহারকারী نَاصِرٌ - সাহায্যকারী, قَاتِلٌ - হত্যাকারী ইত্যাদি।

গঠন প্রণালী : فِعْل مُضَارِع مَعْرُوْف থেকে اِسْمُ الْفَاعِلْ গঠিত হয়। তিন অক্ষরবিশিষ্ট فِعْل থেকে اِسْمُ الْفَاعِل গঠন করতে হলে فِعْل مُضَارِعْ مَعْرُوْف থেকে عَلَامَةُ الْمُضَارِعْ বিলুপ্ত করে فاء কালিমায় فتحة তথা যবর দিতে হবে। فاء ও عين كلمة- এর মাঝে একটি الف যুক্ত করতে হবে। অতঃপর عين কালিমায় كسرة তথা যের না থাকলে كسرة দিতে হবে ও لام কালিমায় تنوين (দুপেশ) দিতে হবে, তাহলে اِسْمُ الْفَاعِلْ গঠিত হবে। যেমন- يَفْعَلُ থেকে فَاعِلٌ ; يَضْرِبُ থেকে ضَارِبٌ ; يَنْصُرُ থেকে نَاصِرٌ ; يَسْمَعُ থেকে سَامِعٌ ইত্যাদি।

تَصْرِيْفُ اِسْمِ الْفَاعِلْ

কর্তৃবাচক বিশেষ্যের রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
فَاعِلٌ	একজন (পুরুষ) সম্পাদনকারী	وَاحِد مُذَكَّر
فَاعِلاَنِ	দুজন (পুরুষ) সম্পাদনকারী	تَثْنِيَةْ مُذَكَّر
فَاعِلُوْنَ	সকল (পুরুষ) সম্পাদনকারী	جَمَعْ مُذَكَّر
فَاعِلَةٌ	একজন (স্ত্রী) সম্পাদনকারীনী	وَاحِد مُؤَنَّث
فَاعِلَتَانِ	দুজন (স্ত্রী) সম্পাদনকারীনী	تَثْنِيَةْ مُؤَنَّث
فَاعِلاَتٌ	সকল (স্ত্রী) সম্পাদনকারীনী	جَمَعْ مُؤَنَّث

اِسْمُ الْمَفْعُوْل -এর বর্ণনা

اِسْمُ الْمَفْعُوْلْ-এর পরিচয় : فِعْل (ক্রিয়াপদ) থেকে গঠিত যে ইসম দ্বারা তথা ক্রিয়া যার ওপর পতিত হয় বোঝায়, তাকে اِسْمُ الْمَفْعُوْلْ বলা হয়। যেমন– مَنْصُوْرٌ - সাহায্যপ্রাপ্ত, مَضْرُوْبٌ - প্রহৃত, مَقْتُوْلٌ - নিহত ইত্যাদি।

গঠন প্রণালী : فِعْل مُضَارِعْ مَجْهُوْل থেকে اِسْمُ الْمَفْعُوْلْ গঠিত হয়। তিন অক্ষরবিশিষ্ট فِعْل مُضَارِعْ مَجْهُوْل থেকে اِسْمُ الْمَفْعُوْلْ গঠন করতে হলে فِعْل থেকে عَلاَمَةُ الْمُضَارِع কে বিলুপ্ত করে সে স্থানে একটি যবরবিশিষ্ট মীম যোগ করতে হবে। অতঃপর عين কালিমায় পেশ দিয়ে عين ও لام কালিমার মাঝে একটি জযমবিশিষ্ট واو যোগ করতে হবে এবং لام কালিমায় تنوين (দুপেশ) দিতে হবে, তাহলে اِسْمُ الْمَفْعُوْلْ গঠিত হবে। যেমন- يُضْرَبُ থেকে مَضْرُوْبٌ ; يُنْصَرُ থেকে مَنْصُوْرٌ ইত্যাদি।

تَصْرِيْفُ اِسْمِ الْمَفْعُوْلِ

কর্মবাচক বিশেষ্যের রূপান্তর

اِسْمُ الصِّيْغَةِ	مَعْنَى : অর্থ	تَصْرِيْفُ : রূপান্তর
وَاحِد مُذَكَّر	একজন (পুরুষ) কৃত	مَفْعُوْلٌ
تَثْنِيَةْ مُذَكَّر	দুজন (পুরুষ) কৃত	مَفْعُوْلاَنِ
جَمَعْ مُذَكَّر	সকল (পুরুষ) কৃত	مَفْعُوْلُوْنَ
وَاحِد مُؤَنَّث	একজন (স্ত্রী) কৃত	مَفْعُوْلَةٌ
تَثْنِيَةْ مُؤَنَّث	দুজন (স্ত্রী) কৃত	مَفْعُوْلَتَانِ
جَمَعْ مُؤَنَّث	সকল (স্ত্রী) কৃত	مَفْعُوْلاَتٌ

اِسْمُ الظَّرْفِ-এর বর্ণনা

اِسْمُ الظَّرْفِ-এর পরিচয় : فِعْل (ক্রিয়াপদ) থেকে গঠিত যে ইসম কোনো فِعْل (ক্রিয়া) সংঘটিত হওয়ার স্থান বা কাল বোঝায়, তাকে اِسْمُ الظَّرْفِ বলে।

اِسْمُ الظَّرْفِ-এর প্রকার : اِسْمُ الظَّرْفِ দু প্রকার। যথা-

১. ظَرْف زَمَانْ (কালাধিকরণ),

২. ظَرْف مَكَانْ (স্থানাধিকরণ)।

১. ظَرْف زَمَانْ (কালাধিকরণ) : فِعْل থেকে গঠিত যে ইসম কোনো فِعْل তথা ক্রিয়া সংঘটিত হওয়ার সময় বা কালকে বোঝায়, তাকে ظرف زمان বলে। যেমন- مَوْعِدٌ (প্রতিশ্রুতির সময়)।

২. ظَرْفُ مَكَانْ (স্থানাধিকরণ) : فِعْل থেকে গঠিত যে ইসম কোনো فِعْل তথা ক্রিয়া সংঘটিত হওয়ার স্থান বোঝায়, তাকে ظَرْف مَكَانْ বলে। যেমন- مَسْجِدٌ (সিজদার স্থান)।

গঠন প্রণালী : فِعْل مُضَارِع হতে اِسْمُ الظَّرْفِ গঠিত হয়। প্রথমে فِعْل مُضَارِع-এর শুরু থেকে عَلَامَة مُضَارِع কে বিলুপ্ত করে সে স্থানে একটি যবরবিশিষ্ট মীম যোগ করতে হবে এবং عين কালিমায় পেশ থাকলে যবর দিতে হবে ও لام কালিমায় تنوين (দু'পেশ) দিতে হবে, তাহলে اسم الظرف গঠিত হবে। যেমন- يَفْعَلُ থেকে مَفْعَلٌ ; يَنْصُرُ থেকে مَنْصَرٌ ; يَلْعَبُ থেকে مَلْعَبٌ ; يَجْلِسُ থেকে مَجْلِسٌ ইত্যাদি।

اِسْمُ الظَّرْفِ -এর সীগাহ তিনটি। নিম্নে এর রূপান্তর প্রদত্ত হলো-

تَصْرِيْفُ اِسْمِ الظَّرْف
স্থান/কালবাচক বিশেষ্যের রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর	مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَفْعَلٌ	করার একটি স্থান	وَاحِد
مَفْعَلاَنِ	করার দুটি স্থান	تَثْنِيَةٌ
مَفَاعِلُ	করার অনেক স্থান	جَمْعٌ

اِسْمُ الآلَةِ -এর বর্ণনা

اِسْمُ الْآلَةِ-এর পরিচয় : فِعْل থেকে গঠিত যে اِسْم দ্বারা কোনো فِعْل তথা ক্রিয়া সম্পাদন করার যন্ত্র বা হাতিয়ার বুঝানো হয়, তাকে اِسْمُ الآلَةِ (যন্ত্রবাচক বিশেষ্য) বলা হয়। যেমন- مِصْعَدٌ (উপরে উঠার একটি যন্ত্র বা লিফ্‌ট)।

اِسْمُ الْآلَةِ তিন প্রকার। যথা–

১. اَلصُّغْرٰى (ক্ষুদ্র); ২. اَلْوُسْطٰى (মধ্যম); ৩. اَلْكُبْرٰى (বৃহৎ)

গঠন প্রণালী : اَلْفِعْل الْمُضَارِعْ হতে اِسْمُ الْآلَةِ গঠিত হয়। নিম্নে তা বর্ণিত হলো-

ক. اَلصُّغْرٰى : عَلَامَةُ الْمُضَارِعْ-কে বিলুপ্ত করে সেস্থানে একটি যেরবিশিষ্ট মীম যোগ করতে হবে এবং عَيْن কালিমায় যবর না থাকলে যবর দিতে হবে ও لَامْ কালিমায় تَنْوِيْن (দুপেশ) দিতে হবে, তাহলে اِسْمُ الْآلَةِ -এর صُغْرٰى-এর সীগাহ গঠিত হবে। যেমন- يَفْعَلُ থেকে مِفْعَلٌ।

খ. اَلْوُسْطٰى : صُغْرٰى -এর لَامْ কালিমায় যবর দিয়ে উহার পরে একটি দুপেশ যুক্ত গোল তা (ةٌ) বসালেই اِسْمُ الْآلَةِ -এর وُسْطٰى-এর সীগাহ গঠিত হবে। যেমন- مِفْعَلٌ হতে مِفْعَلَةٌ

গ. اَلْكُبْرٰى : اِسْمُ الْآلَةِ - صُغْرٰى-এর عَيْن কালিমার পরে একটি اَلِفْ বৃদ্ধি করলেই এর كُبْرٰى-এর সীগাহ গঠিত হবে। যেমন- مِفْعَلٌ হতে مِفْعَالٌ

উল্লেখ্য যে, শ্রেণি ও বচনভেদে اِسْمُ الْآلَةِ -এর নয়টি সীগাহ হয়।

تَصْرِيْفُ اِسْمِ الْآلَةْ

যন্ত্রবাচক বিশেষ্যের রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর		مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَوْزُوْنْ بِهِ	مَوْزُوْنْ		
مِفْعَلٌ	مِصْعَدٌ	উপরে ওঠার একটি যন্ত্র	وَاحِد صُغْرٰى
مِفْعَلَانِ	مِصْعَدَانِ	উপরে ওঠার দুটি যন্ত্র	تَثْنِيَةْ صُغْرٰى
مَفَاعِلُ	مَصَاعِدُ	উপরে ওঠার অনেক যন্ত্র	جَمْعْ صُغْرٰى
مِفْعَلَةٌ	مِلْعَقَةٌ	খাদ্য খাওয়ার একটি যন্ত্র	وَاحِد وُسْطٰى
مِفْعَلَتَانِ	مِلْعَقَتَانِ	খাদ্য খাওয়ার দুটি যন্ত্র	تَثْنِيَةْ وُسْطٰى
مَفَاعِلُ	مَلَاعِقُ	খাদ্য খাওয়ার অনেক যন্ত্র	جَمْعْ وُسْطٰى

اِسْمُ الصِّيْغَةِ	অর্থ : مَعْنَى	রূপান্তর : تَصْرِيْفٌ	
		مَوْزُوْنٌ	مَوْزُوْنٌ بِهِ
وَاحِد كُبْرٰى	কর্তন করার একটি যন্ত্র	مِقْرَاضٌ	مِفْعَالٌ
تَثْنِيَةْ كُبْرٰى	কর্তন করার দুটি যন্ত্র	مِقْرَاضَانِ	مِفْعَالاَنِ
جَمْعْ كُبْرٰى	কর্তন করার বৃহৎ যন্ত্র	مَقَارِيْضُ	مَفَاعِيْلُ

বি:দ্র: উল্লিখিত তিনটি ওযন (مِفْعَالٌ ও مِفْعَلَةٌ ، مِفْعَلٌ)-এর প্রত্যেকটিকে যে কোনো একটি فِعْل থেকে সাধারণত গঠন করা হয় না; বরং কোনো فِعْل থেকে مِفْعَلٌ এর وَزَن-এ গঠন করা হয়। যেমন- يَصْعَدُ থেকে مِصْعَدٌ; কোনো فِعْل থেকে مِفْعَلَةٌ-এর وَزَن-এ গঠন করা হয়। যেমন- يَلْعَقُ থেকে مِلْعَقَةٌ ; আবার কোনো فِعْل থেকে مِفْعَالٌ-এর وزن-এ গঠন করা হয়। যেমন- يَعْرُجُ থেকে مِعْرَاجٌ ইত্যাদি।

اِسْمُ التَّفْضِيْلِ-এর বর্ণনা

اِسْمُ التَّفْضِيْلْ-এর পরিচয় : فِعْل (ক্রিয়াপদ) থেকে গঠিত যে اسم দ্বারা সমগুণ বিশিষ্ট একাধিক ব্যক্তি বা বস্তুর মধ্য হতে একটিকে অপরটির ওপর অগ্রাধিকার দেয়া বা তুলনা করা বোঝায়, তাকে اِسْمُ التَّفْضِيْلْ বলা হয়। যেমন- أَعْلَمُ- অধিক জ্ঞানী।

গঠন প্রণালী : مضارع فِعْل থেকে اِسْمُ التَّفْضِيْلْ গঠিত হয়। اِسْمُ التَّفْضِيْلْ -এর مذكر ও مؤنث-এর সীগাহ গঠনের পদ্ধতি ভিন্ন ভিন্ন। নিম্নে তা আলোচনা করা হলো-

مُذَكَّرْ : مضارع فِعْل-এর শুরু থেকে عَلاَمَةُ الْمُضَارِعْ কে বিলুপ্ত করে সেস্থানে একটি যবরবিশিষ্ট همزة বসাতে হবে এবং عين কালিমায় যবর না থাকলে যবর দিতে হবে, তাহলে اِسْمُ التَّفْضِيْلْ -এর مذكر-এর সীগাহ হবে। যেমন- يَفْعَلُ হতে أَفْعَلُ ।

مُؤَنَّثٌ : فِعْل مُضَارِعْ-এর শুরু থেকে علامة المضارع কে বিলুপ্ত করে فاء কালিমায় পেশ দিতে হবে এবং عين কালিমায় জযম ও لام কালিমার পরে একটি الف المقصورة যোগ করতে হবে, তাহলে اِسْمُ التَّفْضِيْلْ -এর মুؤنث-এর সীগাহ গঠিত হবে। যেমন- تَفْعَلُ থেকে فُعْلٰى ।

اِسْمُ التَّفْضِيْلْ -এর ৬টি সীগাহ হয়। নিম্নে এর রূপান্তর দেখানো হলো-

تَصْرِيْفُ اسْمِ التَّفْضِيْلِ
তুলনামূলক আধিক্য অর্থজ্ঞাপক বিশেষ্যের রূপান্তর

تَصْرِيْفٌ : রূপান্তর		مَعْنَى : অর্থ	اِسْمُ الصِّيْغَةِ
مَوْزُوْنٌ بِهٖ	مَوْزُوْنٌ		
أَفْعَلُ	أَحْسَنُ	অধিক সুন্দর একজন পুরুষ	وَاحِدِ مُذَكَّر
أَفْعَلَانِ	أَحْسَنَانِ	অধিক সুন্দর দুজন পুরুষ	تَثْنِيَةْ مُذَكَّر
أَفَاعِلُ/أَفْعَلُوْنَ	أَحَاسِنُ/أَحْسَنُوْنَ	অধিক সুন্দর সকল পুরুষ	جَمْعْ مُذَكَّر
فُعْلٰى	حُسْنٰى	অধিক সুন্দরী একজন স্ত্রী	وَاحِدِ مُؤَنَّث
فُعْلَيَانِ	حُسْنَيَانِ	অধিক সুন্দরী দুজন স্ত্রী	تَثْنِيَةْ مُؤَنَّث
فُعَلٌ/ فُعْلَيَاتٌ	حُسَنٌ/حُسْنَيَاتٌ	অধিক সুন্দরী সকল স্ত্রী	جَمْعْ مُؤَنَّث

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১. اسم المشتق কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২. اسم الفاعل কাকে বলে? উহার গঠন প্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

৩. اسم المَفْعُوْل কাকে বলে? উহার গঠন প্রণালী উদাহরণসহ বর্ণনা কর।

৪. اسم الظرف কাকে বলে? তা কত প্রকার ও কী কী? উদাহরণসহ বর্ণনা কর।

৫. اسم الالة কাকে বলে? তা কত প্রকার ও কী কী? উদহারণসহ লেখ।

৬. اسم التفضيل কাকে বলে? তা কতপ্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১. ক্রিয়া সম্পাদনকারীর গুণ বিদ্যমান اسم-এর নাম اسم الفاعل ( )

২. الثوب المصبوغ-এর অর্থ হলো, রঙিন কাপড়। ( )

৩. مكتوب শব্দটি اسم الظرف-এর সীগাহ। ( )

৪. اسم الالة-এর সীগাহ নয়টি। ( )

৫. اسم التفضيل-এর جمع مؤنث -এর সীগাহ হলো فاعل। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১. ....ঐ اسم যার মধ্যে ক্রিয়া সংঘটিত হওয়ার স্থান বা কালের অর্থ বিদ্যমান।

২. ক্রিয়া সম্পাদন যন্ত্র বা উপকরণ বোঝায় এমন اسم-এর নাম.......... ।

৩. مسكن হলো .... এর উদাহরণ।

৪. 'কর্তন করার একটি যন্ত্র' এর আরবি হলো................. ।

৫. زبير أجمل-এর বাংলা হলো .... ।

اَلدَّرْسُ الْعَاشِرُ : দশম পাঠ

أَبْوَابُ الْفِعْلِ

ফে'লের باب সমূহ

উদাহরণ

(الف)		(ب)		(ج)	
نَصَرَ	সাহায্য করল	أَكْرَمَ	সম্মান করল	بَعْثَرَ	উত্তেজিত করলো
ضَرَبَ	প্রহার করল	صَرَّفَ	ফিরালো	بَسْمَلَ	বিসমিল্লাহ পড়লো
فَتَحَ	খুলল	شَارَكَ	অংশগ্রহণ করল		

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। (ألف) অংশের প্রত্যেক শব্দে তিনটি হরফ রয়েছে এবং তিনটি শব্দই حَرْفِ أَصْلِي তথা মূল হরফ। (ب) ও (ج) অংশের فعل গুলোতে তিনের অধিক হরফ আছে, তন্মধ্যে (ب) অংশের তিনটি حَرْفِ أَصْلِي বাকিগুলো حَرْفِ زائد তথা অতিরিক্ত হরফ এবং (ج) অংশের চারটি অক্ষরই حَرْفِ أَصْلِي বা মূল অক্ষর।

নিয়মাবলি

اَلْأَفْعَالُ الْمُتَصَرِّفَةُ তথা (রূপান্তরশীল ক্রিয়া) মূল حَرْف-এর গঠন অনুসারে দু ভাগে বিভক্ত। যথা-

১. ثُلَاثِيٌّ (তিন অক্ষরবিশিষ্ট) ও ২. رُبَاعِيٌّ (চার অক্ষরবিশিষ্ট)

ثُلَاثِيْ-এর বর্ণনা : যার فِعْل ماضى-এর সীগায় حرف أصلى তিনটি রয়েছে, তাকে ثُلَاثِيْ বলে। যেমন- ضَرَبَ، كَرُمَ، سَمِعَ، نَصَرَ ইত্যাদি।

ثُلَاثِيْ দু প্রকার। যথা-

১. ثُلَاثِيْ مجرد (অতিরিক্তমুক্ত ছুলাছী) ২. ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ (অতিরিক্তসহ ছুলাছী)

১. ثُلَاثِيْ مُجَرَّد : যার مَاضِيْ-এর সীগায় حَرْفِ اَصْلِي ব্যতীত অতিরিক্ত কোনো حَرْفْ পাওয়া যায় না, তাকে ثُلَاثِيْ مُجَرَّدْ বলে। যেমন- سَمِعَ، نَصَرَ ও ضَرَبَ ইত্যাদি।

ثُلَاثِيْ مُجَرَّدْ আবার দু ভাগে বিভক্ত। যেমন-

১. مُطَّرِدْ (অধিক ব্যবহৃত) এবং ২. شَاذْ (অপ্রচলিত)।

مُطَّرِدْ : যে فِعْل-এর وزن বেশি ব্যবহৃত হয়, তাকে مُطَّرِدْ বলে। যেমন- ضَرَبَ

شَاذْ : যে فِعْل-এর وزن কম ব্যবহৃত হয়, তাকে شَاذْ বলে। যেমন- فَضُلَ

২. ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ : যার ماضى-এর সীগায় حرف أصلى ছাড়াও অতিরিক্ত حرف পাওয়া যায়, তাকে ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ বলে। যেমন- سَاعَدَ، اِجْتَنَبَ ও أَكْرَمَ ইত্যাদি।

ثُلَاثِيْ مَزِيْدْ فِيْهِ আবার দু প্রকার। যথা-

১. غير ملحق برُبَاعِي بِهَمْزَةِ الْوَصل ; যেমন- اِفْتِعَالٌ

২. غير ملحق برُبَاعِي بغير همزة الوصل ; যেমন- اِفْعَالٌ

رُبَاعِي-এর বর্ণনা : যার فِعْل ماضى-এর সীগায় حرف أصلى চারটি রয়েছে, তাকে رُبَاعِي বলে। যেমন- بعثر ; رُبَاعِي দু প্রকার। যথা-

১. رُبَاعِي مجرد ; ২. رُبَاعِي مزيد فيه

رُبَاعِي مزيد فيه আবার দু প্রকার। যথা-

১. رُبَاعِي مزيد فيه بهمزة الوصل ; যথা- اِفْعِنْلَالٌ

২. رُبَاعِي مزيد فيه بغير همزة الوصل যথা- تَفَعْلُلٌ

সংক্ষেপে باب-فعل-এর সমূহ

ثُلَاثِيْ مُجَرَّدْ	مطرد-এর ৫ বাব	১. نَصَرَ ২. ضَرَبَ ৩. سَمِعَ ৪. فَتَحَ ৫. كَرُمَ
	شاذ-এর ৩ বাব	১. حَسِبَ ২. فَضُلَ ৩. كَادَ
ثُلَاثِيْ مزيد فيه	همزة الوصل-এর ৯ বাব	১. اِفْتِعَالٌ ২. اِسْتِفْعَالٌ ৩. اِنْفِعَالٌ ৪. اِفْعِلَالٌ ৫. اِفْعِيْلَالٌ ৬. اِفْعِيْعَالٌ ৭. اِفْعِوَّالٌ ৮. اِفَّاعُلٌ ৯. اِفَّعُّلٌ
	بغير همزة الوصل-এর ৫ বাব	১. إِفْعَالٌ ২. تَفْعِيْلٌ ৩. تَفَعُّلٌ ৪. تَفَاعُلٌ ৫. مُفَاعَلَةٌ
رُبَاعِي	رُبَاعِي مُجَرَّدْ -এর ১ বাব	فَعْلَلَةٌ
	بِهمزة الوصل-এর ২ বাব	১. اِفْعِلَّالٌ ২. اِفْعِنْلَالٌ
	بغير همزة الوصل-এর ১বাব	تَفَعْلُلٌ
ثُلَاثِيْ مزيد فيه	ملحق برُبَاعِي مُجَرَّدْ -এর ৭ বাব	১. فَعْلَلَةٌ ২. فَعْنَلَةٌ ৩. فَعْوَلَةٌ ৪. فَوْعَلَةٌ ৫. فَيْعَلَةٌ ৬. فَعْيَلَةٌ ৭. فَعْلَاةٌ
	ملحق برُبَاعِي بتدحرج-এর ৮ বাব	১. تَفَعْلُلٌ ২. تَفَعْنُلٌ ৩. تَمَفْعُلٌ ৪. تَفَعْلُةٌ ৫. تَفَوْعُلٌ ৬. تَفَعْوُلٌ ৭. تَفَيْعُلٌ ৮. تَفَعْيُلٌ
	ملحق برُبَاعِي باحرنجم-এর ২ বাব	১. اِفْعِنْلَالٌ ২. اِفْعِنْلَاءٌ

চিত্রের সাহায্যে باب-منشعب-এর সমূহ

ثُلَاثِیْ مُجَرَّدْ -এর সর্বমোট ৮ বাব	সর্বমোট ৪৩ বাব
ثُلَاثِیْ مَزِیْدْ فِیْهِ ملحق برُبَاعِی -এর সর্বমোট ১৭ বাব	
ثُلَاثِیْ مَزِیْدْ فِیْهِ غیر ملحق برُبَاعِی -এর সর্বমোট ১৪ বাব	
رُبَاعِی مُجَرَّدْ -এর ১ বাব	
رُبَاعِی مَزِیْدْ فِیْه-এর সর্বমোট ৩ বাব	

আরবি ভাষার ৪৩ বাব থেকে প্রসিদ্ধ ১১টি বাবের আলোচনা নিম্নে প্রদান করা হলো-

اَلْبَابُ الْاَوَّلُ : প্রথম বাব

فَعَلَ ، يَفْعُلُ (نَصَرَ ، يَنْصُرُ)

এ بَابْ-এর فِعْلِ مَاضِىْ مَعْرُوْف-এর عَيْنْ كَلِمَةْ টি যবরবিশিষ্ট হবে এবং فِعْلْ مُضَارِعْ مَعْرُوْف-এর عَيْنْ كَلِمَةْ টি পেশবিশিষ্ট হবে। যেমন- اَلنَّصْرُ وَالنُّصْرَةُ - সাহায্য করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْثْ	صَرْفِ صَغِيْرْ		بَحْثْ
نَصَرَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	وَتَثْنِيَتُهُمَا	مَنْصَرَانِ	اِسْمِ ظَرْف تَثْنِيَةْ
يَنْصُرُ	مُضَارِعْ مَعْرُوْف		ومِنْصَرَانِ	اِسْمِ اٰلَةْ تَثْنِيَةْ صُغْرٰى
نَصْرًا	مَصْدَرْ	وَالْجَمْعُ مِنْهُمَا	مَنَاصِرُ	اِسْمِ ظَرْف جَمع اِسْمِ اٰلَةْ جَمع صُغْرٰى، وُسْطٰى
فَهُوَ : نَاصِرٌ	اِسْمِ فَاعِلْ		ومَنَاصِيْرُ	اِسْمِ اٰلَةْ جَمع كُبْرٰى
وَ نُصِرَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	اَفْعَلُ التَّفْضِيْلِ مِنْهُ :	اَنْصَرُ	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُذَكَّرْ
يُنْصَرُ	مُضَارِعْ مَجْهُوْلْ	وَالْمُؤَنَّثِ مِنْهُ :	نُصْرٰى	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُؤَنَّثْ
نَصْرًا	مَصْدَرْ	وَتَثْنِيَتُهُمَا	اَنْصَرَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُذَكَّرْ
فَهُوَ : مَنْصُوْرٌ	اِسْمِ مَفْعُوْل		وَنُصْرَيَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُؤَنَّثْ
اَلْاَمْرُ مِنْهُ : اُنْصُرْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف	وَالْجَمْعُ مِنْهُمَا	اَنْصَرُوْنَ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُذَكَّرِ سَالِمْ
وَالنَّهْىُ عَنْهُ : لَا تَنْصُرْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف		و اَنَاصِرُ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُذَكَّرِ مُكَسَّرْ
اَلظَّرْفُ مِنْهُ : مَنْصَرٌ	اِسْمِ ظَرْف		و نُصَرُ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُؤَنَّثِ مُكَسَّرْ
وَالْاٰلَةُ مِنْهُ : مِنْصَرٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ صُغْرٰى		و نُصْرَيَاتٌ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُؤَنَّثِ سَالِمْ
و مِنْصَرَةٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ وُسْطٰى			
و مِنْصَارٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ كُبْرٰى			

এ بَابْ-এর অধিক ব্যবহৃত কয়েকটি مَصْدَرْ নিম্নে প্রদত্ত হলো :

مَصْدَرْ	অর্থ	مَاضِىْ	مُضَارِعْ	اَمْرٌ	نَهْىٌ	اِسْمُ الْفَاعِلْ
اَلْقُعُوْدُ	বসা	قَعَدَ	يَقْعُدُ	اُقْعُدْ	لَاتَقْعُدْ	قَاعِدٌ
اَلتَّرْكُ	ছেড়ে দেয়া	تَرَكَ	يَتْرُكُ	اُتْرُكْ	لَاتَتْرُكْ	تَارِكٌ
اَلطَّلَبُ	তালাশ করা	طَلَبَ	يَطْلُبُ	اُطْلُبْ	لَاتَطْلُبْ	طَالِبٌ
اَلْفَسَادُ	বিশৃঙ্খলা করা	فَسَدَ	يَفْسُدُ	اُفْسُدْ	لَاتَفْسُدْ	فَاسِدٌ
اَلْحُكْمُ	বিচার করা	حَكَمَ	يَحْكُمُ	اُحْكُمْ	لَاتَحْكُمْ	حَاكِمٌ
اَلنَّقْضُ	ভঙ্গ করা	نَقَضَ	يَنْقُضُ	اُنْقُضْ	لَاتَنْقُضْ	نَاقِضٌ
اَلنَّظْرُ	দেখা	نَظَرَ	يَنْظُرُ	اُنْظُرْ	لَاتَنْظُرْ	نَاظِرٌ
اَلْكُفْرُ	অমান্য করা	كَفَرَ	يَكْفُرُ	اُكْفُرْ	لَاتَكْفُرْ	كَافِرٌ
اَلدِّرَاسَةُ	অধ্যয়ন করা	دَرَسَ	يَدْرُسُ	اُدْرُسْ	لَاتَدْرُسْ	دَارِسٌ
اَلرُّقُوْدُ	ঘুমানো	رَقَدَ	يَرْقُدُ	اُرْقُدْ	لَاتَرْقُدْ	رَاقِدٌ
اَلنَّسْجُ	বুনা	نَسَجَ	يَنْسُجُ	اُنْسُجْ	لَاتَنْسُجْ	نَاسِجٌ
اَلسَّتْرُ	গোপন করা	سَتَرَ	يَسْتُرُ	اُسْتُرْ	لَاتَسْتُرْ	سَاتِرٌ
اَلْحَرْثُ	চাষ করা	حَرَثَ	يَحْرُثُ	اُحْرُثْ	لَاتَحْرُثْ	حَارِثٌ
اَلْبُلُوْغُ	পৌঁছা	بَلَغَ	يَبْلُغُ	اُبْلُغْ	لَاتَبْلُغْ	بَالِغٌ

اَلْبَابُ الثَّانِيْ : দ্বিতীয় বাব

فَعَلَ ، يَفْعِلُ (ضَرَبَ ، يَضْرِبُ)

এ-بَابْ এর فِعْلِ مَاضِىْ مَعْرُوْفْ-এর عَيْنْ كَلِمَةْ টি যবরবিশিষ্ট হবে এবং فِعْلْ مُضَارِعْ مَعْرُوْفْ-এর عَيْنْ كَلِمَةْ টি যেরবিশিষ্ট হবে। যেমন- اَلضَّرْبُ، اَلضَّرْبَةُ -প্রহার করা, বিচরণ করা, দৃষ্টান্ত স্থাপন করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث
ضَرَبَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْفْ
يَضْرِبُ	مُضَارِعْ مَعْرُوْفْ
ضَرْبًا	مَصْدَرْ
فَهُوَ : ضَارِبٌ	اِسْمِ فَاعِلْ
وَ ضُرِبَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ
يُضْرَبُ	مُضَارِعْ مَجْهُوْلْ
ضَرْبًا	مَصْدَرْ
فَهُوَ : مَضْرُوْبٌ	اِسْمِ مَفْعُوْلْ
الامر منه : اِضْرِبْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْفْ
والنهى عنه : لَاتَضْرِبْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْفْ
الظرف منه : مَضْرِبٌ	اِسْمِ ظَرْفْ
والآلة منه : مِضْرَبٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ صُغْرٰى
وَ مِضْرَبَةٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ وُسْطٰى
وَ مِضْرَابٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ كُبْرٰى

صَرْفِ صَغِيْرْ		بَحْث
وَتَثْنِيَتُهُمَا	مَضْرِبَانِ	اِسْمِ ظَرْفْ تَثْنِيَةْ
	مِضْرَبَانِ	اِسْمِ اٰلَةْ تَثْنِيَةْ صُغْرٰى
وَالْجَمْعُ مِنْهُمَا	مَضَارِبُ وَمَضَارِيْبُ	اِسْمِ ظَرْفْ جَمْع اِسْمِ اٰلَةْ جَمْع صُغْرٰى، وُسْطٰى
		اِسْمِ اٰلَةْ جَمْع كُبْرٰى
افعل التفضيل منه	اَضْرَبُ	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُذَكَّرْ
১. اَلْـجُمْلَةُ الْـخَبَرِيَّةُ-এর সংজ্ঞা : যে বাক্যের বক্তাকে তার বক্তব্যের ব্যাপারে সত্যবাদী বা মিথ্যাবাদী বলা যায়, তাকে اَلْـجُمْلَةُ الْـخَبَرِيَّةُ বলে। যেমন- زَيْدٌ قَـائِمٌ - (যায়েদ দণ্ডায়মান), خَالِدٌ عَالِمٌ (খালেদ জ্ঞানী)।

২. اَلْـجُمْلَةُ الْإِنْشَائِيَّةُ-এর সংজ্ঞা : যে বাক্যের বক্তাকে তার বক্তব্যের কারণে সত্যবাদী বা মিথ্যাবাদী কোনোটাই বলা যায় না, তাকে اَلْـجُمْلَةُ الْإِنْشَـائِيَّةُ বলে। যেমন- اِضْرِبْ زَيْدًا (যায়েদকে প্রহার কর)।

اَلْـجُمْلَةُ الْـخَبَرِيَّةُ আবার দু প্রকার। যথা-

১. اَلْـجُمْلَةُ الْاِسْمِيَّةُ - اِسْمٌ প্রধান বাক্য; ২. اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّةُ - فِعْلٌ প্রধান বাক্য।

১. اَلْـجُمْلَةُ الْاِسْمِيَّةُ -এর সংজ্ঞা : যে বাক্যের প্রথম অংশ اِسْمٌ হয়, তাকে اَلْـجُمْلَةُ الْاِسْمِيَّةُ বলা হয়। যেমন- زَيْدٌ عَالِمٌ (যায়েদ জ্ঞানী ব্যক্তি)। এ বাক্যের প্রথম অংশকে مُبْتَـدَأٌ বলে এবং অন্য অংশটিকে خَـبَرٌ বলে। আর উভয় মিলে اَلْـجُمْلَةُ الْاِسْمِيَّةُ হয়।

২. اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّـةُ-এর সংজ্ঞা : যে বাক্যের প্রথম অংশ ফে'ল হয়, তাকে اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّةُ বলে এবং যার দ্বারা فِعْلٌ সম্পাদিত হয়, তাকে فَاعِـلٌ বলে। যেমন- خَرَجَ رَاشِدٌ (রাশেদ বের হলো)। উভয় মিলে اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّةُ গঠিত হয়।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। مُرَكَّبٌ কাকে বলে? তা কত প্রকার ও কী কী? বর্ণনা কর।

২। كَلَامٌ কাকে বলে? তা কত প্রকার ও কী কী? সংজ্ঞাসহ উদাহরণ দাও।

৩। اَلْـجُمْلَةُ الْاِسْمِيَّةُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّةُ কাকে বলে? উদাহরণসহ লেখ।

اَلدَّرْسُ الثَّامِنُ : অষ্টম পাঠ

اَلْمُبْتَدَأُ وَالْخَبْرُ

মুবতাদা ও খবর

উদাহরণ

اَلْعِلْمُ نَافِعٌ	জ্ঞান উপকারী।
اَلْقَلَمُ جَدِيْدٌ	কলমটি নতুন।
اَلْمُدَرِّسُ حَاضِرٌ	শিক্ষক উপস্থিত।
هُوَ عَالِمٌ	তিনি একজন জ্ঞানী।
أَنَا طَالِبٌ	আমি ছাত্র।

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি বাক্যের দুটি করে অংশ রয়েছে। প্রথম অংশে কোনো ব্যক্তি বা বস্তুর উল্লেখ রয়েছে এবং দ্বিতীয় অংশে উক্ত ব্যক্তি বা বস্তু সম্পর্কে কোনো সংবাদ বা বক্তব্য রয়েছে। যেমন- اَلْقَلَمُ جَدِيْدٌ অর্থাৎ, কলমটি নতুন। বাক্যটিতে প্রথম অংশ হলো اَلْقَلَمُ অর্থাৎ, কলমটি; যা একটি বস্তু। আর দ্বিতীয় অংশ হলো جَدِيْدٌ অর্থাৎ নতুন; যা প্রথম اِسْمٌ টি সম্পর্কে সংবাদ বা বক্তব্য।

নিয়মাবলি

مُبْتَدَأٌ-এর পরিচয় : যে اِسْمٌ সম্পর্কে কোনো কিছু বলা হয় বা কোনো সংবাদ প্রদান করা হয়, তাকে مُبْتَدَأٌ বলা হয়।

خَبْرٌ-এর পরিচয় : مُبْتَدَأٌ সম্পর্কে যা বলা হয় বা যে সংবাদ প্রদান করা হয়, তাকে خَبْرٌ বলা হয়।

مُبْتَدَأٌ ও خَبْرٌ-এর ব্যবহারবিধি :

১। مُبْتَدَأٌ সাধারণত বাক্যের শুরুতে থাকে এবং خَبْرٌ সাধারণত বাক্যের শেষ অংশে থাকে।

২। مُبْتَدَأٌ সব সময় مَعْرِفَةٌ হয় এবং خَبْرٌ সব সময় نَكِرَةٌ হয়।

৩। مُبْتَدَأٌ ও خَبْرٌ মিলে যে বাক্য গঠিত হয়, তাকে اَلْجُمْلَةُ الاِسْمِيَّةُ বলে।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। مُبْتَدَأٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। خَبَرٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। مُبْتَدَأٌ ও خَبَرٌ-এর ব্যবহারবিধি লেখ।

৪। اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ কাকে বলে?

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ 'শু' হলে লেখ :

১। যার সম্পর্কে কিছু বলা হয়, তাকে مُبْتَدَأٌ বলা হয়। ( )

২। مُبْتَدَأٌ সাধারণত বাক্যের শুরুতে থাকে। ( )

৩। خَبَرٌ সব সময় مَعْرِفَةٌ হয়। ( )

৪। বাক্যের শেষ অংশে خَبَرٌ থাকে। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১। مُبْتَدَأٌ সাধারণত বাক্যের .... থাকে।

২। خَبَرَ সাধারণত বাক্যের .... থাকে।

৩। مُبْتَدَأٌ ও خَبَرٌ মিলে .... হয়।

اَلدَّرْسُ التَّاسِعُ : নবম পাঠ

اَلْفَاعِلُ وَ نَائِبُ الْفَاعِلِ

ফায়েল ও নায়েবে ফায়েল

উদাহরণ

(ألف)		(ب)	
جَاءَ مَحْمُوْدٌ	মাহমুদ আসলো	نُصِرَ خَالِدٌ	খালেদকে সাহায্য করা হলো
يَذْهَبُ مَسْرُوْرٌ	মাসরূর যাবে	يُدْرَسُ الْكِتَابُ	কিতাবটি পড়া হচ্ছে
حَدَّثَتْ عَائِشَةُ	আয়েশা বর্ণনা করলো	يُطْعَمُ الطَّعَامُ	খানা খাওয়া হচ্ছে
دَخَلَ شَفِيْقٌ	শফিক প্রবেশ করলো	خُلِقَ الإِنْسَانُ	মানুষকে সৃষ্টি করা হয়েছে

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। (الف) অংশের প্রত্যেকটি বাক্যের দুটি করে অংশ রয়েছে। প্রথম অংশটি فِعْلٌ তথা কোনো কাজ এবং দ্বিতীয় অংশটি اِسْمٌ তথা উক্ত فِعْلٌ তথা কাজটি সম্পাদনকারী। যেমন- جَاءَ مَحْمُوْدٌ- মাহমুদ আসলো। এ বাক্যে প্রথম অংশ جَاءَ তথা আসলো, যা একটি فِعْلٌ বা কাজ এবং দ্বিতীয় অংশ مَحْمُوْدٌ তথা এক ব্যক্তি, যার মাধ্যমে কাজটি সম্পাদন হয়েছে। (ب) অংশের فِعْلٌ গুলোর فَاعِلٌ তথা কর্তার কথা উল্লেখ নেই। مَفْعُوْلٌ بِهِ তথা কর্মকে তার স্থলে রাখা হয়েছে।

নিয়মাবলি

فَاعِلٌ-এর পরিচয় : فَاعِلٌ এমন اِسْمٌ-কে বলে যা দ্বারা فِعْلٌ টি সম্পাদন হয়। যেমন- قَرَأَ مَسْعُوْدٌ (মাসুদ পড়লো) এ বাক্যে مسعود হলো فاعل কারণ, পড়া فِعْلٌ টি মাসুদ সম্পাদনা করেছে।

فَاعِلْ-এর প্রকার : فَاعِلْ দু প্রকার। যথা-

১. اِسْمْ مظهر তথা প্রকাশ্য اِسْـمْ যেমন- ذَهَـبَ زَيْـدٌ (যায়েদ গেলো)। এখানে زيـد শব্দটি প্রকাশ্য اِسْمْ مظهر তথা প্রকাশ্য ইসম।

২. اِسْمْ مضمر তথা সর্বনাম। ذَهَـبَ (সে গেলো)। এখানে ذَهَـبَ মধ্যস্থিত هـو দমীরটি اِسْمْ مضمر তথা অপ্রকাশ্য দমীর।

فَاعِلْ-এর ব্যবহারবিধি : فَاعِلْ-এর ব্যবহারবিধি নিম্নরূপ -

১। فَاعِلْ সর্বদা পেশবিশিষ্ট হবে।

২। প্রত্যেক فَاعِلْ-এর জন্য একটি فِعْلْ এবং অবস্থাভেদে مفعول থাকা আবশ্যক।

৩। فَاعِلْ বাক্যে প্রকাশ্য ইসম হতে পারে। আবার ضمير ও হতে পারে। যদি فَاعِـلْ-টি প্রকাশ্য ইসম হয় তবে তার فِعْلْ সর্বদা একবচন হবে। চাই فَاعِلْ একবচন, দ্বিবচন কিংবা বহুবচন হোক। যেমন- نَصَرَ الْمُسْلِمُ ؛ نَصَرَ الْمُسْلِمَانِ ؛ نَصَرَ الْمُسْلِمُوْنَ

৪। فَاعِلْ-টি যদি দমীর বা সর্বনাম হয়, তবে فعل-টি فَاعِـلْ-এর বচন অনুযায়ী হবে। فَاعِـلْ একবচন হলে فِعْـلْ -ও একবচন হবে, দ্বিবচন হলে দ্বিবচন এবং বহুবচন হলে বহুবচন হবে। যেমন- اَلْمُسْلِمُ نَصَرَ ؛ اَلْمُسْلِمَانِ نَصَرَا ؛ اَلْمُسْلِمُوْنَ نَصَرُوْا

৫। فَاعِلْ-টি যদি مُؤَنَّـثْ حَقِـيْقِيْ হয়, তবে فِعْـلْ-টি সর্বাবস্থায় مُؤَنَّـثْ হবে। যেমন- قَرَأَتْ فَاطِمَةُ ؛ فَاطِمَةُ قَرَأَتْ

نَائِب فَاعِلْ-এর পরিচয় : এটা এমন একটি اِسْمْ-কে বলে, যার দিকে কোনো একটি فعـل مجهـول কে সম্পর্কিত করা হয়। অথবা, فَاعِـلْ -কে বিলুপ্ত করে তদস্থলে যে مفعول কে উল্লেখ করা হয়ে থাকে তাকে نائب فَاعِلْ বলে।

যেমন- ضرب زيد (যায়েদ প্রহৃত হলো)। এ বাক্যে ضُرِبَ ফে'লের فَاعِلْ উল্লেখ নেই। زيد মাফউলকে فَاعِلْ-এর স্থানে উল্লেখ করে نائب فَاعِلْ হিসেবে فَاعِلْ-এর স্থলাভিষিক্ত করা হয়েছে।

প্রত্যেক فِعْلْ -এর জন্যে একটি رفع বিশিষ্ট فَاعِلْ আবশ্যক। আর যেহেতু এখানে فَاعِلْ নেই তাই বাক্যের চাহিদানুযায়ী مفعول-কে فَاعِلْ-এর জায়গায় এনে তার মধ্যে পেশ দেয়া হয়েছে। মূলত সে হচ্ছে মাফউল।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। فَاعِلْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। فَاعِلْ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৩। نائب الفَاعِلْ কাকে বলে? উদাহরণ দাও।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১। فَاعِلْ সাধারণত فعل-এর পরে বসে। ( )

২। فَاعِلْ -এর দ্বারা فعل সম্পাদিত হয়। ( )

৩। حدثت عائشة বাক্যে حدثت হলো فَاعِلْ ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১। যে اِسْمْ দ্বারা فعل সম্পাদন হয়, তাকে ....বলে।

২। যার স্থানে مفعول به-কে উল্লেখ করা হয় তাকে........... বলে।

৩। فَاعِلْ সাধারণত .... আসে।

৪। فعل সাধারণত............... আসে।

৫। نَصَرَ خَالِدٌ বাক্যে .... خَالِدٌ হলো ....।

اَلدَّرْسُ الْعَاشِرُ : দশম পাঠ

اَلْمَفْعُوْلُ

মাফউল

উদাহরণ

جَلَسْتُ جِلْسَةَ الأَمِيْرِ	আমি বাদশাহের মতো বসলাম
كَتَبَ مَحْمُوْدٌ رِسَالَةً	মাহমুদ একটি চিঠি লিখলো।
اِشْتَرَى خَالِدٌ قَلَمًا	খালেদ একটি কলম ক্রয় করলো।
شَرِبَتِ الْهِرَّةُ اللَّبَنَ	বিড়ালটি দুধ পান করলো।
خَرَجْتُ مِنَ الْبَيْتِ صَبَاحًا	আমি প্রত্যূষে ঘর থেকে বের হয়েছি

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি বাক্যে একটি করে শব্দের নিচে দাগ দেয়া আছে। এই দাগ দেয়া শব্দগুলোর ওপর কর্তার কাজ সংঘটিত বা পতিত হয়েছে।

নিয়মাবলি

مَفْعُوْلٌ-এর পরিচয় : فَاعِلٌ তথা কর্তার কাজ যার উপর পতিত বা সংঘটিত হয়, তাকে مَفْعُوْلٌ বলা হয়। যেমন- يَكْتُبُ خَالِدٌ رِسَالَةً (খালেদ একটি চিঠি লিখ)।

مَفْعُوْلٌ-এর ব্যবহারবিধি :

১। مَفْعُوْلٌ সর্বদা নসব বা যবরবিশিষ্ট হবে।

২। বাক্যে সাধারণত প্রথমে فِعْلٌ তারপর فَاعِلٌ এবং তারপর مَفْعُوْلٌ বসে।

مَفْعُوْلٌ-এর প্রকার : مَفْعُوْلٌ তথা কর্ম মোট পাঁচ প্রকার। যথা-

১. مَفْعُوْلٌ مُطْلَقٌ (ক্রিয়ামূলক কর্মপদ);

২. مَفْعُوْلٌ بِهِ (প্রকৃত কর্মপদ);

৩. مَفْعُوْلٌ فِيْهِ (স্থান/কালবাচক কর্মপদ);
৪. مَفْعُوْلٌ لَهٗ (কারণবাচক কর্মপদ);
৫. مَفْعُوْلٌ مَعَهٗ (সঙ্গবাচক কর্মপদ)

১. مَفْعُوْلٌ مُطْلَقٌ-এর পরিচয় : مَفْعُوْلٌ مطلق এমন মাসদার, যা তার পূর্বে উল্লিখিত فِعْلٌ-এর অর্থে ব্যবহৃত হয়। আর উক্ত مَفْعُوْلٌ টি তার فِعْلٌ-এর تَاكِيْدٌ অথবা প্রকার বর্ণনা করে কিংবা তার সংখ্যা বোঝায়। যেমন-

ضَرَبْتُ ضَرْبًا (আমি প্রহার করার মতো প্রহার করলাম);
جَلَسْتُ جِلْسَةَ الْقَارِئْ (আমি কারী সাহেবের বসার মতো বসলাম);
جَلَسْتُ جَلْسَاتٍ (আমি বহুবার বসলাম)।

এখানে প্রথম বাক্যে فِعْلٌ-এর তাকীদ, দ্বিতীয় বাক্যে প্রকার ও তৃতীয় বাক্যে সংখ্যা বোঝানো হয়েছে।

২. مَفْعُوْلٌ به-এর পরিচয় : فَاعِلٌ (কর্তা)-এর فِعْلٌ বা ক্রিয়া যার ওপর পতিত হয়, তাকে مَفْعُوْلٌ به বলে। যেমন- خَلَقَ اللهُ الإِنْسَانَ (আল্লাহ মানুষকে সৃষ্টি করলেন)। এ বাক্যে اَلإِنْسَانُ শব্দটি مَفْعُوْلٌ بِهٖ হয়েছে।

৩. مَفْعُوْلٌ فِيْهِ-এর পরিচয় : যে ইসেম দ্বারা পূর্বে উল্লিখিত فِعْلٌ টি সংঘটিত হওয়ার স্থান বা কাল বোঝায়, তাকে مَفْعُوْلٌ فِيْهِ বলে। এর অপর নাম ظَرْفٌ; এটা আবার দু প্রকার। যথা- ক. ظَرْفُ الزَّمَانْ (কালবাচক বিশেষ্য) খ. ظَرْفُ الْمُكَانْ (স্থানবাচক বিশেষ্য)।

ক. ظَرْفُ الزَّمَانْ : فِعْلٌ সংঘটিত হওয়ার কাল বা সময়কে ظَرْفُ الزَّمَانْ বলে। যেমন- صُمْتُ اَلْيَوْمَ (আমি আজ রোযা রাখলাম)। এ বাক্যে اَلْيَوْمُ শব্দটি ظَرْفُ الزَّمَانْ হয়েছে।

খ. ظَرْفُ الْمُكَانْ : فِعْلٌ সংঘটিত হওয়ার স্থানকে ظَرْفُ الْمُكَانْ বলে। যেমন- جَلَسْتُ خَلْفَكَ (আমি তোমার পেছনে বসলাম)। এ বাক্যে خَلْفَكَ শব্দটি ظَرْفُ الْمُكَانْ হয়েছে।

৪. مَفْعُوْلٌ لَهٗ -এর পরিচয় : যে ইসেম তার পূর্বে উল্লিখিত فِعْلٌ সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করে, তাকে مَفْعُوْلٌ له বলে। যেমন- قُمْتُ إِكْرَامًا لِزَيْدٍ (আমি যায়েদের সম্মানার্থে দাঁড়ালাম)। এ বাক্যে إِكْرَامًا শব্দটি مَفْعُوْلٌ له হয়েছে।

৫. مَفْعُوْلٌ مَعَهٗ-এর পরিচয় : যে مَفْعُوْلٌ বা কর্মকারক مَعَ (সহ)-এর অর্থবোধক وَاوْ এর পর আসে, তাকে مَفْعُوْلٌ مَعَهٗ বলে। যেমন- جَاءَ الْبَرْدُ وَالْجُبَّاتِ (শীত জুব্বা নিয়ে আসলো)।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। مَفْعُوْلٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। مَفْعُوْلٌ مُطْلَقٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। مَفْعُوْلٌ فِيْهِ কাকে বলে? এটা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৪। مَفْعُوْلٌ لَهٗ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৫। مَفْعُوْلٌ مَعَهٗ-এর সংজ্ঞা উদাহরণসহ লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১। مَفْعُوْلٌ -এর ওপর কর্তার কাজ পতিত হয়। ( )

২। বাক্যে مَفْعُوْلٌ সাধারণত فَاعِلٌ -এর পূর্বে বসে। ( )

৩। شَرِبَتِ الْهِرَّةُ اللَّبَنَ বাক্যে اَللَّبَنُ হলো مَفْعُوْلٌ । ( )

৪। أَكَلْتُ الرُّزَّ বাক্যে اَلرُّزُّ হলো مَفْعُوْلٌ । ( )

৫। فَاعِلٌ তথা কর্তার কাজকে مَفْعُوْلٌ বলে। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১। فَاعِلٌ -এর فِعْلٌ যার উপর পতিত হয়, তাকে .... বলে।

২। সাধারণত প্রথমে فِعْلٌ............ বসে।

৩। قَلَمًا বাক্যে اِشْتَرَى خَالِدٌ قَلَمًا ....।

৪। اَلرُّزُّ বাক্যে أَكَلْتُ الرُّزَّ........................।

৫। اَلْهِرَّةُ বাক্যে شَرِبَتِ الْهِرَّةُ اللَّبَنَ ....।

اَلْبَابُ الثَّالِثُ : তৃতীয় অধ্যায়

اَلتَّرْجَمَةُ وَالرَّسَائِلُ وَالإِنْشَاءُ

অনুবাদ, চিঠিপত্র ও রচনা অংশ

اَلْفَصْلُ الْأَوَّلُ : প্রথম অনুচ্ছেদ

اَلتَّرْجَمَةُ : অনুবাদ

اَلدَّرْسُ الْأَوَّلُ : প্রথম পাঠ

اَلْمُرَكَّبُ الإِضَافِي : সম্বন্ধবাচক যৌগিক শব্দ

আরবি	বাংলা
رَسُوْلُ اللهِ	আল্লাহর রসূল
وَرَقُ الشَّجَرَةِ	গাছের পাতা
ضِحْكُ الْمَرْأَةِ	মহিলার হাসি
حَارِسُ الدَّارِ	বাড়ির দারোয়ান
حُلْوُ الْعِنَبِ	আঙ্গুরের মিষ্টি
بُكَاءُ طِفْلٍ	শিশুর কান্না
كِتَابُ طَالِبٍ	জনৈক ছাত্রের গ্রন্থ
مُعَلِّمُوْ الْجَامِعَةِ	বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ
مُسْلِمُوْ بَنْغَلَادِيْش	বাংলাদেশের মুসলমানগণ
طَالِبَا الْمَدْرَسَةِ	মাদ্রাসার দুজন ছাত্র

আরবি	বাংলা
صَفُّ الطُّلَّابِ	ছাত্রদের সারি
مَدِيْنَةُ الْمَسَاجِدِ	মসজিদের নগরী
عَدُوُّ الاِسْلَامِ	ইসলামের শত্রু
أَهْلُ الْقَرْيَةِ	গ্রামের অধিবাসী
سَمَكُ النَّهْرِ	নদীর মাছ
أَثَاثُ الْبَيْتِ	ঘরের আসবাবপত্র / ফার্নিচার
طَرِيْقُ الْجَنَّةِ	জান্নাতের পথ
غُرْفَةُ النَّوْمِ	শয়ন কক্ষ
مُدِيْرُ الْمَدْرَسَةِ	মাদরাসার অধ্যক্ষ
دَارُكَ	তোমার ঘর
دَارُهُ	তার ঘর
خَاتَمُهَا	তার (স্ত্রী) আংটি
حَيَاتِي	আমার জীবন
مَمَاتِيْ	আমার মৃত্যু

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

গাছের পাতা। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ। ছাত্রদের সারি। ঘরের ফার্নিচার। সমুদ্রের ঢেউ। হাসপাতালের ডাক্তার। হরিণের দুটি চোখ। ফুটবল খেলোয়াড়গণ। আমাদের মসজিদ। মাদ্রাসার টেবিল। আকাশের পানি। পুকুরের মাছ। মুখের দাড়ি।

اَلدَّرْسُ الثَّانِي : দ্বিতীয় পাঠ

اَلْمُرَكَّبُ التَّوْصِيفِي

صِفَةٌ ও مَوْصُوْفٌ সংযুক্ত যৌগিক শব্দ

বাংলা	আরবি	বাংলা	আরবি
بَيْتٌ كَبِيْرٌ	বড় ঘর।	أُسْتَاذٌ بَارِعٌ	দক্ষ শিক্ষক।
وَلَدٌ صَالِحٌ .	ভালো ছেলে।	شَاعِرٌ مَعْرُوْفٌ .	বিখ্যাত কবি।
عِلْمٌ نَافِعٌ .	উপকারী বিদ্যা।	كَاتِبٌ صَادِقٌ .	সত্যবাদী লেখক।
طَالِبٌ ذَكِيٌّ .	মেধাবী ছাত্র।	رَجُلٌ صَالِحٌ .	নেককার লোক।
بَابٌ وَاسِعٌ .	প্রশস্ত দরজা।	عَالِمٌ مَاهِرٌ .	অভিজ্ঞ আলেম।
اَلنَّبِيُّ الْأَمِيْنُ .	বিশ্বস্ত নবী।	اَلْقُرْآنُ الْكَرِيْمُ.	মর্যাদাবান কুরআন
اَلْوَلَدُ الْحَسِيْنُ .	সুন্দর ছেলেটি।	اَلْحَاكِمُ الْعَادِلُ .	ন্যায়বিচারক
اَلْمَلِكُ الْعَادِلُ .	ন্যায়পরায়ণ বাদশাহ	اَلتَّاجِرُ الصَّادِقُ .	সত্যবাদী ব্যবসায়ী
اَلشَّيْطَانُ الرَّجِيْمُ .	অভিশপ্ত শয়তান।	اَلْعَاصِي الْكَبِيْرُ .	বড় অপরাধী
اَلْإِمْرَأَةُ الصَّالِحَةُ .	সৎ মহিলাটি।	اَلْمَمْلَكَةُ الْعَرَبِيَّةُ	আরব দেশ।
اَلْفِتْيَةُ الذَّكِيَّةُ .	মেধাবী তরুণীটি।	اَلْخِدْمَةُ الْكَامِلَةُ	পরিপূর্ণ সেবা।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

সুন্দর ছেলেটি। ন্যায় বিচারক শাসক। প্রতিশ্রুতি পালনকারিনী বান্ধবী। বড় খাতা। উপকারী কথা। ভালো ছাত্রটি। দুটি সুন্দর ব্যাগ। সম্মানিত কবিগণ। ইসলামি শিক্ষা। ধর্মীয় জ্ঞান-বিজ্ঞান।

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلْـجُمَلُ الاِسْمِيَّةُ مَعَ الإِضَافَةِ

إِضَافَةْ-যোগে বিশেষ্যবাচক বাক্যসমূহ

বাংলা	আরবি
اَلْكَعْبَةُ قِبْلَةُ الْمُسْلِمِيْنَ .	কাবা মুসলমানদের কিবলা।
اَلْقُرْاٰنُ كِتَابُ اللّٰهِ .	কুরআন আল্লাহর কিতাব।
اَلْحَدِيْثُ كَلَامُ الرَّسُوْلِ .	হাদীস রাসূলের বাণী।
اَلْكِذْبُ أُمُّ الذُّنُوْبِ .	মিথ্যা পাপের মূল।
اَلصَّبْرُ مِفْتَاحُ الْجَنَّةِ .	ধৈর্য বেহেশতের চাবি।
دَاكَا عَاصِمَةُ بَنْغَلَادِيْش .	ঢাকা বাংলাদেশের রাজধানী।
اَلْكَسْلُ سَبَبُ الْفَقْرِ .	অলসতা দরিদ্রতার কারণ।
اَلنَّشَاطَةُ سَبَبُ السَّعَادَةِ .	উদ্যমতা সফলতার কারণ।
أَصْحَابُ الْجَنَّةِ كِرَامٌ .	জান্নাতবাসীগণ সম্মানিত।
نُجُوْمُ السَّمَاءِ لَامِعَةٌ .	আকাশের তারকাগুলো উজ্জ্বল।
أَوْرَاقُ الشَّجَرَةِ خَضْرَاءُ .	গাছের পাতাগুলো সবুজ।
شُرْبُ الْخَمْرِ مَمْنُوْعٌ .	মদ্যপান নিষিদ্ধ।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

শুক্রবার ছুটির দিন। বাইতুল্লাহ সেজদার স্থান। করিমের পিতা নৌকার মাঝি। প্রত্যেক প্রাণী মরণশীল। আজকের শিশু ভবিষ্যতের আশা। জাতির নেতা তাদের সেবক। মাদ্রাসার অধ্যক্ষ অনুষ্ঠানের সভাপতি। সম্পদের ভালোবাসা মানুষের অভ্যাস।

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلْجُمَلُ الاِسْمِيَّةُ مَعَ الصِّفَةِ

সিফাতসূচক শব্দযোগে جُمْلَةٌ اِسْمِيَّةٌ

বাংলা	আরবি
خَالِدٌ طَالِبٌ ذَكِيٌّ .	খালেদ একজন মেধাবী ছাত্র।
اَلْعَرَبِيُّ لُغَةٌ غَنِيَّةٌ .	আরবি একটি সমৃদ্ধশালী ভাষা।
عَائِشَةُ بِنْتٌ حَاذِقَةٌ .	আয়েশা একজন দক্ষ মেয়ে।
عُمَرُ حَاكِمٌ عَادِلٌ .	ওমর একজন ন্যায়পরায়ণ শাসক।
اَلْبَنْغَلاَ لُغَةٌ قَدِيْمَةٌ .	বাংলা একটি পুরাতন ভাষা।
اَلذِّئْبُ حَيَوَانٌ مُفْتَرِسٌ .	বাঘ একটি হিংস্র প্রাণী।
اَلْقُرْآنُ الْكَرِيْمُ دُسْتُوْرٌ .	কুরআনুল কারীম হলো সংবিধান।
اَلتَّاجِرُ الاَمِيْنُ مَمْدُوْحٌ .	বিশ্বস্ত ব্যবসায়ী প্রশংসিত।
اَلْكِتَابُ الْجَيِّدُ نَافِعٌ .	ভালো বই উপকারী।
اَلطَّالِبُ الْبَنْغَلاَدِيْشِيُّ ذَكِيٌّ .	বাংলাদেশী ছাত্র মেধাবী।
اَلتَّعْلِيْمُ الاِسْلاَمِيُّ وَاجِبٌ .	ইসলামি শিক্ষা অত্যাবশ্যক।
اَلسَّمَكُ الطَّازِجُ لَذِيْذٌ .	তাজা মাছ সুস্বাদু।
اَلْفَاكِهَةُ النَّاضِجَةُ لَذِيْذَةٌ .	পাকা ফল সুস্বাদু।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

এরিষ্টটল একজন মহান দার্শনিক। প্রবাহিত পানি পবিত্র। বাসী খাবার ক্ষতিকারক। শৃগাল একটি বন্য পশু। নাহু একটি সহজ বিষয়। আয়েশা একজন চালাক মেয়ে।

اَلدَّرْسُ الْـخَامِسُ : পঞ্চম পাঠ

اَلْـجُمْلَةُ الْفِعْلِيَّةُ : ক্রিয়াবাচক বাক্যসমূহ

বাংলা	আরবি
ذَهَبَ رَاشِدٌ إِلَى دَاكَا .	রাশেদ ঢাকা গেলো।
جَلَسَتْ فَاطِمَةُ فَوْقَ الْكُرْسِيِّ .	ফাতেমা চেয়ারের ওপর বসলো।
خَرَجْتُ مِنَ الْبَيْتِ صَبَاحًا .	আমি ভোরে ঘর হতে বের হলাম।
اَكَلْتَ خُبْزًا .	তুমি একটি রুটি খেলে।
كَتَبَ سَعِيْدٌ رِسَالَةً .	সায়ীদ একটি চিঠি লেখলো।
خَلَقَ اللهُ الإِنْسَانَ .	আল্লাহ মানুষকে সৃষ্টি করলেন।
مَا قَرَأْتَ الْكِتَابَ .	তুমি বইটি পড়লে না।
مَا حَفِظْتُمُ الدَّرْسَ .	তোমরা পাঠটি মুখস্থ করলে না।
لَعِبَ الطُّلاَّبُ كُرَةَ الْقَدَمِ .	ছাত্ররা ফুটবল খেললো।
قَرَأَتْ أُمُّ خَالِدٍ كِتَابًا .	খালেদের আম্মা একটি বই পড়লেন।
اِشْتَرَيْتُ سَاعَةً .	আমি একটি ঘড়ি ক্রয় করলাম।
خُلِقَ الإِنْسَانُ ضَعِيْفًا .	মানুষকে দুর্বল করে সৃষ্টি করা হয়েছে।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

সে রহিমকে মেরেছে। তারা রেডিও শুনেছে। আমি আল্লাহর প্রশংসা করেছি। তোমরা হাদীস মুখস্থ করেছ। আমরা মাছ শিকার করেছি। তুমি দুধ পান করেছ। তারা দুজন বই পড়েছে।

اَلدَّرْسُ السَّادِسُ : ষষ্ঠ পাঠ

اَلْـجُمَلُ الْفِعْلِيَّةُ مَعَ الْمَفَاعِيْلِ

اَلْمَفَاعِيْلُ যোগে ক্রিয়াবাচক বাক্যসমূহ

বাংলা	আরবি
أَمَرَ الْأَبُ اِبْنَهُ .	পিতা তার পুত্রকে আদেশ করেছে।
يَعْبُدُ اللهَ النَّاسُ .	মানুষ আল্লাহর ইবাদত করে।
خَلَقَ اللهُ الْكَوْنَ .	আল্লাহ পৃথিবী সৃষ্টি করেছেন।
يَنْصُرُ اللهُ الْمُؤْمِنِيْنَ .	আল্লাহ মুমিনগণকে সাহায্য করেন।
أَعْطٰى خَالِدٌ الْفَقِيْرَ .	খালিদ ফকিরটিকে দান করেছে।
نَحْمَدُ اللهَ .	আমরা আল্লাহর প্রশংসা করি।
اَلطُّلاَّبُ يَطْلُبُوْنَ الْعِلْمَ .	ছাত্ররা জ্ঞান অন্বেষণ করে।
خَدِمَ الاِبْنُ اَبَاهُ .	ছেলেটি তার পিতার সেবা করেছে।
أَخَذَ النَّاسُ اللِّصَّ .	লোকেরা চোরটিকে ধরেছে।
أُرِيْدُ نَظَّارَةً .	আমি একটি চশমা চাই।
ذَبَحَ نَاصِرٌ شَاةً .	নাসির একটি বকরী জবাই করেছে।
يَبْنِي رَحِيْمٌ بَيْتًا .	রহিম একটি ঘর বানাবে।
يَأْكُلُ فَارُوْقٌ الرُّزَّ .	ফারুক ভাত খাচ্ছে।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

আমি বইটি পড়ছি। খালেদা পানি পান করছে। আমি ভয়ে যাইনি। আহমাদ মসজিদের সামনে দাড়িয়েছে। ইবরাহীম গ্লাসটি ভেঙ্গে ফেলেছে। নাঈম কুরআন হিফজ করেছে।

اَلدَّرْسُ السَّادِسُ : সপ্তম পাঠ

اَلْجُمَلُ الْمُخْتَلِفَةُ

বিভিন্ন বাক্যসমূহ

বাংলা	আরবি
اُنْصُرْ أَخَاكَ .	তুমি তোমার ভাইকে সাহায্য কর।
اِحْفَظِ الدَّرْسَ .	তুমি পাঠটি মুখস্থ কর।
أُعْبُدِيْ اللهَ .	তুমি (স্ত্রী) আল্লাহর ইবাদত কর।
حَافِظُوْا عَلَى الصَّلَوَاتِ .	তোমরা নামাযসমূহের প্রতি যত্নবান হও।
اِسْمَعُوْا قَوْلِى .	তোমরা আমার কথা শোন।
لِيَذْهَبْ خَالِدٌ اِلَى الْمَدْرَسَةِ .	খালেদ যেন মাদরাসায় যায়।
أَكْرِمُوْا أَسَاتِذَتَكُمْ .	তোমরা তোমাদের শিক্ষকগণকে সম্মান কর।
اِجْلِسُوْا هُنَا .	তোমরা এখানে বস।
رَاضُوْا صَبَاحًا .	তোমরা সকালে ব্যায়াম কর।
لاَ تُشْرِكْ بِاللهِ اَحَدًا .	আল্লাহর সাথে কাউকে শরীক কর না।
لن تَشْرَبَ الْخَمْرَ اَبَدًا .	তুমি কখনো মদপান কর না।
لاَ تُضَيِّعِى الْوَقْتَ .	তুমি (স্ত্রী) সময় নষ্ট কর না।
لاَ يَخْرُجِ الطُّلاَّبُ مِنَ الصَّفِّ .	ছাত্ররা যেন ক্লাস থেকে বের হয় না।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

আরবি কর :

তুমি মাদ্রাসায় যাও। তোমরা খাটের ওপর বস। তার মসজিদে যাওয়া উচিৎ। জুমার দিন বরকতময়। আল্লাহ সত্যবাদীকে ভালোবাসেন। এটি আমার টুপি।

اَلْفَصْلُ الثَّانِيْ : দ্বিতীয় অনুচ্ছেদ

اَلرِّسَالَةُ وَالْعَرِيْضَةُ: চিঠিপত্র ও দরখাস্ত

١- اُكْتُبْ رِسَالَةً إِلَى أَبِيْكَ تَطْلُبُ مِنْهُ خَمْسَ مِائَةِ تَاكَا .

১. তোমার পিতার নিকট পাঁচশত টাকা চেয়ে একখানা পত্র লেখ।

التاريخ : ٢٠١٨/٤/٤م
عَبْدُ اللهِ
مَدْرَسَةُ دَارُ النَّجَاةِ بِدِمْرَا

أَبِيْ الْمُكَرَّمْ
اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ
بَعْدَ السَّلَامِ الْمَسْنُوْنِ أَرْجُوْ أَنَّكُمْ جَمِيْعًا بِالْخَيْرِ وَالْعَافِيَةِ ، أَنَا أَيْضًا بِالسَّلَامَةِ ثُمَّ أُخْبِرُكُمْ بِأَنِّيْ فُزْتُ بِالتَّقْدِيْرِ الأَوَّلِ بِدُعَائِكُمْ. فَأَرْسِلُوْا إِلَيَّ خَمْسَ مِائَةِ تَاكَا لِشَرَاءِ الْكُتُبِ الْجَدِيْدَةِ .
بَلِّغُوْا سَلَامِيْ إِلَى أُمِّيْ الْمُحْتَرَمَةِ وَالْكِبَارِ وَالشَّفَقَةَ إِلَى الصِّغَارِ .

إِبْنُكُمُ الْعَزِيْزُ
عَبْدُ اللهِ

إِلَى :	من :
عَبْدُ الرَّحْمٰنْ	عَبْدُ اللهِ
شَارِعِ نُوْرْ حُسَيْن ، بَرِيْسَالْ.	مَسْكَنُ الطُّلَّابِ ، دَارُ النَّجَاةِ بِدِمْرَا.

طَابِعْ

٢- أُكْتُبْ رِسَالَةً إِلَى صَدِيْقِكَ بِمُشَارَكَةِ زِوَاجِ أُخْتِكَ .

২. তোমার বোনের বিবাহ উপলক্ষে বন্ধুকে দাওয়াত দিয়ে একখানা পত্র লেখ।

اَلتَّارِيْخُ : ....

تَحْمِيْدْ اِسْلاَمْ

نُوَاخَالِيْ

صَدِيْقِى الْـحَمِيْمْ !

اَلسَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

بَعْدَ السَّلاَمِ أَرْجُوْ أَنَّكَ مَعَ السَّلاَمَةِ بِفَضْلِ اللهِ تَعَالَى وَأَنَا أَيْضًا كَذٰلِكَ. إِنَّ زِوَاجَ أُخْتِى سَوْفَ يَنْعَقِدُ فِي السَّادِسِ عَشَرَ مِنَ الشَّهْرِ الْـجَارِىْ إِنْ شَاءَ اللهُ، اَنَا أَدْعُوْكَ لِلْمُشَارَكَةِ فِي هٰذِهِ الْـحَفْلَةِ الْمُبَارَكَةِ .

أَعْتَقِدُ أَنَّكَ تَـحْضُرُ الْـحَفْلَةَ يَقِيْنًا .

مَعَ السَّلاَمِ صَدِيْقُكَ

تَـحْمِيْدْ اِسْلاَمْ

طَابِعْ	
إِلَى :	من :
زُهَيْرٌ	تَحْمِيْدْ اِسْلاَمْ
اَلصَّفُّ الْخَامِس لِلاِبْتِدَائِيْ	بِيْغُوْمْ غَنْزْ
مَدْرَسَةُ تُوْمْسُوْرْ، نُوَاخَالِي.	نُوَاخَالِي

٣- أُكْتُبْ رِسَالَةً إِلٰى أُمِّكَ تُخْبِرُهَا عَنْ اِسْتِعْدَادِكَ لِلْاِمْتِحَانِ النِّهَائِي .

৩. সমাপনী পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে তোমার আম্মাকে একটি পত্র লেখ।

اَلتَّارِيْخُ : ....

قَمَرُ الدِّيْن

سِلْهَتْ

وَالِدَتِيْ الْمُكَرَّمَةُ

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

بَعْدَ التَّحِيَّةِ أَرْجُوْ أَنَّكِ بِخَيْرٍ وَأَنَا اَيْضًا مَعَ الْعَافِيَةِ يَا أُمَّاهُ! سَيَنْعَقِدُ اِمْتِحَانُنَا النِّهَائِيُّ مِنَ الْعَاشِرَةِ نُوْفِمْبَرْ وَقَدْ تَمَّ اِسْتِعْدَادِيْ لِلْاِمْتِحَانِ. فَاَدْعِي اللهَ لِصِحَّتِي وَلِفَوْزِي وَبَلِّغِي سَلَامِيْ اِلٰى جَمِيْعِ أَفْرَادِ الْأُسْرَةِ .

اِبْنُكِ الْعَزِيْزُ

قَمَرُ الدِّيْن

إِلَى :	مِن :
طَابِعْ	
آمِنَةُ بِنْتِ شَفِيْقٍ	قَمَرُ الدِّيْن
بِيْرَامَارَا	اَلْمَدْرَسَةُ العالية بسلهت.
كُوْشْتِيَا.	اَلصَّفُّ الْخَامِس لِلْإِبْتِدَائِيْ

٤- أُكْتُبْ عَرِيْضَةً إِلٰى مُدِيْرِ الْمَدْرَسَةِ تَطْلُبُ مِنهُ الْإِجَازَة لِثَلَاثَةِ أَيَّامٍ .

৪. মাদরাসা অধ্যক্ষের নিকট তিন দিনের ছুটি চেয়ে একটি দরখাস্ত লেখ।

اَلتَّارِيْخُ : ١٢/ ٢/ ٢٠١٨م

اِلٰى

مُدِيْرِ الْمَدْرَسَةِ

مَدْرَسَةُ دَارُ السُّنَّةْ سَرْسِيْنَهْ

فِيْرُزْفُوْرْ.

اَلْمَوْضُوْعُ : طَلَبُ الإِجَازَةِ لِثَلَاثَةِ اَيَّامٍ .

سَيِّدِىْ

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

بَعْدَ التَّسْلِيْمِ أُفِيْدُكُمْ عِلْمًا بِأَنِّي مُتَعَلِّمٌ فِي الصَّفِّ الْـخَامِسِ فِي مَدْرَسَتِكُمْ. أَنَا فِي حَاجَةٍ مَاسَّةٍ اِلَى الإِجَازَةِ لِثَلَاثَةِ أَيَّامٍ لِلْحُضُوْرِ فِي حَفْلَةِ زِوَاجِ أُخْتِى مِنْ ٢٠١٨/٢/١٣م اِلٰى ٢٠١٨/٢/١٥م .

فَالرَّجَاءُ مِنْكُمْ اَنْ تَتَكَرَّمُوْا عَلَيَّ بِالْإِجَازَةِ لِلأَيَّامِ الْمَذْكُوْرَةِ وَلَكُمُ الشُّكْرُ الْكَثِيْرُ عَلٰى حُسْنِ تَعَاوُنِكُمْ .

اَلْعَارِضُ

طَالِبُكُمُ الْمُطِيْعُ

مُحَمَّدْ عَزِيْزُ الرَّحْمٰنْ

اَلصَّفُّ الْـخَامِسُ : الرقم ١

٥. اُكْتُبْ عَرِيْضَةً اِلٰى مُدِيْرِ الْمَدْرَسَةِ تَطْلُبُ مِنْهُ الدِّرَاسَةِ مَجَّانًا .

৫. বিনা বেতনে অধ্যয়নের জন্যে মাদরাসার অধ্যক্ষের নিকট একখানা দরখাস্ত লেখ।

التاريخ : ١٥/ ٢/ ٢٠٢م

اِلٰى

مُدِيْرِ الْمَدْرَسَةِ

مَدْرَسَةُ الْكَامِلْ اَلأَمِيْنْ بِبَاغِيَةْ.

بَرِيْسَالْ.

اَلْمَوْضُوْعُ : طَلَبُ الدِّرَاسَةِ مَجَّانًا .

سَيِّدِىْ

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

بَعْدَ أَدَاءِ السَّلَامِ اَلْتَمِسُ إِلَيْكُمْ بِأَنِّىْ طَالِبَةٌ مِنَ الصَّفِّ الْـخَامِسِ فِي هٰذِهِ الْمَدْرَسَةِ وَأَبِيْ فَلَّاحٌ لاَ يُمْكِنُ لَهُ اَنْ يَتَحَمَّلَ تَكَالِيْفَ الدِّرَاسَةِ .

فَأَرْجُوْ اِلٰى خِدْمَتِكُمْ أَنْ تَتَكَرَّمُوْا عَلَيَّ بِعَفْوِ الرُّسُوْمِ كَىْ أَسْتَطِيْعَ أَنْ أَدْرُسَ فِي مَدْرَسَتِكُمْ وَلَكُمُ الشُّكْرُ الْـجَمِيْلُ عَلٰى حُسْنِ تَعَاوُنِكُمْ .

اَلْعَارِضَةُ

طَالِبَتُكُمُ الْمُطِيْعَةُ

تَشْرِيْفَةُ تَحْسِيْنْ (نَافِعَةْ)

الصف : اَلْـخَامِسُ ، الرقم ١

اَلْفَصْلُ الثَّالِثُ : তৃতীয় অনুচ্ছেদ

الإِنْشَاءُ রচনা

١. اَلْقُرْآنُ الْكَرِيْمُ

اَلْقُرْآنُ هُوَ كِتَابُ اللهِ . أَنْزَلَهُ اللهُ تَعَالٰى عَلٰى مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِهِدَايَةِ النَّاسِ. وَهُوَ أَهَمُّ الْكُتُبِ السَّمَاوِيَّةِ الَّتِي يُصَدِّقُ مَا قَبْلَهُ. وَهُوَ دُسْتُوْرٌ كَامِلٌ لِلْحَيَاةِ الإِنْسَانِيَّةِ ، وَفِيْهِ بَيَانٌ لِكُلِّ أَمْرٍ. وَهُوَ يَهْدِيْ النَّاسَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّوْرِ. فَالْقُرْآنُ يَزِيْدُ دَرَجَةَ حَامِلِهِ فِي الْقِرَاءَةِ وَالْبَحْثِ. قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : أَشْرَفُ أُمَّتِيْ حَمَلَةُ الْقُرْآنِ. وَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ. فَعَلَيْنَا أَنْ نَتَمَسَّكَ الْقُرْآنَ الْكَرِيْمَ وَنَعْمَلَ بِهِ.

১. কুরআন কারিম

কুরআন হলো আল্লাহর কিতাব। আল্লাহ তায়ালা উহা মানব জাতির হেদায়াতের জন্য মুহাম্মদ (স)-এর উপর নাযিল করেছেন। এটি সর্বশ্রেষ্ঠ আসমানী কিতাব, যা পূর্ববর্তী সকল কিতাবসমূহ সত্যায়ন করে। এটি মানবজীবনের পরিপূর্ণ সংবিধান। আর এর মধ্যেই সকল বিষয়ের বর্ণনা রয়েছে। এটি মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে পথ দেখায়। সুতরাং কুরআন তাকে বহনকারীর মর্যাদা বৃদ্ধি করে দেয়; তা পড়ায় হোক বা গবেষণায়। নবী করিম (স) বলেছেন, কুরআনের বাহক আমার উম্মতের মধ্যে সবচেয়ে সম্মানিত ব্যক্তি। তিনি আরো বলেন, তোমাদের মধ্যে সর্বোত্তম তিনি, যিনি নিজে কুরআন শিক্ষা করে এবং অপরকে শিক্ষা দেয়। অতএব আমাদের উচিত কুরআনকে আকড়ে ধরা এবং তদানুযায়ী আমল করা।

٢. اَلصَّلاَةُ

اَلصَّلاَةُ هِيَ عِبَادَةٌ مَشْرُوْعَةٌ لِلْمُسْلِمِيْنَ. اَلصَّلاَةُ عِمَادُ الدِّيْنِ ، هِيَ أَعْظَمُ أَرْكَانِ الإِسْلاَمِ بَعْدَ الشَّهَادَتَيْنِ . فُرِضَتِ الصَّلاَةُ فِي لَيْلَةِ الْمِعْرَاجِ خَمْسَ مَرَّاتٍ ، وَهِيَ الْفَجْرُ وَالظُّهْرُ وَالْعَصْرُ وَالْمَغْرِبُ وَالْعِشَاءُ . كَمَا قَالَ اللهُ تَعَالَى : أَقِيْمُوْا الصَّلٰوةَ وَآتُوْا الزَّكَاةَ. وَمَنْ تَرَكَ الصَّلاَةَ مُتَعَمِّدًا فَقَدْ كَفَرَ. وَمَنْ أَقَامَ الصَّلاَةَ فَقَدْ أَقَامَ الدِّيْنَ. فَالصَّلاَةُ مِفْتَاحُ الْـجَنَّةِ. الَّتِي تَنْهَى النَّاسَ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ. فَعَلَيْنَا أَنْ نُقِيْمَ الصَّلاَةَ فِي حَيَاتِنَا.

২. সালাত

নামায হলো সকল মুসলমানের জন্যে প্রবর্তিত একটি ইবাদত। নামায হলো দ্বীনের স্তম্ভ। শাহাদাতাইন-এর পর এটি ইসলামের গুরুত্বপূর্ণ রুকন। মিরাজের রাতে নামাযকে পাঁচবার ফরজ করা হয়েছে। তা হলো- ফজর, যোহর, আসর, মাগরিব ও ইশা। যেমন আল্লাহ তায়ালা বলেন, তোমরা নামায প্রতিষ্ঠা কর আর যাকাত দাও। তাই যে ব্যক্তি নামাযকে ইচ্ছাকৃতভাবে পরিত্যাগ করল সে কুফরী করল। আর যে নামায প্রতিষ্ঠা করল সে দ্বীনকে প্রতিষ্ঠা করল। নামায হলো জান্নাতের চাবিকাঠি, যা অশ্লীল ও খারাপ কাজ থেকে মানুষকে বিরত রাখে। অতএব আমাদের উচিত জীবনে নামায প্রতিষ্ঠা করা।

٣. اَلْعِلْمُ

اَلْعِلْمُ هُوَ الإِدْرَاكُ وَالْمَعْرِفَةُ ، وَهُوَ مَلَكَةٌ يُعْرَفُ بِهِ حَقَائِقُ الأَشْيَاءِ. وَهُوَ قِسْمَانِ ، عِلْمُ الدِّيْنِ وَعِلْمُ الدُّنْيَا. عِلْمُ الدِّيْنِ يَشْتَمِلُ عَلَى عِلْمِ الْقُرْآنِ وَالْـحَدِيْثِ ، وَعِلْمُ الدُّنْيَا الَّذِيْ يَتَعَلَّقُ بِـحُصُوْلِ الدُّنْيَا. كَانَتْ أَوَّلُ كَلِمَةٍ مِنَ اللهِ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَلِمَةُ اِقْرَأْ. قَالَ اللهُ تَعَالَى : (اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ).

فَطَلَبُ الْعِلْمِ فَرِيْضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ وَمُسْلِمَةٍ. وَهُوَ يُهَذِّبُ أَخْلَاقَ النَّاسِ وَيَرْفَعُ الدَّرَجَاتِ. فَعَلَيْنَا نَطْلُبُ الْعِلْمَ بِكُلِّ جَدٍّ وَاجْتِهَادٍ وَأَنْ نَعْمَلَ بِهِ فِي حَيَاتِنَا الْكُلِّيَّةِ.

৩. জ্ঞান

ইলম হলো অনুধাবন করা ও জানা। এটা এমন একটি শক্তি যার মাধ্যমে বস্তুর প্রকৃত অবস্থা জানা যায়। ইলম দু'প্রকার; দ্বীনের ইলম ও দুনিয়ার ইলম। কুরআন ও হাদীস সম্পকীত ইলমকে দ্বীনের ইলম। আর দুনিয়া অর্জনের সাথে সম্পর্কিত ইলমে দুনিয়ার ইলম বলে। আল্লাহ থেকে নবী করিম (স)-এর নিকট প্রথম বাণী ছিল ইক্বরা বা পড়। আল্লাহ তায়ালা বলেন, পড় তোমার প্রভূর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন। সুতরাং ইলম অর্জন করা প্রত্যেক মুসলিম নর-নারীর ওপর আবশ্যক। আর এটা মানুষের চরিত্রকে সৌন্দর্যমণ্ডিত করে এবং পদমর্যাদা বৃদ্ধি করে। অতএব আমাদের উচিৎ ঐকান্তিক চেষ্টা ও সাধনার মাধ্যমে জ্ঞান অর্জন করে জীবনের সব ক্ষেত্রে তা বাস্তবায়ন করা।

٤. اَلنَّظَافَةُ

اَلنَّظَافَةُ هِيَ طَهَارَةُ الْإِنْسَانِ جِسْمَهُ وَلِبَاسَهُ مِنَ النَّجِسِ. وَلَهَا أَهَمِّيَّةٌ كَبِيْرَةٌ فِي حَيَاةِ الْإِنْسَانِ. وَالْإِسْلَامُ أَيْضًا اِهْتَمَّ اِهْتِمَامًا كَثِيْرًا. حَيْثُ لَا تُقْبَلُ الْعِبَادَةُ بِغَيْرِ نَظَافَةٍ وَطَهَارَةٍ. قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : اَلنَّظَافَةُ مِنَ الْإِيْمَانِ. فَالْإِسْلَامُ جَعَلَ الطَّهَارَةَ فَرْضًا لِلصَّلَاةِ وَالطَّوَافِ وَتِلَاوَةِ الْقُرْآنِ الْكَرِيْمِ. وَهِيَ تَحْفَظُ الْإِنْسَانَ مِنَ

الْأَمْرَاضِ ، وَتَجْعَلُهُمْ مَحْبُوْبًا عِنْدَ اللهِ. قَالَ اللهُ تَعَالَى : وَيُحِبُّ الْمُتَطَهِّرِيْنَ. فَعَلَيْنَا أَنْ نُنَظِّفَ أَجْسَامَنَا وَنُطَهِّرَ قُلُوْبَنَا مِنَ الْكُفْرِ وَالشِّرْكِ .

৪. পরিষ্কার পরিচ্ছন্নতা

পরিষ্কার পরিচ্ছন্নতা হলো, মানুষের শরীর ও পোষাকাদি নাপাকী থেকে পবিত্র রাখা। মানবজীবনে এর বিরাট গুরুত্ব রয়েছে। ইসলামও এর প্রতি অধিক গুরুত্বারোপ করেছে। এমনকি পবিত্রতা ছাড়া ইবাদত কবুল হয় না। নবি করিম (স) বলেন, পবিত্রতা ইমানের অংশ। তাই ইসলাম সালাত, তাওয়াফ ও কুরআন তিলাওয়াতের জন্য পবিত্রতাকে আবশ্যক করেছে। এটা মানুষকে রোগ থেকে হেফাজত করে এবং আল্লাহর নিকট নৈকট্য করে তোলে। আল্লাহ বলেন, তিনি পবিত্রতা অবলম্বনকারীদের ভালোবাসেন। অতএব আমাদের উচিৎ আমাদের শরীর পরিষ্কার রাখা এবং কুফরি ও শিরক হতে অন্তরকে পবিত্র রাখা।

٥. حُبُّ الْوَطَنِ

حُبُّ الْوَطَنِ هُوَ مَيْلَانُ الْقَلْبِ لِلْمَكَانِ الَّذِيْ يُوْلَدُ الْإِنْسَانُ فِيْهِ. وَهُوَ أَمْرٌ طَبِيْعِيٌّ خَارِجٌ عَنِ الْكَسْبِ، يَنْشَأُ فِي قَلْبِ الْإِنْسَانِ مُنْذُ الْوِلَادَةِ ، وَيَتَمَكَّنُ فِيْهِ إِلَى الْمَوْتِ. كُلُّ إِنْسَانٍ يُحِبُّ وَطَنَهُ أَكْثَرَ مِنْ وَطَنٍ غَيْرِهِ. اَلْوَطَنُ هُوَ نِعْمَةٌ عَظِيْمَةٌ مِنَ اللهِ ، فَمَنْ شَكَرَ نِعْمَةَ اللهِ فَهُوَ مُؤْمِنٌ ، وَمَنْ كَفَرَ فَلَيْسَ بِمُؤْمِنٍ. فَلِذَا يُقَالُ حُبُّ الْوَطَنِ مِنَ الْإِيْمَانِ . إِنَّ الْوَطَنَ كَالْأُمِّ يُرَبِّيْ مُوَاطِنَهُ وَيُعْطِيْ جَمِيْعَ وَسَائِلِ الْعَيْشِ وَالرَّاحَةِ. فَعَلَيْنَا أَنْ نُحِبَّ الْوَطَنَ وَنَحْفَظَ مِنَ الْمَكْرُوْهَاتِ الدَّاخِلِيَّةِ وَالْخَارِجِيَّةِ.

৫. দেশ প্রেম

স্বদেশ প্রেম হলো ঐ স্থানের জন্যে অন্তরের ঝোঁক যে স্থানে মানুষ জন্মগ্রহণ করে থাকে। স্বদেশ প্রেম হলো স্বভাবজাত বিষয়। এটা উপার্জন করা যায় না। জন্ম থেকে সৃষ্টি হয়ে মৃত্যু পর্যন্ত মানুষের অন্তরে বদ্ধমূল থাকে। প্রত্যেক মানুষই অন্যান্য দেশ থেকে তার নিজ দেশকে ভালোবাসে। মাতৃভূমি আল্লাহ্ তায়ালার এক মহান নিয়ামত। যে ব্যক্তি আল্লাহর নিয়ামতের কৃতজ্ঞতা জ্ঞাপন করল সে মুমিন। আর যে অস্বীকার করলো সে মুমিন নয়। তাই তো বলা হয়ে থাকে – জন্মভূমির ভালোবাসা ঈমানের অঙ্গ। মাতৃভূমি হলো মাতৃতূল্য। সে তার অধিবাসীদেরকে প্রতিপালন করে, জীবনধারণ ও সুখশান্তির সকল উপকরণ সরবারহ্ করে। অতএব আমাদের উচিৎ দেশকে ভালোবাসা এবং ভিতর ও বাহিরের সকল অনিষ্টতা থেকে রক্ষা করা।

٦. اَلْبَقَرَةُ

اَلْبَقَرَةُ هِيَ حَيَوَانٌ أَهْلِيٌّ. وَلَهَا أَرْبَعُ قَوَائِمَ وَذَنَبٌ طَوِيْلٌ حَافِرٌ . وَهِيَ تَأْكُلُ الْعُشْبَ وَالنَّبَاتَاتِ الْمُخْتَلِفَةَ، وَتَشْرَبُ مَاءً كَثِيْرًا . يَزْرَعُ بِهَا الْفَلاَّحُوْنَ وَيَنْقُلُ بِهِ النَّاسُ الأَمْوَالَ مِنَ مَكَانٍ اِلَى مَكَانٍ، وَيَصْنَعُوْنَ بِجِلْدِهِ الْحِذَاءَ وَالْحَقِيْبَةَ وَيَشْرَبُوْنَ لَبَنَ الْبَقَرَةِ . لُحُوْمُ الْبَقَرَةِ أَلَذُّ فِي الأَكْلِ. تُوْجَدُ الْبَقَرَةُ فِي جَمِيْعِ بِلاَدِ الْعَالَمِ كَمَا تُوْجَدُ فِي بَنْغَلاَدِيْش. فَعَلَيْنَا أَنْ نَحْفَظَ هٰذَا الْحَيَوَانَ النَّافِعَ .

৬. গরু

গরু একটি গৃহপালিত পশু। এর চারটি পা এবং লম্বা একটি লেজ আছে। গরু বিভিন্ন উদ্ভিদ ও ঘাস খায় এবং প্রচুর পানি পান করে। কৃষকরা এর সাহায্যে জমি চাষ করে। মানুষ এর সাহায্যে এক স্থান থেকে অন্য স্থানে মালামাল বহন করে। এর চামড়া দ্বারা জুতা ও ব্যাগ তৈরি করে এবং তারা গাভীর দুধ পান করে। গরুর গোশত খেতে খুব সুস্বাদু। বাংলাদেশের ন্যায় বিশ্বের বিভিন্ন দেশে গরু পাওয়া যায়। অতএব আমাদের উচিত আমরা যেন এ উপকারী পশুটিকে সংরক্ষণ করি।

শিক্ষক নির্দেশিকা (প্রথম অংশ)

আরবি আমাদের জন্যে একটি বিদেশি ভাষা। বিদেশি ভাষা শিক্ষণের কাজটির সফলতা অনেকটা কলাকৌশলের উপর নির্ভর করে। কিন্তু আমাদের দেশে আরবি শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও পাঠদান কৌশল শেখানোর জন্য এখনও তেমন কোনো উল্লেখযোগ্য প্রশিক্ষণ না থাকায় আরবি শেখানোর ক্ষেত্রে প্রত্যাশিত ফল অর্জিত হচ্ছে না। তাই শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টা এবং ব্যক্তিগত উদ্ভাবনী পদ্ধতি এবং স্বীয় পড়াশোনার মাধ্যমে অর্জিত কৌশল প্রয়োগ করে আরবি ভাষা শেখানোর ক্ষেত্রে সফলতা আনায়নে চেষ্টা অব্যাহত রাখতে হবে। একজন ভাষা শিক্ষকের জন্যে পাঠদানের ক্ষেত্রে যেসব দিক গুরুত্বসহকারে বিবেচনায় এনে পাঠদান করা কর্তব্য তার কতিপয় দিক ও সাধারণ কলাকৌশল সম্পর্কে নিম্নে তুলে ধরা হলো–

ক. প্রতিদিনের পাঠদানের সময় খেয়াল রাখতে হবে যে, ভাষা শেখানো মানেই হলো শিক্ষার্থীকে ভাষার চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর গুরুত্ব আরোপ করা হলো কিনা। কোনো একটি বা একাধিক দক্ষতা শেখানোর উদ্দেশ্যে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হবে।

খ. বইটি নির্দিষ্ট কর্মদিবসের মধ্যে সমাপ্ত করার জন্য প্রতিটি সেমিষ্টারের জন্য নির্ধারিত অংশটুকু সামনে রেখে শিক্ষক দৈনন্দিন পাঠ পরিকল্পনা (লিখিত/অলিখিত) তৈরি করে পাঠদান করবেন। বছরের শুরু থেকে শেষ পর্যন্ত পাঠদানের গতি সমান রাখতে সচেষ্ট থাকবেন। যদি সময় বেশি পাওয়া যায় সেক্ষেত্রে রিভিশন করানোর মাধ্যমে সময়ের যথাযথ ব্যবহার করবেন।

গ. শ্রেণিকক্ষেই যাতে শিক্ষার্থীরা পাঠ মুখস্থ/বুঝতে পারে সেদিকে বিশেষভাবে যত্নবান হতে হবে। সেজন্যে দলীয় কাজ, যৌথ পাঠ, মুখে মুখে বলানো, জোড়ায় জোড়ায় কাজ ইত্যাদি পদ্ধতি ব্যবহার করতে হবে।

ঘ. বিশুদ্ধ উচ্চারণে ভাষা শেখানো অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দিক। তাই কোনো শিক্ষকের উচ্চারণ যদি সুন্দর না থাকে, তবে তাকে অন্য কোনো শিক্ষকের সহায়তা কিংবা কোনো প্রশিক্ষণ গ্রহণ করার পর আরবি ভাষার ক্লাস নেয়া উচিৎ। কোনোভাবেই শিক্ষার্থীদের ভুল শেখানো যাবে না। শিক্ষার্থী একবার ভুল শিখে ফেললে তা ভবিষ্যতে শোধরানো কঠিন হয়ে পড়ে।

ঙ. আরবি ভাষার ক্লাসে সাধ্যমত আরবি বলার চেষ্টা করতে হবে। আরবি ভাষার ক্লাস সম্পূর্ণটা বাংলা ভাষায় গ্রহণ করা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

চ. আরবি খাতায় স্বাক্ষর দেওয়া, নম্বর দেওয়া, উৎসাহমূলক কোনো কিছু লেখা, মুল্যায়ন মতামত দেওয়া ইত্যাদির সবকিছুই আরবিতে লেখা বাঞ্ছনীয়। বাংলা বা ইংরেজি ব্যবহার দূষণীয়।

ছ. আরবি পাঠদানের জন্য নির্ধারিত পিরিয়ডকে তিনভাগে ভাগ করে পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন। প্রথম পাঁচ মিনিট কুশল/সালাম বিনিময়, শ্রেণি বিন্যাস, বাড়ির কাজ সংগ্রহ, মনোযোগ আকর্ষণ, পূর্বজ্ঞান যাচাই, নতুন পাঠ ঘোষণা ইত্যাদি প্রস্তুতিমূলক কাজে ব্যয় করবেন। দ্বিতীয় অংশে নির্দেশিত পদ্ধতিতে মূলবিষয় পাঠদান করবেন। আর শেষ অংশে পাঁচ মিনিট সময় থাকতে ক্লাসে পাঠদান কার্যক্রমের সমাপ্তি টেনে শিক্ষার্থীরা পাঠটি বুঝতে পারল কিনা তা বিভিন্ন প্রশ্ন ও কাজের মাধ্যমে যাচাই করে দেখবেন অর্থাৎ মূল্যায়ন করবেন। যদি অধিকাংশ শিক্ষার্থী আপনার পাঠ বুঝতে সক্ষম হয় তবে আপনি একজন সফল শিক্ষক বলে মনে করবেন।

জ. ভাষা শেখার চারটি দক্ষতার আলোকে অর্জিত শিখনফলসমূহ শিক্ষার্থীরা যেন অর্জন করতে পারে শিক্ষককে সেজন্য সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

শোনার শিখনফলগুলো শিক্ষার্থীদের দিয়ে অর্জন করানোর লক্ষ্যে শিক্ষক নিজে সুস্পষ্ট উচ্চারণ করবেন এবং শিক্ষার্থীদের দিয়েও অনুশীলন করাবেন। শিক্ষকের বক্তব্য শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনছে কিনা শিক্ষক তা পাঠদানকালে প্রশ্ন করে যাচাই করবেন। একজন শিক্ষার্থীকে পড়তে দিয়ে বা বলতে দিয়ে অন্যরা তা শুনল কিনা প্রশ্ন করে যাচাই করবেন। শ্রেণিকক্ষে ক্যাসেটে রেকর্ডকৃত পাঠ শুনানো যেতে পারে। শুধু শ্রেণিকক্ষে নয়, বিতর্ক, বক্তৃতা, ভাষণ, আলোচনা, অন্যের উপস্থাপিত বক্তব্য, রেডিও, টেলিভিশন, ইন্টারনেট থেকে আরবি ভাষার আলোচনা, কথোপকথন, কুরআন তিলাওয়াত ইত্যাদি ডাউনলোড করে তা মনোযোগ দিয়ে শুনে শিক্ষার্থীদের শোনানোর মাধ্যমে তাদের শোনা দক্ষতা বৃদ্ধিতে চেষ্টা করতে হবে।

বলার শিখনফলগুলো শিক্ষার্থীদের দিয়ে অর্জন করানোর লক্ষ্যে শিক্ষক শ্রেণিকক্ষে শুদ্ধ উচ্চারণে কথা বলবেন এবং শিক্ষার্থীদেরকে বক্তৃতা, আলোচনা, অভিজ্ঞতার বর্ণনা ও গল্প বলা ইত্যাদিতে অংশগ্রহণ করার সুযোগ করে দিবেন। শ্রেণিকক্ষে বলার পরিবেশ তৈরি করবেন। শিক্ষার্থীরা বলতে গিয়ে ভুল করলেও উৎসাহিত করবেন। বলায় অভ্যস্থ হয়ে গেলে একপর্যায়ে ভুল শুদ্ধ হয়ে যাবে। বলার জন্য শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় কিংবা দলীয়ভাবে আরবিতে বলতে বাধ্য করবেন। বিশেষ করে কথোপকথনের পাঠটি শেখানোর সময় বলা দক্ষতা অর্জনের ব্যাপারে শিক্ষক সর্বাধিক গুরুত্বারোপ করবেন। প্রত্যেক শিক্ষার্থীকে কোনো না কোনো পর্যায় বলার জন্য বাধ্য করবেন।

পড়ার শিখনফলগুলো শিক্ষার্থীদের দিয়ে অর্জন করানোর লক্ষ্যে শিক্ষক সরবে শুদ্ধ উচ্চারণে গদ্য পাঠ, ছন্দ অনুযায়ী কবিতার আবৃত্তি ছাড়াও নীরবে দ্রুত কোনো বিষয় পড়ে মর্মোপলব্ধি করার জন্য শিক্ষার্থীদের অনুশীলন করাবেন। শিক্ষার্থীরা পড়ে শব্দভান্ডার বাড়াবে এবং নতুন পঠিত শব্দাবলি দিয়ে বাক্য নির্মাণ কৌশল শিখবে। শিক্ষার্থীরা পাঠ্য বিষয় ছাড়াও বই-পুস্তক, পত্র-পত্রিকা ইত্যাদি পড়ার ব্যাপারে যেন অভ্যস্থ হয়ে উঠে শ্রেণিকক্ষে তা অনুশীলন করাবেন এবং বাড়িতে অনুশীলন করার কাজ দিবেন।

লেখার শিখনফলগুলো শিক্ষার্থীদের দিয়ে অর্জন করানোর লক্ষ্যে শিক্ষক পাঠ সংশ্লিষ্ট কোনো নির্বাচিত বিষয় দেখে দেখে লিখতে বলবেন (নাসখ করাবেন) কিংবা মাঝে মাঝে ইমলা বা শ্রুতলিপি করাবেন। লেখাগুলো শুদ্ধ করে দিবেন। কোনো কোনো বিষয় সম্পর্কে সুনির্দিষ্ট আয়তনে নিজের মতো করে লিখতে দেবেন। লেখার আগ্রহ সৃষ্টির জন্য উৎসাহিত করবেন। চিঠিপত্র, আবেদনপত্র সঠিক আঙ্গিকে ও ভাষা অনুযায়ী যেন লিখতে পারে সে বিষয়ে শিক্ষক নমুনাপত্র দেখিয়ে দিবেন। সুনির্দিষ্ট সময়ে সুনির্দিষ্ট আয়তনে শিক্ষার্থীরা যেন লিখতে পারে সেজন্য শ্রেণিকক্ষে সময় নির্ধারণ করে দিয়ে শিক্ষক কোন বিষয়ে লেখার অনুশীলন করাবেন। বাড়িতে লেখার জন্য এমন বিষয়ে এ্যাসাইনমেন্ট দিবেন, যা কোনো নোটবই বা গাইড বইতে পাওয়া না যায়। প্রতিষ্ঠানের পক্ষ থেকে বিশেষ সময়কে সামনে রেখে ম্যাগাজিন/ দেয়ালিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করে তাতে শিক্ষার্থীদের লিখতে উৎসাহিত করবেন। শিক্ষার্থীরা ভুল লিখলেও তাদের কোনোভাবেই ভর্ৎসনা করা যাবে না। এভাবে স্বাধীন লেখার অভ্যাস করানোর মাধ্যমে শিক্ষার্থীকে লেখক হিসেবে তৈরি করতে হবে। লেখা যাতে সুন্দর হয় এবং দ্রুত লিখতে পারে সেজন্য ইমলা করানোর পাশাপাশি বাড়ির কাজ বেশি দিবেন।

ঝ. প্রয়োজনীয় উপকরণ ব্যবহার করা পাঠদান সফল করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই প্রত্যেক শিক্ষককে উপকরণ তৈরি ও ব্যবহারে যত্নবান হতে হবে। বিশেষ উপকরণের পাশাপাশি নিম্নোক্ত সাধারণ উপকরণাদি শ্রেণিকক্ষে ব্যবহার করতে চেষ্টা করতে হবে।

পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা, বোর্ড, চক/মার্কার কলম, ডাস্টার, VIP কার্ড, পোস্টার পেপার, ওভার হেড প্রজেক্টর, ট্রান্সপারেন্সি শীট, অডিও ক্যাসেট প্লেয়ার, ভিডিও সেট, মাল্টিমিডিয়া প্রজেক্টর, কম্পিউটার, সিডি/ডিভিডি, নির্দেশক কাঠি, মানচিত্র, চার্ট, রেডিও, টেলিভিশন, আরবি-ইংরেজি, আরবি-বাংলা ও বাংলা-আরবি অভিধান, দেশি-বিদেশি আরবি পত্রিকা, পাঠ সংশ্লিষ্ট সহায়ক গ্রন্থসমূহ, ল্যাংগুয়েজ ল্যাব ইত্যাদি বস্তু উপকরণ হিসেবে ব্যবহারে সচেষ্ট হবেন। আল্লাহ আমাদের সহায় হোন।

শিক্ষক নির্দেশিকা (দ্বিতীয় অংশ)

শিক্ষাক্রম ও পাঠ্যবই যতই ভাল হোক না কেন তার উদ্দেশ্য সাধন অনেকাংশে শিক্ষকের উপর নির্ভরশীল। তাই বইটি পাঠদানের ক্ষেত্রে একজন শিক্ষক নিম্নবর্ণিত কতগুলো বিষয়ে যত্নবান হবেন বলে আশা করি।

* সর্বপ্রথম সিলেবাস বা পাঠ্যসূচি ভালভাবে পড়ে নিবেন।
* বছরের শুরুতেই বইটির শুরু থেকে শেষ পর্যন্ত একবার পড়বেন।
* বইটিতে মোট পাঁচটি বাব বা অধ্যায় রয়েছে। ছরফ, নাহু, অনুবাদ, চিঠি ও আবেদন পত্র এবং ইনশা। প্রত্যেক সেমিস্টারে ৫টি বাব থেকে যৌক্তিক অংশ পাঠদান করার জন্য বছরের শুরু থেকেই পাঠ পরিকল্পনা গ্রহণ করে পাঠদান করতে হবে।
* ছরফের ক্লাসে তাহকীক এবং নাহু ও অনুবাদের ক্লাসে সাধ্যমত তারকীবের গুরুত্ব দেবেন।
* শিক্ষার্থীর পাঠ বুঝার প্রতি সর্বাধিক গুরুত্বারোপ করবেন। প্রয়োজনীয় বিষয়গুলো মুখস্ত করাবেন।
* কাওয়াইদ অংশের প্রত্যেকটি পাঠ পড়ানোর জন্য প্রথমত উদাহরণগুলো এমনভাবে বুঝাবেন, যাতে শিক্ষার্থীরা প্রদত্ত কাওয়াইদ সহজে চিনতে ও বুঝতে পারে। অতঃপর কাওয়াইদ সুন্দরভাবে উপস্থাপন করে সাধ্যমত বইয়ে প্রদত্ত উদাহরণের বাইরেও উদাহরণ বোর্ডে লিখে বুঝানোর চেষ্টা করবেন।
* নিয়ম (قاعدة) বুঝানো ও আলোচনার পর শিক্ষার্থীদেরকে নিজেদের পক্ষ থেকে উদাহরণ পেশ করতে বলবেন।
* এমন কিছু বাড়ির কাজ দেবেন যাতে শিক্ষার্থীদের সৃজনশীল ও উদ্ভাবন করার মত দক্ষতা তৈরি হয়।
* কুরআন ও হাদীসের উদাহরণ ব্যবহার করার প্রতি অভ্যাস তৈরি করতে সচেষ্ট হবেন।
* শিক্ষার্থীদের এমনভাবে ক্লাস ওয়ার্ক ও হোম ওয়ার্ক দেবেন যাতে তারা স্বতঃস্ফূর্তভাবে কাজ সম্পাদন করে।
* বেশি বেশি ব্লাকবোর্ড ব্যবহারের মাধ্যমে সহজভাবে পাঠ উপস্থাপন করবেন।
* আরবি ব্যাকরণ এর ক্লাসে মাঝে মধ্যে আরবি ভাষার বই ব্যবহার করবেন এবং তা থেকে নির্দিষ্ট قاعدة বের করতে বলবেন।
* শিক্ষার্থীদের উৎসাহদান করে পড়াবেন।

সমাপ্ত

২০২৫

২০২৫ শিক্ষাবর্ষের জন্য, পঞ্চম শ্রেণি–আরবি

বিদ্বানের কলমের কালি শহিদের রক্তের চেয়েও পবিত্র।

– আল হাদিস

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য।